# বার্ষিক প্রতিবেদন ২০২১


বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

# বার্ষিক প্রতিবেদন ২০২১

## বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

### পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

### পরিকল্পনা মন্ত্রণালয়

উপদেষ্টা

জনাব এম.এ. মান্নান, এমপি
মাননীয় মন্ত্রী
পরিকল্পনা মন্ত্রণালয়

ড. শাহনাজ আরেফিন, এনডিসি

সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

সার্বিক তত্ত্বাবধান

**মোহাম্মদ তাজুল ইসলাম**

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

## সম্পাদনা পরিষদ

| | |
|---|---|
| **জনাব কাজী নূরুল ইসলাম**<br>উপমহাপরিচালক, বিবিএস | **আহ্বায়ক** |
| **জনাব আবুল কালাম আজাদ**<br>পরিচালক, ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং | সদস্য |
| **জনাব আলাউদ্দিন আল আজাদ**<br>পরিচালক, এগ্রিকালচার উইং | সদস্য |
| **জনাব কবির উদ্দিন আহাম্মদ**<br>পরিচালক, এস এস টি আই | সদস্য |
| **জনাব মোহাম্মদ আবদুল কাদির মিয়া**<br>পরিচালক , সেন্সাস উইং | সদস্য |
| **জিয়াউদ্দীন আহমেদ**<br>পরিচালক, ন্যাশনাল একাউন্টিং উইং | সদস্য |
| **জনাব মো: মাসুদ আলম**<br>পরিচালক (উপ-সচিব), ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং | সদস্য |
| **(পদশূণ্য)**<br>পরিচালক, কম্পিউটার উইং | সদস্য |
| **জনাব মো: এমদাদুল হক**<br>পরিচালক, এফএ এন্ড এমআইএস উইং | সদস্য -সচিব |


সংগ্রহ, সংকলন ও সংশোধন: জনাব মো: আমিনুল ইসলাম, উপপরিচালক; জনাব তাহমিনা বিনতে মোস্তফা, পরিসংখ্যান কর্মকর্তা; জনাব মো: সাইফুল ইসলাম, পরিসংখ্যান কর্মকর্তা; জনাব ইশরাত তাসফিয়া ইসলাম, পরিসংখ্যান তদন্তকারী; জনাব আকরিমা খাতুন, পরিসংখ্যান তদন্তকারী; জনাব কানিজ ফাতেমা, পরিসংখ্যান তদন্তকারী; জনাব জেসমিন আক্তার, ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর; জনাব মুকুল কবিরাজ, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক; বিবিএস।

প্রচ্ছদ: মো: মাসুম বিল্লাহ, প্রকাশনা শাখা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

প্রকাশকাল: মার্চ ২০২২ খ্রি.

মুদ্রণ: প্রকাশনা শাখা
এফএ এন্ড এমআইএস উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।



## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুদূরপ্রসারী চিন্তা ও দিক-নির্দেশনায় ১৯৭৪ সালের আগস্ট মাসে বিভিন্ন মন্ত্রণালয়ের অধীনে থাকা ৪টি পরিসংখ্যান অফিস যথা পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন 'পরিসংখ্যান ব্যুরো', কৃষি মন্ত্রণালয়ের অধীন 'কৃষি পরিসংখ্যান ব্যুরো' ও 'কৃষি শুমারি কমিশন' এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন 'আদমশুমারি কমিশন'-কে একীভূত ও পুর্ণবিন্যস্ত করে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (Bangladesh Bureau of Statistics) প্রতিষ্ঠা করা হয়।

মন্ত্রী
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাণী

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) 'বার্ষিক প্রতিবেদন ২০২১' প্রকাশের উদ্যোগ নিয়েছে জেনে আমি আনন্দিত। বার্ষিক প্রতিবেদন প্রতিটি প্রতিষ্ঠান/সংস্থার সার্বিক কর্মকাণ্ডের স্বচ্ছতা এবং জবাবদিহিতার প্রতিচ্ছবি। বিগত ২০২১ সালে সম্পাদিত কর্মকাণ্ডের একটি সামগ্রিক ধারণা উপস্থাপনের প্রচেষ্টা হলো 'বার্ষিক প্রতিবেদন ২০২১'। এ প্রতিবেদন প্রকাশনার উদ্যোগকে আমি স্বাগত জানাই। এ প্রতিবেদনের মাধ্যমে বিবিএস এর কার্যক্রমের সার্বিক ধারণা পাওয়া যাবে।

বর্তমানে সরকারের অঙ্গীকার রূপকল্প-২০২১ ও ২০৪১, অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) এবং ব-দ্বীপ পরিকল্পনা-২১০০ বাস্তবায়নে বিবিএস নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সরকারের পরিকল্পনা প্রণয়ন, উন্নয়নে অগ্রগতি সাধন, দারিদ্র বিমোচন, ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণ, উদ্যোক্তা তৈরী ও বেকারত্ব দূরীকরণ ইত্যাদিতে নির্ভুল এবং সময়োপযোগী পরিসংখ্যানের কোন বিকল্প নেই। জাতীয় পরিকল্পনা প্রণয়ন ও আর্থ সামাজিক উন্নয়নে পরিসংখ্যানের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। সঠিক পরিসংখ্যানই কার্যকর পরিকল্পনা প্রণয়নের পূর্বশর্ত। অর্থনৈতিক, জনমিতিক, সামাজিক সকল ক্ষেত্রে পরিমানগত ও গুনগত পরিমাপে পরিসংখ্যানের ব্যাপক ব্যবহার পরিলক্ষিত হয়। দেশকে উন্নয়নশীল রাষ্ট্র থেকে উন্নত রাষ্ট্রে পরিনত করতে প্রতিটি সেক্টরে নির্ভুল ও সময়ানুগ পরিসংখ্যানের প্রয়োগ নিশ্চিত করতে হবে।

বিশ্বায়নের যুগে পারিসংখ্যানিক তথ্যের গুরুত্ব উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। বাংলাদেশ সরকারের জাতীয় পরিসংখ্যান সংস্থা (NSO) হিসেবে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো আগামীতে আরো যুগোপযোগী এবং বিশ্বমানের পরিসংখ্যান কার্যক্রম বাস্তবায়ন করবে বলে আমি আশা করছি।

'বার্ষিক প্রতিবেদন ২০২১' প্রণয়নের উদ্যমী কর্মপ্রয়াসের সাথে জড়িত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করছি।

মার্চ, ২০২২

এম.এ.মান্নান, এমপি

সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

# বাণী

সরকারি বিভিন্ন সংস্থা কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদনের মাধ্যমে তাদের কার্যাবলী সম্পর্কে সামগ্রীক ধারনা লাভ করা সম্ভব হয়। তাই বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো হতে প্রকাশিত বার্ষিক প্রতিবেদন সরকারি কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতার প্রতিফলন। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ০১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর, ২০২১ সময়ের কার্যক্রমের উপর 'বার্ষিক প্রতিবেদন ২০২১' প্রকাশের উদ্যোগ নিয়েছে। এ প্রতিবেদনের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক, কৃষি, জনসমষ্টি, জনস্বাস্থ্য, শিল্প, ব্যবসা-বাণিজ্য, পরিবেশসহ সার্বিক বিষয়ে সম্যক অগ্রগতির ধারণার একটি চিত্র পাওয়া যাবে। এছাড়া দেশের সঠিক পরিকল্পনা প্রণয়ন, উন্নয়ন ও অগ্রগতির পরিবীক্ষণ ও মূল্যায়নের জন্য এবং সর্বোপরি, বিশ্বায়নের টেকসই উন্নয়ন অগ্রগতির মাপকাঠিতে দেশের অবস্থান যাচাইয়ের নিয়ামক হিসেবে সঠিক পরিসংখ্যানের বিকল্প নেই। এ কাজে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ক্রমবর্ধমান সম্প্রসারিত সরকারি পরিসংখ্যান প্রস্তুতের ক্ষেত্রে একমাত্র সরকারি সংস্থা হিসেবে গত এক বছরে অর্জিত অসংখ্য গুরুত্বপূর্ণ কার্যক্রমকে এ প্রতিবেদনে তুলে ধরা হয়েছে।

বর্তমান সরকরের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা ২০১২ সালে পরিসংখ্যান ব্যবস্থাকে আরো সুসংহত ও গণমুখী করার লক্ষ্যে গুরুত্বপূর্ণ কার্যাবলীর দায়িত্ব দিয়ে তিনি বিস্তৃত পরিসরে পুন:প্রতিষ্ঠা করেন 'পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ'। টেকসই উন্নয়ন অভীষ্ট (Sustainable Development Goals-SDGs) বাস্তবায়ন পরিবীক্ষণে তথ্য উপাত্ত সমন্বয়ে বিবিএস পরিসংখ্যানকে যথাযথ গুরুত্ব প্রদানসহ একটি 'নতুন তথ্য বিপ্লব' (New Data Revolution) এর আহ্বান জানানো হয়েছে। সে লক্ষ্যকে সামনে রেখে মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি (NDCC) কার্যক্রম পরিচালিত হচ্ছে। বাংলাদেশের জনসংখ্যা, কৃষি, শিল্প, আর্থ-সামাজিক বিষয়াদি, প্রাকৃতিক সম্পদ, পরিবেশ ইত্যাদি সংক্রান্ত সঠিক ও নির্ভুল পরিসংখ্যান কার্যক্রমকে গতিশীল, সমন্বিত, লক্ষ্যভিত্তিক এবং সংরক্ষণে বিবিএস সার্বিক চেষ্টা করে যাচ্ছে। জাতীয় উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে মানসম্মত তথ্য প্রদানের নিমিত্ত বিবিএস অনেক গুরুত্বপূর্ণ শুমারি এবং জরিপ কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে। বিবিএস জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের বিশাল কর্মযজ্ঞ ২০২২ এর মধ্যে সম্পন্নের জন্য যথাযথভাবে প্রস্তুতিমূলক কার্যক্রম শুরু করেছে। বর্তমান বিশ্বে সরকারি ও বেসরকারি পরিকল্পনা প্রণয়ন, উন্নয়ন প্রকল্প গ্রহণ, বাস্তবায়ন ও মূল্যায়নের ক্ষেত্রে পরিসংখ্যানের গুরুত্ব উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর যে সকল কর্মকর্তা/কর্মচারি বার্ষিক প্রতিবেদন প্রকাশে সম্পৃক্ত রয়েছেন তাদের সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই।

মার্চ, ২০২২ খ্রি.

ড.শাহনাজ আরেফিন

মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

# মুখবন্ধ

তথ্য ভিত্তিক ও টেকসই উন্নয়ন পরিকল্পনা একটি দেশের সার্বিক উন্নয়নের চাবিকাঠি। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর হাতে জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো গঠিত হবার পর থেকেই দেশের শিক্ষা, স্বাস্থ্য, অর্থনীতি, জনমিতি, কৃষি, নারী উন্নয়ন, মানবসম্পদ, পরিবেশ ইত্যাদি ক্ষেত্রে উন্নয়ন ও গবেষণার জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো অফিসিয়াল পরিসংখ্যান সরবরাহ করে আসছে। এ সংস্থা দেশে প্রতি দশ বছর অন্তর অন্তর জনশুমারি, অর্থনৈতিক শুমারি ও কৃষি শুমারি পরিচালনাসহ দেশের আর্থ-সামাজিক প্রায় সকল ক্ষেত্রে প্রয়োজনীয় বিভিন্ন জরিপ পরিচালনা করে। বিবিএস এর সবচেয়ে গুরুত্বপূর্ণ ও বৃহত্তম কার্যক্রম 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' প্রকল্পটি এ অর্থ বছরেই অনুষ্ঠিত হবে। উল্লেখ্য ২০২১-২২ অর্থ বছরে বিবিএস কর্তৃক ১২টি উন্নয়ন প্রকল্পের কার্যক্রম অব্যাহত রয়েছে।

বার্ষিক প্রতিবেদন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) একটি নিয়মিত প্রকাশনা। গত ২০২১ খ্রি. সময়ে বিবিএস এর যাবতীয় কর্মকান্ডের সমন্বয়ে এ প্রতিবেদন প্রকাশিত হচ্ছে। এ ধরণের উদ্যোগ জনগণের কাছে সরকারের স্বচ্ছতা ও জবাবদিহিতা সুনিশ্চিত করে থাকে।

জাতীয় পরিসংখ্যান সংস্থা (এনএসও) হিসেবে বিবিএস শুমারির পাশাপাশি জনমিতি, জনস্বাস্থ্য, সামাজিক, অর্থনৈতিক, কৃষি, শিল্প, ব্যবসা-বাণিজ্য, পরিবেশ, জলবায়ু পরিবর্তন, দুর্যোগ প্রভৃতির তথ্য-উপাত্ত সংগ্রহ, সংকলন, প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণসহ সঠিক ও সময়োপযোগী পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ করে আসছে। দেশের পঞ্চবার্ষিকী পরিকল্পনা, রূপকল্প ২০২১, রূপকল্প ২০৪১, টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি), ব-দ্বীপ পরিকল্পনা ২১০০ প্রভৃতির বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণে সঠিক ও নির্ভুল পরিসংখ্যানের বিকল্প নেই। কোভিড-১৯ জনিত প্রতিকূল পরিবেশ থাকা সত্ত্বেও এ ধরণের গুরুত্বপূর্ণ কাজে বিবিএস সম্প্রসারিত পরিসংখ্যান প্রস্তুতের ক্ষেত্রে নিরলসভাবে কাজ করছে।

পরিসংখ্যান কার্যক্রমের উন্নয়নে এদেশের প্রথিতযশা পরিকল্পনাবিদ, গবেষক, অর্থনীতিবিদ, পরিসংখ্যানবিদ, সমাজবিজ্ঞানী ও উন্নয়নকর্মীসহ সংশ্লিষ্ট অংশীজনের সাথে মতবিনিময়ের মাধ্যমে পারস্পরিক অংশীদারিত্বের মাধ্যমে সময়োপযোগী পরিসংখ্যান প্রস্তুত করার বিষয়টিকে অগ্রাধিকার দেয়া হচ্ছে। বর্তমানে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের দিক-নির্দেশনা ও তত্ত্বাবধানে বিবিএস কর্তৃক সম্পাদিত কার্যাবলী আন্তর্জাতিক অঙ্গনে প্রশংসিত হচ্ছে। এজন্য মাননীয় পরিকল্পনামন্ত্রী, পরিকল্পনা প্রতিমন্ত্রী, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সর্বোপরি বিবিএস এর সকল কর্মকর্তা/কর্মচারি এবং শুভানুধ্যায়ীদের প্রতি আমি আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করছি। এ প্রতিবেদন প্রকাশে তথ্য সংগ্রহ, সংকলন এবং মুদ্রণে সহযোগিতা প্রদানের জন্য সম্পৃক্ত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করছি।

মার্চ, ২০২২ খ্রি.

মোহাম্মদ তাজুল ইসলাম

# সূচিপত্র


| বিবরণ | পৃ. নং |
|---|---|
| ১.০ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) ........................................ | 01 |
| ১.১ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কার্যাবলি........................................ | 01 |
| ১.২ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর জনবল........................................ | 02 |
| ১.৩ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সাংগঠনিক কাঠামো........................................ | 02 |
| ১.৪ রূপকল্প ২০২১ ও ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে বিবিএস এর কার্যক্রম........................ | 02 |
| ১.৫. বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর প্রধান প্রধান শুমারি ও জরিপ সংক্রান্ত কার্যক্রম: ...................... | 05 |
| ১.৬ নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের ক্ষেত্রে বিদ্যমান সমস্যা/চ্যালেঞ্জ ...................................... | 06 |
| ১.৭ ভবিষ্যত লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ-এর বিবেচনায় গুরুত্বপূর্ণ/সুপারিশ .. | 06 |
| ১.৮ উইং ভিত্তিক কার্যক্রমের বিবরণ ........................................ | 07 |
| ২.০ এগ্রিকালচার উইং ........................................ | 07 |
| ২.১ এগ্রিকালচার উইং এর জনবল সংখ্যা........................................ | 07 |
| ২.২ ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থ বছরে ৬টি প্রধান ফসল (আউশ, আমন, বোরো, গম, আলু ও পাট) এর আবাদি জমির পরিমাণ ও উৎপাদনের হিসাব........................................ | 07 |
| ২.৩ ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থ বছরে ১৪০ টি অ-প্রধান ( ১৩টি গ্রুপ) ফসলের অধীন আবাদি জমির পরিমাণ ও উৎপাদন হিসাব | 08 |
| ২.৪ কৃষি মজুরি হার........................................ | 10 |
| ২.৫ ভূমি ব্যবহার ও সেচ পরিসংখ্যান........................................ | 11 |
| ২.৬ এগ্রিকালচার উইং কর্তৃক সম্পাদিত অন্যান্য কার্যক্রম........................................ | 11 |
| ২.৭ এগ্রিকালচার প্রকাশিত বইয়ের তালিকা .......... | 11 |
| ৩.০ সেন্সাস উইং........................................ | 11 |
| ৩.১ সেন্সাস উইং-এর কার্যাবলী........................................ | 12 |
| ৩.২ সেন্সাস উইং-এর জনবল | 12 |
| ৩.৩ পরিসংখ্যান আইন, ২০১৩-এর ধারা-১১ অনুযায়ী 'সংস্থা কর্তৃক পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ বিধিমালা, ২০১৪' অনুযায়ী ২০১৭ সালে প্রদত্ত অনাপত্তি সনদের তালিকা ........................................ | 12 |
| ৩.৪ সেন্সাস উইং- এর আওতায় চলমান প্রকল্পসমূহের বিবরণ | 13 |
| ৪.০ কম্পিউটার উইং........................................ | 14 |
| ৪.১ কম্পিউটার উইং এর উল্লেখযোগ্য কার্যাবলি ........................................ | 14 |
| ৪.২ কম্পিউটার উইং এর জনবল........................................ | 14 |
| ৪.৩ কম্পিউটার উইংয়ের চলমান প্রকল্প ........................................ | 14 |
| ৪.৪ কর্মকর্তা/কর্মচারীর বিদেশ ভ্রমণ........................................ | 15 |
| ৪.৫ দেশে প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যাবলি ........................................ | 15 |
| ৪.৬ ডাটা বিক্রয় সংক্রান্ত তথ্য ........................................ | 16 |
| ৪.৭ কম্পিউটার উইং এর অর্জন ........................................ | 17 |
| ৪.৮ জাতীয় শুদ্ধাচার সংক্রান্ত তথ্য ........................................ | 18 |
| ৫.০ ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং ........................................ | 18 |
| ৫.১ ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং এর কার্যাবলি ........................................ | 19 |
| ৫.২ ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং এর আওতায় চলমান প্রকল্পসমূহের তালিকা ......... | 24 |
| ৫.৩ ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং এর উল্লেখযোগ্য অর্জন........................................ | 26 |
| ৫.৪ ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং এর ভবিষ্যৎ পরিকল্পনার উল্লেখযোগ্য দিক .................. | 27 |
| ৬.০ ফিন্যান্স, অ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম উইং.............. | 28 |
| ৬.১ এফএ এন্ড এমআইএস এর শাখাসমূহ ........................................ | 28 |
| ৬.১.১ প্রশাসন শাখা........................................ | 28 |

| বিবরণ | পৃ. নং |
|---|---|
| ৬.১.২ বিনিক শাখা ............................... | 29 |
| ৬.১.৩ সমন্বয় শাখা ................................ | 29 |
| ৬.১.৪ বাজেট শাখা .................................... | 30 |
| ৬.১.৫ অডিট শাখা ................................ | 30 |
| ৬.১.৬ প্রকাশনা শাখা ........................ | 31 |
| ৬.১.৭ বিবিএস লাইব্রেরি............................ | 33 |
| ৭.০ ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং .................................... | 34 |
| ৭.১ ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং এর কার্যাবলি ..................... | 34 |
| ৭.২ ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং এর সমাপ্ত কার্যক্রমের বিবরণ.................................................... | 34 |
| ৭.৩ ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং এর চলমান কার্যক্রমের বিবরণ.................................... | 36 |
| ৮.০ ন্যাশনাল অ্যাকাউন্টিং উইং........................................... | 40 |
| ৮.১ জাতীয় আয় শাখা........................................ | 40 |
| ৮.২ মূল্য ও মজুরী শাখা.................................. | 42 |
| ৮.৩ ন্যাশনাল অ্যাকাউন্টিং উইং এর চলমান প্রকল্পসমূহ............................... | 43 |
| ৮.৪ ন্যাশনাল অ্যাকাউন্টিং উইং এর চলমান কর্মসূচিসমূহ.......................................... | 43 |
| ৯.০ স্ট্যাটিসটিক্যাল স্টাফ ট্রেনিং ইনস্টিটিউট .................................... | 43 |
| ১০.০ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ..................................... | 48 |
| ১০.১ কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি ২০১৮ প্রকল্প..................................... | 48 |
| ১০.২ জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প................................................... | 49 |
| ১০.৩ ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ.................................... | 57 |
| ১০.৪ স্ট্রেনদেনিং স্ট্যাটিসটিক্যাল ক্যাপাসিটি অব বিবিএস ফর কালেকটিং ডাটা অন পপুলেশন এন্ড ডেভলপমেন্ট প্রকল্প | 58 |
| ১০.৫ শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন শীর্ষক প্রকল্প............................. | 60 |
| ১০.৬ টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে প্রায়োগিক সাক্ষরতা নিরুপন জরিপ শীর্ষক প্রকল্প................................ | 62 |
| ১০.৭ মনিটরিং দ্যা সিচুয়েশন অব ভাইটাল স্ট্যাটিস্টিকস অব বাংলাদেশ (এমএসভিএসবি) (৩য় পর্যায়) প্রকল্প........ | 63 |
| ১০.৮ জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০১৯ প্রকল্প.................................. | 64 |
| ১০.৯ জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধনকরণ তথ্যের সাথে মৌলিক জনতাত্ত্বিক পরিসংখ্যান (ভাইটাল স্ট্যাটিস্টিকস) উৎপাদন এর সংযোগ সৃষ্টিকরণ (সিআরভিএস) প্রকল্প | 66 |
| ১০.১০ হাউজহোল্ড ইনকাম এন্ড এক্সপেন্ডিচার সার্ভে (HIES) ২০২০-২১ প্রকল্প | 67 |
| ১০.১১ ইমপ্রুভমেন্ট অব জিডিপি কম্পাইলেশন এন্ড রিবেজিং অব ইন্ডিসিস প্রকল্প | 72 |
| ১০.১২ পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান শক্তিশালীকরণ (ইসিডিএস) প্রকল্প | 75 |
| ১০.১৩ জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (NSDS) ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট | 79 |
| ১১.০ এসডিজি সেল | 87 |
| ১২.০ প্ল্যানিং অ্যান্ড ডেভেলপমেন্ট সেল .......................... | 91 |
| ১৩.০ পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান (ইসিডিএস) সেল | 91 |
| পরিশিষ্ট ১: বিবিএস বিভিন্ন অনুষ্ঠানের গুরুত্বপূর্ণ আলোকচিত্র......... | 99 |
| | |

# Acronyms

| | |
|---|---|
| BARI | Bangladesh Agriculture Research Institute |
| BBS | Bangladesh Bureau of Statistics |
| BCPC | Bangladesh Central Product Classification |
| BFDES | Bangladesh Framework for Development of Environmental Statistics |
| BIDS | Bangladesh Institute of Development Studies |
| BMPI | Building Material Price Index |
| BRAC | Building Resources Across Countries (Formerly Bangladesh Rural Advancement Committee |
| BSCO | Bangladesh Standard Classification of Occupation |
| BU | BRAC University |
| CAPI | Computer Assisted Personal Interviewing |
| CEGIS | Center for Environmental and Geographic Information Service |
| CPC | Central Product Classification |
| CPI | Consumer Price Index |
| CUMNSB | Census on Undocumented Myanmar Nationals Staying in Bangladesh |
| DAE | Department of Agriculture Extension |
| DHS | Demography and Health Survey |
| EU | European Union |
| FAO | Food and Agriculture Organization |
| GDP | Gross Domestic Product |
| GIS | Geographic Information System |
| HIES | Household Income and Expenditure Survey |
| HRI | House Rate Index |
| ICCHL | Impact on Climate Change in Human Life |
| ICDDR,B | International Centre for Diarrhoeal Disease Research, Bangladesh |
| ICR | Intelligent Character Recognition |
| IFPRI | International Food Policy Research Institute |
| IGC | International Growth Center |
| IMR | Infant Mortality Rate |
| IMPS | Integrated Multi-Purpose Sampling |
| IRRI | International Rice Research Institute |
| ISRT | Institute of Statistical Research and Training |
| KOICA | Korea International Cooperation Agency |
| MDG | Millennium Development Goal |
| MDS | Master of Development Studies |
| MICS | Multiple Indicator Cluster Survey |
| MMR | Maternal Mortality Rate |
| MoU | Memorandum of Understanding |
| MPH | Masters in Public Health |
| MSVSB | Monitoring the Situation of Vital Statistics of Bangladesh |
| MTBF | Medium Term Budget Framework |
| NHD | National Household Database |
| NPR | National Population Register |
| NSDS | National Strategy for the Development of Statistics |
| NSO | National Statistical Organization |
| PEC | Post Enumeration Check |
| PMIS | Personal Management Information System |
| PMT | Proxy Mean Test |

| | |
|---|---|
| PPI | Producer Price Index |
| PPP | Purchasing Power Parity |
| PPRC | Power and Participation Research Centre |
| PSU | Primary Sampling Unit |
| QIIP | Quantum Index of Industrial Production |
| SAARC | South Asian Association for Regional Cooperation |
| SDG | Sustainable Development Goal |
| SEEA | System of Environmental Economic Accounts |
| SESRIC | Statistical, Economic and Social Research and Training Centre for Islamic Countries |
| SIAP | Statistical Institute for Asia and the Pacific |
| SID | Statistics and Informatics Division |
| SNA | System of National Accounts |
| SPARRSO | Space Research and Remote Sensing Organization |
| SSNP | Social Safety Net Program |
| STATA | Statistical Analysis |
| SVRS | Sample Vital Registration System |
| TFR | Total Fertility Rate |
| TVET | Technical and Vocational Educational Training |
| UISC | Union Information Service and Centre |
| UNESCAP | UN Economic and Social Commission for Asia and the Pacific |
| UNESCO | United Nations Educational Scientific and Cultural Organization |
| UNFDES | United Nations Framework for the Development of Environmental Statistics |
| UNFPA | United Nations Population Fund |
| UNICEF | United Nations Children's Fund |
| UNSC | United Nations Statistical Commission |
| U5MR | Under Five Mortality Rate |
| VAW | Violence Against Women |
| WFP | World Food Programme |
| WRI | Wage Rate Index |

# ১.০ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)

## পটভূমি :

পরিসংখ্যান কোন একটি দেশের আর্থ-সামাজিক অবস্থা, অগ্রগতি ও বৈষম্যের চিত্র তুলে ধরে। সে লক্ষ্য ১৯৭১ সালের মহান স্বাধীনতা সংগ্রামের পর বাংলাদেশের সঠিক পরিকল্পনা প্রণয়ন, উন্নয়ন ও অগ্রগতি পর্যবেক্ষণে পরিসংখ্যানের সম্যক গুরুত্ব উপলব্ধি করা হয়। ফলশ্রুতিতে বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুদূরপ্রসারী চিন্তাধারা এবং দিক-নির্দেশনায় ১৯৭৪ সালের আগস্ট মাসে বিভিন্ন মন্ত্রণালয়ের অধীনে থাকা ৪টি পরিসংখ্যান অফিস (পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন 'পরিসংখ্যান ব্যুরো', কৃষি মন্ত্রণালয়ের অধীন 'কৃষি পরিসংখ্যান ব্যুরো' ও 'কৃষি শুমারি কমিশন' এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন 'আদমশুমারি কমিশন')-কে একীভূত করে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) প্রতিষ্ঠা করা হয়। পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশের ক্ষেত্রে কোন সমন্বিত আইন, বিধি বা নীতিমালা না থাকায় কিছু আদেশ ও পরিপত্রের মাধ্যমে পূর্বে বিবিএস এর কাজ পরিচালিত হতো। ২০১৩ সালের ২৭ ফেব্রুয়ারি পরিসংখ্যান আইন মহান জাতীয় সংসদে পাশ হওয়ার মধ্য দিয়ে বিবিএস সত্যিকার অর্থে একটি আইনগত ভিত্তি পেয়েছে। উক্ত আইনের ৬ ধারা অনুযায়ী আইন পাশের পর একই বছর ৩ মার্চ তারিখে গেজেট প্রজ্ঞাপনের মাধ্যমে বিবিএস এর ইতিহাসে একটি নতুন অধ্যায় সূচনা করেছে। এটি দেশের জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে কাজ করছে।

### বিবিএস-এর ভিশন

জাতীয় পরিসংখ্যান প্রতিষ্ঠান হিসেবে স্থানীয় ও আন্তর্জাতিকভাবে প্রতিষ্ঠা লাভ।

### বিবিএস-এর মিশন

- সঠিক ও মানসম্মত এবং সময়োপযোগী, পরিসংখ্যান সরবরাহ;
- নীতি নির্ধারক, পরিকল্পনাবিদ, গবেষক ও সিদ্ধান্ত গ্রহণকারীদের চাহিদামাফিক উপাত্ত পরিবেশন;
- প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি;
- পেশাদারিত্ব প্রতিষ্ঠা।

### ১.১ বিবিএস এর কার্যাবলি:

পরিসংখ্যান আইন, ২০১৩ এর উদ্দেশ্য পূরণকল্পে বিবিএস এর কার্যাবলি নিম্নরূপ:

(ক) সঠিক, নির্ভুল, সময়োপযোগী এবং মানসম্মত পরিসংখ্যান প্রণয়ন ও সংরক্ষণ;
(খ) সঠিক, নির্ভুল ও সময়োপযোগী পরিসংখ্যান প্রণয়নের জন্য দেশের আর্থ-সামাজিক বিভিন্ন ক্ষেত্রে জরিপ পরিচালনা;
(গ) জনশুমারি, কৃষি শুমারি, মৎস্য ও প্রাণিসম্পদ শুমারি, অর্থনৈতিক শুমারিসহ অন্যান্য শুমারি ও জরিপের লক্ষ্যে যাবতীয় কার্যক্রম গ্রহণ;
(ঘ) সরকারি পর্যায়ে উন্নয়ন পরিকল্পনাবিদ, নীতি-নির্ধারক, গবেষণা ও শিক্ষা প্রতিষ্ঠান, জাতীয় ও আন্তর্জাতিক সংস্থা এবং অন্যান্য ব্যবহারকারীগণের চাহিদা অনুসারে দ্রুততার সহিত নির্ভরযোগ্য ও ব্যবহারবান্ধব পরিসংখ্যান সরবরাহকরণ;
(ঙ) পরিসংখ্যান বিষয়ক নীতিমালা ও পদ্ধতি প্রণয়ন;
(চ) শাখা কার্যালয়ের কার্যাদি সরেজমিনে তদারক এবং প্রযোজ্য ক্ষেত্রে এর প্রতিবেদন পর্যালোচনা ও প্রকাশের ব্যবস্থা গ্রহণ;
(ছ) জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (National Strategy for the Development of Statistics) প্রবর্তন এবং সময় সময় হালনাগাদকরণ;
(জ) পরিসংখ্যান বিষয়ে দক্ষ জনশক্তি তৈরির লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ;
(ঝ) পরিসংখ্যানের ভূমিকা ও কার্যক্রমের গুরুত্ব সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ;
(ঞ) পরিসংখ্যান কার্যক্রম সম্পাদনে তথ্য-প্রযুক্তির ব্যবহার নিশ্চিতকরণ;
(ট) যে কোন কর্তৃপক্ষ, পরামর্শ প্রদানকারী প্রতিষ্ঠান, বেসরকারি সংস্থা এবং আন্তর্জাতিক সংস্থার সাথে পরিসংখ্যান বিষয়ে প্রয়োজনীয় সমন্বয় ও সহযোগিতা প্রদান;
(ঠ) ভোক্তার মূল্য-সূচকসহ অন্যান্য মূল্যসূচক এবং জাতীয় হিসাব প্রস্তুতকরণ;
(ড) অর্থনৈতিক, পরিবেশগত, সামাজিক ও জনমিতি সংক্রান্ত নির্দেশক প্রণয়ন ও প্রকাশকরণ;
(ঢ) ভূমি ব্যবহারসহ বিভিন্ন ফসলের উৎপাদন, উৎপাদন-ব্যয় এবং ফসলাধীন জমির পরিমাণ প্রাক্কলন;
(ণ) জিও-কোড সিস্টেম প্রণয়ন এবং একমাত্র সরকারি জিও-কোড সিস্টেম হিসেবে উহা হালনাগাদকরণ ও সংরক্ষণ এবং অন্যান্য সকল সরকারি সংস্থা বা প্রতিষ্ঠানকে ব্যবহারের জন্য উদ্বুদ্ধকরণ;

(ত) জাতীয় জনসংখ্যা রেজিস্টার (National Population Register) প্রণয়ন ও সময় সময় হালনাগাদকরণ;
(থ) সমন্বিত সেন্ট্রাল জিওগ্রাফিক্যাল ইনফরমেশন সিস্টেম (Geographic Information System) প্রণয়ন;
(দ) পরিসংখ্যানের প্রধান প্রধান কার্যক্রমসমূহ আন্তর্জাতিক মানে প্রমিতকরণ (Standardization);
(ধ) সংরক্ষণের বিকল্প ব্যবস্থাসহ জাতীয় তথ্য ভান্ডার প্রণয়ন ও আধুনিক পদ্ধতিতে আর্কাইভে সংরক্ষণ;
(ন) জাতীয় ও আন্তর্জাতিক সংস্থার জন্য প্রণীত সরকারি পরিসংখ্যানের মান সত্যকরণ (Authentication);
(প) পরিসংখ্যান সংক্রান্ত পরামর্শ সেবা প্রদান;
(ফ) সরকার কর্তৃক নির্দেশিত অন্যান্য দায়িত্ব পালন; এবং
(ব) উপরিউক্ত দায়িত্ব পালন ও কার্যাবলি সম্পাদনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

### ১.২ বিবিএস এর জনবল (৩১ ডিসেম্বর, ২০২১ খ্রি. তারিখে):

| | প্রথম শ্রেণি | দ্বিতীয় শ্রেণি | তৃতীয় শ্রেণি | চতুর্থ শ্রেণি | আউটসোর্সিং | মোট |
|---|---|---|---|---|---|---|
| অনুমোদিত | ৪৬০ | ১২৪ | ২৮৮৪ | ৬৯৪ | ১৯০ | ৪৩৫২ |
| কর্মরত | ৩২২ | ৬৫ | ১৮৪০ | ৫৬৩ | ১৮৮ | ২৯৭৮ |

### ১.৩ বিবিএস এর সাংগঠনিক কাঠামো:




পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সৃষ্টির পর হতে দেশের পরিসংখ্যান কার্যক্রমে আরো গতি সঞ্চার হয়েছে। ইতোমধ্যে বিবিএসকে শক্তিশালী করার যে প্রস্তাব সরকার কর্তৃক অনুমোদিত হয়েছে তা সফলভাবে বাস্তবায়নের কার্যক্রম হাতে নেয়া হয়েছে। ফলে, দেশের পরিসংখ্যানের ক্ষেত্রে নতুন দিগন্ত উন্মোচিত হয়েছে। এ প্রেক্ষিতে অধিকতর মানসম্পন্ন তথ্য ও উপাত্ত দ্রুততম সময়ে সরবরাহের জন্য বিবিএস এর মাঠ পর্যায়ে তথা সকল বিভাগ ও জেলা পর্যায়ে অফিস স্থাপন এবং উপজেলা পর্যায়ের অফিসসমূহকে শক্তিশালীকরণের লক্ষ্যে বিবিএস এর সাংগঠনিক কাঠামো পরিবর্তনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

বর্তমানে ৮টি বিভাগীয় শহরে বিভাগীয় অফিস এবং ৬৪ টি জেলায় জেলা অফিস স্থাপন করে চার স্তরবিশিষ্ট সাংগঠনিক কাঠামো গঠন করা হয়েছে।

### ১.৪ রূপকল্প ২০২১ ও বিবিএস:

সরকারের পরিকল্পনা প্রণয়ন, উন্নয়নে অগ্রগতি সাধন, দারিদ্র বিমোচন, ব্যবসা বাণিজ্য সম্প্রসারণ, উদ্যোক্তা তৈরী, বেকারত্ব দূরীকরণ নিরসনে নির্ভরযোগ্য ও সময়োপযোগী পরিসংখ্যানের কোন বিকল্প নেই। দেশের পরিসংখ্যান ব্যবস্থার সার্বিক উন্নয়নের স্বার্থে স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদি পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে ২০১৩ সালে National Strategy for the Development of

Statistics (NSDS) প্রণয়ন করা হয়। NSDS হলো পরিসংখ্যান ব্যবস্থার সামগ্রিক উন্নয়নের লক্ষ্যে প্রণীত একটি বিস্তারিত, বাস্তবসম্মত, অংশগ্রহণমূলক, পরিবর্তনশীল ও রাষ্ট্রীয় স্বত্বাধীন একটি পরিকল্পনা দলিল। লক্ষ্যমাত্রা অনুযায়ী আগামী ২০২৩ সালের মধ্যে এর বাস্তবায়ন সম্পন্ন হবে। এটি বাস্তবায়নের মাধ্যমে ভবিষ্যতে দেশের তথ্যভিত্তিক, সঠিক, নির্ভরযোগ্য ও ফলপ্রসূ জাতীয় নীতি ও পরিকল্পনা প্রণয়ন করা সম্ভব।

*গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা পরিসংখ্যানের গুরুত্ব উপলব্ধি করে বলেন, "আমাদের সরকার জাতীয় পরিসংখ্যান ব্যবস্থার উন্নয়নে অফিসিয়াল পরিসংখ্যানের গুরুত্ব বিবেচনায় পরিসংখ্যান আইন, ২০১৩ প্রণয়ন করেছে। পরিসংখ্যান উন্নয়নে জাতীয় কৌশলপত্র (NSDS) ২০১৩ অনুমোদন করেছে। পরিসংখ্যান ব্যবস্থাকে সার্বিক উন্নয়ন পরিকল্পনার মূল ভিত্তি বিবেচনা করে আমরা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোকে কেন্দ্র হতে তৃণমূল পর্যায় পর্যন্ত শক্তিশালী করার উদ্যোগ নিয়েছি"।*



**রূপকল্প ২০২১ (প্রেক্ষিত পরিকল্পনা ২০১০-২০২১) ও বিবিএস-এর সংশ্লিষ্ট অভীষ্ট লক্ষ্য ও লক্ষ্যমাত্রা:**

| লক্ষ্য | লক্ষ্যমাত্রা |
|---|---|
| ১: দেশের উন্নয়ন ও জনকল্যাণে আধুনিক পদ্ধতিতে পরিসংখ্যান প্রস্তুত এবং উন্নততর তথ্যপ্রযুক্তির মাধ্যমে তা বিশ্লেষণ, সংরক্ষণ ও প্রকাশ। | ১.১: বিবিএস-এর নেতৃত্বে সমন্বিত, পেশাদারী, দক্ষ এবং কার্যকরী জাতীয় পরিসংখ্যান ব্যবস্থা প্রতিষ্ঠা করা।<br>১.২: পরিসংখ্যান নেটওয়ার্কিং স্থাপন ও শক্তিশালীকরণ এবং এ কাজের জন্য ডিজিটাল আর্কাইভ প্রতিষ্ঠা ও তার ব্যবহার করা।<br>১.৩: পরিসংখ্যান বিষয়ে দক্ষ জনশক্তি তৈরির লক্ষ্যে দেশে বিদেশে প্রয়োজনীয় প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ ও কার্যক্রম নিশ্চিতকরণ।<br>১.৪: জনকল্যাণে পরিসংখ্যান সংক্রান্ত পরামর্শ ও সেবা প্রদানের পাশাপাশি পরিসংখ্যানের ভূমিকা ও কার্যক্রমের গুরুত্ব সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি করা। |
| ২: দেশের উন্নয়নমূলক পরিকল্পনা প্রণয়ন এবং প্রশাসনিক কর্মকাণ্ডের জন্য নির্ভরযোগ্য ও হালনাগাদ তথ্য সরবরাহ। | ২.১: জরিপ/শুমারি পরিচালনা জোরদার করা।<br>২.২: জনশুমারি, কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি এবং অর্থনৈতিক শুমারি ছাড়াও আর্থ-সামাজিক, জনমিতি এবং পরিবেশসহ অন্যান্য বিষয়ে জরিপ পরিচালনা করা।<br>২.৩: জাতীয় হিসাব এবং বিভিন্ন সূচক নিরূপণের পাশাপাশি দেশীয় ও আন্তর্জাতিক বাণিজ্য বিষয়ক তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ, বিশ্লেষণ ও প্রকাশ করা।<br>২.৪: আন্তর্জাতিক মানদণ্ডে দেশের পরিসংখ্যানের সময়োচিত চাহিদা নিরূপণ, আধুনিক প্রযুক্তি ব্যবহার করে তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ করা।<br>২.৫: জাতীয় পরিসংখ্যান তথ্য ভাণ্ডার (National Statistical Data Bank) প্রতিষ্ঠা ও সংরক্ষণ এবং ব্যবহারকারীদের চাহিদা অনুসারে পরিসংখ্যান সরবরাহ করা।<br>২.৬: বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের সাথে সমন্বয়, সহযোগিতা ও দিক নির্দেশনা প্রদানের মাধ্যমে প্রমিত পরিসংখ্যান পদ্ধতি প্রতিষ্ঠা করা। |

### ১.৪ রূপকল্প ২০২১ ও ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে বিবিএস এর কার্যক্রম:

বিবিএস পরিসংখ্যান বিষয়ক তথ্য ও উপাত্ত সংগ্রহ, সংকলন, বিশ্লেষণ, প্রক্রিয়াকরণের মাধ্যমে সরকারি পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ করে থাকে। বিবিএস দাপ্তরিক বিভিন্ন পরিসংখ্যান সংগ্রহ, প্রস্তুত ও প্রকাশ করার পাশাপাশি সরকারের

রূপকল্প ২০২১ অনুযায়ী বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনার জন্য প্রয়োজনীয় তথ্য উপাত্ত সরবরাহ করে আসছে। নিম্নে এ সংক্রান্ত প্রধান কার্যক্রমসমূহ তুলে ধরা হলো:

ক. আইসিটি (ICT) সংক্রান্ত কার্যক্রম:

- ডিজিটাল ইনফরমেশন সিস্টেম: বর্তমান সরকারের Digital Vision কে সামনে রেখে **বিবিএস** এর সকল শুমারি ও জরিপের বিভিন্ন তথ্যসমূহ সার্ভারে সংরক্ষণ করে Web enabled GIS based Information System এর মাধ্যমে বিভাগ, জেলা, উপজেলা/থানা, ইউনিয়ন ও মৌজাভিত্তিক তথ্য Digital পদ্ধতিতে Graphically উপস্থাপন করা হয়েছে। তাছাড়া বাংলাদেশের বিভিন্ন মৌজা, ইউনিয়ন, থানা/উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ের জনতাত্ত্বিক তথ্য ও উপাত্তকে GIS Map-এর মাধ্যমে উপস্থাপন ও তথ্য-সেবা প্রদানে Geo-Master file বিবিএস কর্তৃক সংরক্ষিত ও হালনাগাদ করা হয় এবং সরকারের অন্যান্য সংস্থার কাজে এ কোড ব্যবহার হয়।
- স্ট্রেনদেনিং জিও কোডিং সিস্টেম: বাংলাদেশের প্রশাসনিক বিভাগ, জেলা, উপজেলা, ইউনিয়ন, মৌজা, গ্রাম, সিটি করপোরেশন, পৌরসভা, মহল্লা ও Key Point Installation এর নাম বাংলা ও ইংরেজিতে শুদ্ধ ও সুনির্দিষ্টকরণ, এ সকল সুনির্দিষ্ট নামের একটি আইনগত মর্যাদা (Legal Status) প্রদান, জিও কোড নম্বর প্রদান করার জন্য কাজ করে যাচ্ছে।
- Geographic Information System (GIS) Map: আকাশ (Areal Photography) মাধ্যমে সমগ্র দেশের ছবি সংগ্রহের মাধ্যমে জিআইএস Software ব্যবহার করে সকল মৌজা/মহল্লার ম্যাপ প্রস্তুত করা হয়েছে। GIS Map এর কারণে যেকোন এলাকায় ম্যাপ ভিত্তিক তথ্য উপস্থাপনের কাজ সহজ হয়েছে। এই ম্যাপ ব্যবহারের ফলে শুমারির কাভারেজ সুসংহত হয়েছে এবং শুমারি ও জরিপের গুণগতমানের উন্নতি হয়েছে।
- Data Recovery Lab: বিবিএস কর্তৃক যে সকল শুমারি ও জরিপের ডাটা Magnetic tape এ সংরক্ষিত আছে তা ডিজিটাল পদ্ধতিতে রূপান্তরের জন্য Data Recovery Lab প্রতিষ্ঠা করা হয়েছে। আশির দশক হতে সংগৃহীত ম্যাগনেটিক টেপে ডাটা সংরক্ষিত আছে এবং ডিজিটাল পদ্ধতিতে উক্ত ডাটা রূপান্তর করা হলে ডাটার ব্যবহার সহজ হবে।
- ই-পাবলিকেশন: ই-পাবলিকেশন ডিজিটাল প্রযুক্তির একটি উন্নত সংস্করণ। প্রযুক্তির কল্যাণে গবেষক, পরিকল্পনাবিদ, নীতি নির্ধারক, ছাত্র ও ব্যবহারকারীগণ এখন ঘরে বসে অনায়াসে অনলাইনের মাধ্যমে মুহূর্তের মধ্যে প্রয়োজনীয় তথ্য ও উপাত্ত সংগ্রহ করতে পারেন। সেজন্য বিবিএস একটি যুগান্তকারী পদক্ষেপ 'ই-পাবলিকেশন পদ্ধতি' গ্রহণ করেছে। ফলে, বিবিএস কর্তৃক সময় সময় প্রকাশিত/অনুমোদিত আদমশুমারি, অর্থনৈতিক শুমারি ও অন্যান্য জাতীয় জরিপের সাময়িক ও চূড়ান্ত রিপোর্টসমূহ এখন অনলাইন হতে ডাউনলোড করে ব্যবহার করা সম্ভব হচ্ছে।
- ই-অ্যাটেনড্যান্স রেজিস্টার: কর্মকর্তা/কর্মচারীগণের সময়মতসরকারি অফিসে আগমন ও প্রস্থান নিশ্চিত করার লক্ষ্যে সরকারের 'রূপকল্প-২০২১' কর্মসূচির অংশ হিসেবে 'ই-অ্যাটেনড্যান্স রেজিস্টার' পদ্ধতি স্থাপনের জন্য বিবিএস প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করেছে। এ পদ্ধতিতে Thumb Recognition Scanner ব্যবহার করে উপস্থিতি নিশ্চিত করা হবে এবং এটা ডেটাবেইজ হিসেবে সার্ভারে সংরক্ষিত থাকবে।
- Dynamic Website স্থাপন: বিবিএস এর সদর দপ্তরের সাথে মাঠ পর্যায়ের অফিসসমূহে, সরকারের বিভিন্ন মন্ত্রণালয়ের ও Globally দ্রুততম যোগাযোগ এবং তথ্য সরবরাহ নিশ্চিত করার জন্য অত্যাধুনিক ওয়েবসাইট উন্নয়ন ও উন্মুক্ত করা হয়েছে।
- স্ট্রেনদেনিং ক্যাপাসিটি অব বিবিএস ইন পপুলেশন অ্যান্ড ডেমোগ্রাফিক ডাটা কালেকশন ইউজিং জিআইএস: বিবিএস কর্তৃক এ কার্যক্রমের আওতায় ৬৪টি জেলার সকল মৌজা/মহল্লার ডিজিটাল ম্যাপ আপডেট করা হয়েছে। যা বর্তমান সরকারের ঘোষিত ডিজিটাল বাংলাদেশ গঠনে অন্যতম একটি অগ্রগতি।

## ১.৫ শুমারি ও জরিপ সংক্রান্ত কার্যক্রম:

(ক) জনশুমারি ও গৃহগণনা: জনশুমারি ও গৃহগণনা বিবিএসের একটি উল্লেখযোগ্য কার্যক্রম। জনসংখ্যার আকার, ভৌগোলিক বিন্যাস ও জনমিতির বিভিন্ন বৈশিষ্ট্যসমূহের মানসম্পন্ন Benchmark Database এর জন্য তথ্য সংগ্রহ করা, জাতীয় উন্নয়নমূলক পরিকল্পনা প্রনয়ন ও বাস্তবায়ন, নির্বাচনী এলাকার সীমানা নির্ধারণ, জাতীয় সম্পদের সুষ্ঠু ও

সুষম বণ্টন, চাকুরিক্ষেত্রে আঞ্চলিক কোটা নির্ধারণ প্রভৃতি কার্যক্রমে জনশুমারি ও গৃহগণনার তথ্য অপরিহার্য। ১৫-১৯ মার্চ ২০১১ দেশের পঞ্চম জনশুমারি (আদমশুমারি) ও গৃহগণনা অনুষ্ঠিত হয়েছে। উক্ত শুমারিতে প্রথম iCADE Software ব্যবহার ও ICR মেশিনে ২০১১ সালের শুমারির তথ্য প্রক্রিয়াকরণ করা হয়েছে। ডিজিটাল পদ্ধতি ব্যবহার করে দ্রুততম সময়ে শুমারির নির্ভুল ফলাফল দেয়া সম্ভব হয়েছে। এ শুমারির অধীন ০৫ টি ন্যাশনাল রিপোর্ট ৬৪ টি জেলা রিপোর্ট, সকল জেলার কমিউনিটি রিপোর্ট প্রকাশিত হয়েছে। একইসাথে ১৪ টি মনোগ্রাফ এবং ০১ টি পপুলেশন প্রজেকশন প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। আগামী ২০২২ জুন মাসের মধ্যে বাংলাদেশের ৬ষ্ঠ জনশুমারি ও গৃহগণনা অনুষ্ঠিত হবে।

(খ) অর্থনৈতিক শুমারি: ২০১৩ সালের মার্চ-মে মাসে বাংলাদেশে তৃতীয় অর্থনৈতিক শুমারির তথ্য সংগ্রহ কার্যক্রম সম্পন্ন করা হয়। অ-কৃষিমূলক খাতগুলোকে পরিকল্পিতভাবে উন্নয়নমুখী করার লক্ষ্যে একটি পরিসংখ্যান ভিত্তিক কার্যকর ভিত গড়ে তোলাই এ শুমারির মূল উদ্দেশ্য। তৃতীয় অর্থনৈতিক শুমারির মাধ্যমে সংগৃহীত তথ্য প্রক্রিয়াকরণ করে রেকর্ড কম সময়ের মধ্যে গত ১৭ নভেম্বর ২০১৩ তারিখে শুমারির প্রাথমিক ফলাফল প্রকাশ করা হয়। এ ছাড়া শুমারির মাধ্যমে সংগৃহীত তথ্যের গুণগত মান যাচাইয়ের লক্ষ্যে মূল শুমারি সম্পন্ন হওয়ার পর সম্ভাব্য কম সময়ের মধ্যে বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক গণনা পরবর্তী যাচাই (পিইসি) কার্যক্রম সম্পন্ন করা হয়। আধুনিক সফটওয়্যার ব্যবহার করে এবারই প্রথম ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্রের (UISC) মাধ্যমে স্থানীয় পর্যায়ে স্থাপিত সরকারের অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহার করে সম্ভাব্য সর্বনিম্ন সময়ের মধ্যে অর্থনৈতিক শুমারির তথ্য বিবিএস সদর দপ্তরে কম্পিউটারে ধারণ করা হয়। অর্থনৈতিক শুমারির সকল রিপোর্ট যথাসময়ে প্রকাশ করা হয়েছে। বিজনেস রেজিস্টার: দেশের প্রত্যেকটি স্থায়ী ব্যবসা-প্রতিষ্ঠানের কিছু গুরুত্বপূর্ণ মৌলিক তথ্যসম্বলিত একটি পূর্ণাঙ্গ কেন্দ্রিভূত তথ্য ভান্ডার তৈরির লক্ষ্যে ইতোমধ্যে বিজনেস রেজিস্টার (Business Register) প্রস্তুত কার্যক্রম হাতে নেয়া হয়েছে। এটি দেশের অর্থনৈতিক পরিসংখ্যান প্রণয়নের প্রধান কাঠামো হিসেবে ব্যবহৃত হবে। বিজনেস রেজিস্টারে প্রতিটি প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, আইনগত কাঠামো, কার্যাবলীর ধরন, নিয়োজিত জনবলের সংখ্যা, বাৎসরিক গড় উৎপাদন, মোট সম্পদের পরিমাণ ইত্যাদি তথ্য থাকবে।

(গ) কৃষি শুমারি: দশ বছরের ধারাবাহিকতায় দেশের পরবর্তী অর্থাৎ ৫ম কৃষি শুমারি ২০১৯ সালে অনুষ্ঠিত হয়েছে। পরিসংখ্যান আইন ২০১৩ অনুযায়ী কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি অনুষ্ঠিত হবে। সমন্বিতভাবে এ শুমারি কার্যক্রম সম্পন্ন হয়েছে। কৃষি, ভূমি ব্যবহার, মৎস্য ও প্রাণিসম্পদ খাতের অবকাঠামোগত পরিবর্তন বিষয়ক তথ্য এ শুমারিতে সংগ্রহ ও প্রকাশ করা হবে।

(ঘ) ভাইটাল স্ট্যাটিসটিক্স: বিবিএস ১৯৮০ সাল হতে স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম শীর্ষক জরিপ নিয়মিতভাবে পরিচালনা করে বার্ষিক প্রক্ষেপিত জনসংখ্যা, জন্মহার, মৃত্যুহার, শিশু মৃত্যুহার, মাতৃ মৃত্যুহার, প্রত্যাশিত গড় আয়ু, বিবাহ/তালাকের হার, আগমন-বহির্গমন হার, জন্ম নিরোধক ব্যবহার হার ও প্রতিবন্ধী হার ইত্যাদি তথ্য প্রকাশ করে থাকে।

(ঙ) কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ (TVET) প্রতিষ্ঠান শুমারি: দেশে প্রথমবারের মতো সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলোর দক্ষতা উন্নয়ন সংক্রান্ত কার্যক্রমের বাস্তব অবস্থা সম্পর্কে তথ্য সংগ্রহের লক্ষ্যে বিবিএস কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ (TVET) প্রতিষ্ঠান শুমারি ২০১৫ পরিচালনা করেছে।

(চ) অন্যান্য শুমারি ও জরিপসমূহ: এছাড়াও বিবিএস এর রাজস্ব ও উন্নয়ন খাতের বাজেটের অর্থে নিয়মিতভাবে বিভিন্ন জরিপের মাধ্যমে পরিসংখ্যান প্রণয়ন করে থাকে। ২০১৪-১৫ অর্থবছরে উইং ভিত্তিক বিভিন্ন কর্মসূচি যথা-বস্তি শুমারি ও ভাসমান লোকগণনা ২০১৪, হেলথ অ্যান্ড মরবিডিটি স্ট্যাটাস সার্ভে ২০১৪, চাইল্ড মাদার নিউট্রিশন সার্ভে ২০১৪, এডুকেশন হাউজহোল্ড সার্ভে ২০১৪, জনজীবনে জলবায়ু পরিবর্তনের প্রভাব শীর্ষক জরিপ, ২০১৫ পল্লী ঋণ জরিপ ২০১৪, বিভিন্ন ফসলের উৎপাদনশীলতা নিরূপণ জরিপ, জাতীয় হিসাব উন্নয়ন কর্মসূচি এবং স্টেট কেইজ ফর ন্যাশনাল পপুলেশন রেজিস্টার কার্যক্রমসমূহ সম্পন্ন করেছে। এছাড়াও বিবিএস নিয়মিতভাবে ত্রৈমাসিক শ্রমশক্তি জরিপ, শিশু শ্রমশক্তি জরিপ, মাল্টিপল ইনডিকেটর ক্লাস্টার সার্ভে, উৎপাদনশীলতা জরিপ, সার্ভে অব ম্যানুফ্যাকচারিং ইন্ডাস্ট্রি এবং মজুরি হার জরিপ ইত্যাদি পরিচালনা করে থাকে।

**প্রতিষ্ঠালগ্ন থেকে বিবিএস কর্তৃক পরিচালিত গুরুত্বপূর্ণ শুমারি ও জরিপসমূহ নিম্নরূপ:**

| ক্রমিক | কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|
| ১ | জনশুমারি ও গৃহগণনা | ১৯৭৪ সাল থেকে ১০ বছর অন্তর মোট ৫ টি শুমারি পরিচালিত হয়েছে |
| ২ | অর্থনৈতিক শুমারি | ১৯৮৬ সাল থেকে মোট ৩ টি শুমারি পরিচালিত হয়েছে |
| ৩ | কৃষি শুমারি | ১৯৭৭ সাল থেকে মোট ৪ টি শুমারি পরিচালিত হয়েছে |

| | | |
|---|---|---|
| ৪ | খানার আয় ব্যয় জরিপ | ১৯৭৩-৭৪ সাল থেকে মোট ১৫ টি জরিপ পরিচালিত হয়েছে |
| ৫ | শ্রমশক্তি জরিপ | ১৯৮০ সাল থেকে এ পর্যন্ত ১৩ টি জরিপ পরিচালিত হয়েছে |
| ৬ | স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সার্ভে | ১৯৮০ সাল থেকে বাৎসরিক ভিত্তিতে নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে |
| ৭ | উৎপাদন শিল্প জরিপ | ১৯৭২ সাল থেকে ২৮ টি জরিপ পরিচালিত হয়েছে |
| ৮ | মাল্টিপল ইন্ডিকেটর ক্লাস্টার সার্ভে | ১৯৯৩ সাল থেকে ১২ টি জরিপ পরিচালিত হয়েছে |
| ৯ | চাইল্ড নিউট্রিশন সার্ভে | ১৯৮৫-৮৬ সাল থেকে ৭ টি জরিপ পরিচালিত হয়েছে |
| ১০ | কৃষি দাণগুচ্ছ জরিপ | ১৯৭৪ সাল থেকে বাৎসরিক ভিত্তিতে নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে |
| ১১ | ওয়েজ রেট সার্ভে | ১৯৭৪ সাল থেকে বাৎসরিক ভিত্তিতে নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে |
| ১২ | মূল্য ও মজুরি পরিসংখ্যান | ১৯৭৪ সাল থেকে বাৎসরিক ভিত্তিতে নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে |
| ১৩ | হেল্থ অ্যান্ড ডেমোগ্রাফিক সার্ভে | ১৯৮০ সাল থেকে ৫ টি জরিপ পরিচালিত হয়েছে |
| ১৪ | কৃষি ফসলের আয়তন ও উৎপাদন জরিপ | ১৯৭২ সাল থেকে বাৎসরিক ভিত্তিতে নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে |
| ১৫ | পরিবেশ, জলবায়ু ও দুর্যোগ পরিসংখ্যান | ২০১৬ সাল থেকে জরিপ ও সেকেন্ডারি উৎস হতে তথ্য উপাত্ত সংগ্রহপূর্বক পরিবেশ, জলবায়ু ও দুর্যোগ পরিসংখ্যান প্রকাশ করা হচ্ছে |
| ১৬ | কৃষি শুমারি | ২০১৯ সালে সম্পন্ন হয়েছে |

**(ছ) বিবিএস কর্তৃক** User-Producer Dialogue **আয়োজন:** সকল ধরনের জরিপ ও শুমারি কার্যক্রমের পূর্বে Data Producer হিসেবে বিবিএস নিয়মিতভাবে শুমারি/ জরিপ পরিকল্পনা, প্রশ্নপত্র, ডিজাইন, জরিপের ক্ষেত্রে নমুনায়ন পদ্ধতি ইত্যাদি বিষয়ে আনুষ্ঠানিক সভা, ওয়ার্কশপ, ও সেমিনারের মাধ্যমে সংশ্লিষ্ট Data user ও Stakeholder গণের নিকট তা উপস্থাপন করে এবং তাঁদের গুরুত্বপূর্ণ মতামত গ্রহণ করে থাকে।

**(জ) অংশীদারিত্বমূলক কার্যক্রম:**

বিবিএস জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে বিভিন্ন সংস্থা, গবেষণা প্রতিষ্ঠান, বিশ্বের অন্যান্য দেশের জাতীয় পরিসংখ্যান সংস্থা এবং উন্নয়ন-সহযোগীর সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে আসছে। বিবিএস জাতীয় সংস্থা যেমন: A2i, GED, NSDC, BIDS, DAE, DGHS, ISRT এবং আন্তর্জাতিক সংস্থা যেমন: UNFPA, UNDP, UNICEF, WHO, FAO, ICDDR,B, World Bank, UN-ESCAP, JICA, KOICA, SESRIC, WFP প্রভৃতির সাথে সমন্বয় ও গবেষণাধর্মী কাজ করছে।

**১.৬ নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের ক্ষেত্রে বিদ্যমান সমস্যা/চ্যালেঞ্জ:**

নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের ক্ষেত্রে বড় চ্যালেঞ্জ হল বিবিএস এ জনবল স্বল্পতা। সাংগঠনিক কাঠামো পুনঃনির্ধারণের পর প্রয়োজনীয় জনবল এখনও পাওয়া যায়নি। জেলা ও বিভাগীয় পর্যায়ে অফিস ভবন নেই এবং কর্মকর্তা/কর্মচারীগণের প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণ ইন্সটিটিউট নেই। ফলে দক্ষ জনবল গঠন বিঘ্নিত হচ্ছে। পারিসংখ্যানিক তথ্য ও উপাত্ত প্রদানে উত্তরদাতার অনেক ক্ষেত্রে অনাগ্রহ সঠিক পরিসংখ্যান প্রস্তুতের ক্ষেত্রে অন্তরায় হিসেবে কাজ করে। লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের গৃহিত কার্যক্রমসমূহের বাজেট স্বল্পতা ও বাজেটের বরাদ্দ সময়মত না পাওয়া কাজের গতিকে শ্লথ করে।

**১.৭ লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ-এর গুরুত্বপূর্ণ সুপারিশ:**

MDG-উত্তর জাতিসংঘ ঘোষিত SDG এবং অন্যান্য Framework বাস্তবায়নে পরিকল্পনা কমিশন এবং সরকারের বিভিন্ন মন্ত্রণালয়কে তথ্য উপাত্ত দ্বারা সহায়তার নিমিত্ত জরুরি ভিত্তিতে শুমারি/জরিপ করে বিষয় ভিত্তিক **Baseline** তথ্য-উপাত্ত তৈরি করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ লক্ষ্যে বিবিএসকে প্রয়োজনীয় বাজেট বরাদ্দ দেয়া, দ্রুত জনবল নিয়োগের ব্যবস্থা করা, কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান, জরুরিভিত্তিতে ৬৪টি জেলা এবং ৮টি বিভাগে অফিস ভবন নির্মাণ অত্যন্ত জরুরি। এছাড়াও বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ প্রেক্ষিত পরিকল্পনা ২০২১- ২০৪১ অনুযায়ী যে সমস্ত কার্যক্রম গ্রহণ করেছে সেগুলো বাস্তবায়নের পর্যায়সমূহ মূল্যায়নের জন্য তথ্য উপাত্তের পরিমাণগত সূচকসমূহ বিশ্লেষণ করা প্রয়োজন। সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ যে ধরনের ডাটাবেইজ তৈরি করছে সেখানে বিবিএস এর অংশীদারিত্ব অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ বিবিএসই একমাত্র সরকারি প্রতিষ্ঠান যা আন্তর্জাতিক মানদন্ডে বিভিন্ন তথ্য উপাত্ত সংগ্রহ, প্রস্তুত ও সরবরাহ করে থাকে। এ প্রেক্ষিতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের মাধ্যমে সরকার ঘোষিত রূপকল্প ২০২১ বাস্তবায়ন এবং ২০৪১ সালের মধ্যে উচ্চ -মধ্য আয়ের দেশে প্রত্যাবর্তন এর পরিবীক্ষণ ও মূল্যায়ন যথার্থ হবে।

### ১.৮ উইং ভিত্তিক কার্যক্রমের বিবরণ:

বিবিএস এর সার্বিক কার্যাবলি নিম্নবর্ণিত উইংসমূহের মাধ্যমে সম্পন্ন করা হয়ে থাকে:

i) এগ্রিকালচার উইং
ii) সেন্সাস উইং
iii) কম্পিউটার উইং
iv) ফিন্যান্স, অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম উইং
v) ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং
vi) ন্যাশনাল অ্যাকাউন্টিং উইং
vii) ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং
viii) স্ট্যাটিস্টিক্যাল স্টাফ ট্রেনিং ইনস্টিটিউট।

## ২.০। কৃষি উইং (Agriculture Wing):

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর এগ্রিকালচার উইং জাতীয় পর্যায়ে কৃষি বিষয়ক তথ্য সংগ্রহ, সংকলন এবং প্রকাশের দায়িত্ব পালন করে থাকে। এগ্রিকালচার উইং কর্তৃক প্রকাশিত পরিসংখ্যানের মধ্যে ৬টি প্রধান ফসলের (আউশ, আমন, বোরো, গম, পাট ও আলু) আবাদকৃত জমির পরিমাণ, একরপ্রতি ফলন হার এবং মোট উৎপাদন হিসাব সবচেয়ে গুরুত্বপুর্ন। এ ছয়টি প্রধান ফসল ছাড়াও অপ্রধান প্রায় ১৪০টি ফসলের বছরভিত্তিক আবাদি জমির পরিমাণ এবং উৎপাদন হিসাব প্রণুত ও প্রকাশ করে থাকে। ভূমি ব্যবহার, কৃষি মজুরি, সেচ পরিসংখ্যান, ফসলের ক্ষয়ক্ষতি ও অন্যান্য কৃষি পরিসংখ্যানও এ উইং কর্তৃক প্রণুত ও প্রকাশিত হয়ে থাকে। এছাড়া সেকেন্ডারি উৎস থেকে তথ্য সংকলন করে এ উইং "Yearbook of Agricultural Statistics" নামে একটি বার্ষিক প্রকাশনা নিয়মিতভাবে প্রকাশ করে আসছে। জিডিপি প্রাক্কলনসহ আমদানি-রপ্তানি নিয়ন্ত্রণে এবং পরিকল্পনা প্রণয়নে এসকল পরিসংখ্যান গুরুত্বপুর্ন ইনপুট হিসাবে ব্যবহার করা হয়।

**এগ্রিকালচার উইংয়ের কাজের বিবরণঃ-**

- ৬টি প্রধান ফসল (আউশ, আমন, বোরো, গম, পাট ও আলু) এবং প্রায় ১৪০টি অপ্রধান ফসলের আয়তন ও উৎপাদন হিসাব প্রাক্কলন;
- ৬টি প্রধান ফসলের পূর্বাভাস জরিপ;
- অস্থায়ী ফসলের ক্ষয়ক্ষতির হিসাব প্রাক্কলন;
- মাসিক কৃষি মজুরী হার নিরুপন;
- ভূমি ব্যবহার ও সেচ পরিসংখ্যান;
- বার্ষিক কৃষি পরিসংখ্যান বর্ষগ্রন্থ প্রনয়ন;

### ২.১ এগ্রিকালচার উইংয়ের জনবল সংখ্যাঃ-

| | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | মোট |
|---|---|---|---|---|---|
| অনুমোদিত | ১৮ | ৫ | ৮৩ | ১১ | ১১৭ |
| বিদ্যমান | ১৩ | ৪ | ২৫ | ৪ | ৪৬ |

### ২.২। ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থ বছরে ৬টি প্রধান ফসল (আউশ, আমন, বোরো, গম, আলু ও পাট) এর আবাদি জমির পরিমাণ ও উৎপাদনের হিসাবঃ

| ফসলের নাম | ২০১৯-২০ | | ২০২০-২১ | |
|---|---|---|---|---|
| | আবাদি জমির আয়তন (লক্ষ একর) | উৎপাদন (লক্ষ মে. টন) | আবাদি জমির আয়তন (লক্ষ একর) | উৎপাদন (লক্ষ মে. টন) |
| আউশ | ২৭.০৬ | ২৭.৫৫ | ৩২.২৪ | ৩২.৮৪ |
| আমন | ১৩৭.৩৯ | ১৪২.০৩ | ১৩৮.৫৯ | ১৪৪.৩৭ |
| বোরো | ১১৭.৬৭ | ১৯৬.৪৫ | ১১৮.২৯ | ১৯৮.৮৫ |
| গম | ৮.২১ | ১০.২৯ | ৮.১২ | ১০.৮৫ |

| | | | | |
|---|---|---|---|---|
| আলু | ১১.৩৯ | ৯৬.০৫ | ১১.৫৮ | ৯৮.৮৭ |
| পাট | ১৬.৭৯ | ৮০.৪৫ (লক্ষ বেল) | ১৬.৮৫ | ৭৭.২৫ (লক্ষ বেল) |

## ২.৩। ২০১৯-২০ এবং ২০২০-২১অর্থ বছরে ১৪০টি অ-প্রধান ( ১৩টি গ্রুপ) ফসলের অধীন আবাদি জমির পরিমাণ ও উৎপাদন হিসাবঃ

| ফসলের গ্রুপ | ফসলের নাম | ২০১৯-২০ | | ২০২০-২১ | |
|---|---|---|---|---|---|
| | | আবাদি জমির আয়তন (একর) | উৎপাদন (মে.টন) | আবাদি জমির আয়তন(একর) | উৎপাদন (মে.টন) |
| দানা জাতীয় | যব | ৩৬১ | ১২৪ | ৪৬০ | ১৭৪ |
| | রবি জোয়ার | ৬৩ | ৩১ | ৪৪ | ২১ |
| | গ্রীষ্মকালীন জোয়ার | ১০১ | ৪৬ | ৯০ | ৪২ |
| | রবি ভুট্টা | ৯৭৩১৬৮ | ৩৫২৮০২৯ | ৯৭৯২১০ | ৩৫৬৩৬৭৪ |
| | খরিফ ভুট্টা | ১৯২৪২৬ | ৪৮৭২৭৭ | ২০৬৪৪০ | ৫৫২৭৬৪ |
| | চিনা ও কাউন | ১৩০০ | ৪৬৪ | ১৯৮৮ | ৯৪২ |
| ডাল জাতীয় | ছোলা | ১১৪৪৭ | ৪৯৪২ | ১১৩১৮ | ৫০০৪ |
| | অড়হর | ১১০৪ | ৪৫৮ | ১১০৬ | ৪৭৪ |
| | মসুর | ৩৪৯১০৯ | ১৭৭৩৫৪ | ৩৬০৬৯৯ | ১৮৫৫০০ |
| | মটর | ২০৫৯১ | ৮৭৭৭ | ১৮৫০১ | ৮০৫১ |
| | মুগ | ১০৮৭৪২ | ৩৭০৫৪ | ১০৯৩০৪ | ৪১১৮৯ |
| | মাসকলাই | ৯০১০৫ | ৩৪২১৭ | ১০০৩৩৩ | ৩৭৩৪৪ |
| | খেসারি | ২৭২৪৯৮ | ১১৯৫৪৮ | ২৮৬৩৩৫ | ১৩০৬২৯ |
| তেল জাতীয় | শীতকালীন তিল | ৭৯০৮ | ৩২২৪ | ৭৯৮৩ | ৩৪৪৬ |
| | খরিফ তিল | ৭৫২৬০ | ২৮৫৬২ | ৭৭৭৬৪ | ২৮৯৮৮ |
| | রাই ও সরিষা (দেশী) | ৭৬৩৮৫৫ | ৩৫৮২৪৯ | ৮১৪২৮৮ | ৩৯৬৫৯৪ |
| | রবি চীনা বাদাম | ৭১২২০ | ৫৪০৮৫ | ৭৭০০৩ | ৫৯৫২৪ |
| | খরিফ চীনা বাদাম | ৯৩০৮ | ৬৮২৯ | ৯৩৩৯ | ৭২২০ |
| | সয়াবিন | ১৫১৪০৭ | ১০৪৭৬১ | ১৪২৪৪৭ | ৯১১৭৬ |
| | নারিকেল | ৮৯৭৮৬ | ৪১১৮৭৩ | ৮৯৩২২ | ৪০২৮৫২ |
| | তিসি | ১০১৫৬ | ৩০৯৪ | ১২৮৬৯ | ৩৭৩৫ |
| মশলা জাতীয় | রবি মরিচ | ১৯১০৭৬ | ১১১৯৬৩ | ১৯৬৭৬৮ | ৩৯৩৫৫৫ |
| | খরিফ মরিচ | ৪৮৩৬৭ | ৪৫৬৪৪ | ৫০৬৭১ | ৯৯১২৬ |
| | পেঁয়াজ | ৪৫৭৮০৯ | ১৯৫৩৮০০ | ৪৮০১০৫ | ২২৬৮৭৫৪ |
| | রসুন | ১৮১৭৭৮ | ৪৮৫৪৪৮ | ১৮০০৩৪ | ৫০১৬১১ |
| | হলুদ | ৮২১১৩ | ২৮৬১৫৮ | ৬৫২৩৩ | ২১৭৭৩৭ |
| | আদা | ২৫৪৬২ | ৮৪৮৮৭ | ২৫৩৯৩ | ৮১৭১৫ |
| | ধনিয়া | ৫০১০০ | ২১৩৪৬ | ৫০০২০ | ২১৫১৮ |
| | ক্যাপসিকাম | ১৩ | ৩৮ | ৫৪ | ১৭৬ |
| সুগার জাতীয় | আখ | ২১৩১১৩ | ৩৬৮২৯৫১ | ১৯২৩১০ | ৩৩৩২৫৪৬ |
| | খেজুর | ২৬০৯৯ | ৩৫৩৫৫ | ২৩৪৪১ | ৪০১৮৭ |
| | খেজুরের রস | ৭৫২৬০ | ১৫২৭৪৭ | ৬৮৪০০ | ১৪৯৭৬১ |
| | তালের শাস | ৫০৩১৩ | ৭৩০১১ | ১১২০৭ | ৭৯০৬০ |
| | পাকা তাল(রস) | ৬৮৩৭ | ৪৬১৬৭ | ১০১০৬ | ৫৭৫৬৯ |
| | পাকা তাল | ৮১৩৪৪ | ১৬১৪২৩ | ৭৯৬৬৬ | ১৪৪৬৫৫ |
| আঁশ জাতীয় | খরিফ তুলা (কুমিল্লা) | ১৭৩৩৪ | ১৪৯৭ | ১৭৬৩১ | ১৬৫৫ (বেল) |
| | রবি তুলা (আমেরিকান) | ১৩১৩৯ | ৯৬৩৫৪ | ১৩০২৮ | ৭০২২৮ (বেল) |

| ফসলের গ্রুপ | ফসলের নাম | ২০১৯-২০ | | ২০২০-২১ | |
|---|---|---|---|---|---|
| | | আবাদি জমির আয়তন (একর) | উৎপাদন (মে.টন) | আবাদি জমির আয়তন(একর) | উৎপাদন (মে.টন) |
| | শণ (শীতকালীন) | ৮৩ | ৭৯ | ৫৮ | ৬৮ |
| | শিমুল তুলা | ১৮৭৩২ | ৪৮৬৯১ | ৮৪২৯ | ৩০০৪৩ |
| নেশা জাতীয় | তামাক | | | | |
| | মতি | ১৯৮৬১ | ১৩৮২১ | ১৯৮৩৪ | ১৩৭৭২ |
| | মতিহার | ৯৮০৬ | ৬৯৭৪ | ৯৯০৯ | ৭০১৪ |
| | ভার্জিনিয়া | ৭০৩৩৯ | ৬৫০৫৮ | ৬৯৮৫৬ | ৬৮২১৫ |
| | পান | ৫৪৯৮১ | ২১৪৭৮২ | ৫৫৫২৬ | ২১৪৬৫২ |
| | চা | ১৪৬৬৮৯ | ৮৯৯৩১ | ১৩৫৭৪৮ | ৯০৩২৯ |
| | সুপারি | ৯০৯৪৫ | ৩২৮৬১০ | ১১৫১৭৪ | ৩৪৫৮০১ |
| সবজী জাতীয় (গ্রীষ্মকালীন) | কাঁকরোল | ১১৪৪৯ | ৩১৯১০ | ১৩৫১৯ | ৩৩৮৫৮ |
| | মিষ্টি কুমড়া | ৩৩৯০৫ | ১৩৬২৬৯ | ৪৩৮৮৭ | ২১৫৫১৩ |
| | বেগুন | ৪৫১০৫ | ১৮৪৯১৭ | ৮৩২৭৭ | ৩৮৪৮৪১ |
| | পটল | ২৬০৯৫ | ৯০৫৭৬ | ২৬০৫৪ | ৯৮৪৫১ |
| | ঢেড়শ | ২৮৫১৫ | ৫৫৯০৫ | ৩০১১৮ | ৭০২৪২ |
| | ঝিংগা | ২৫০৮৫ | ৫২৫৭৫ | ২৫৭৭৯ | ৫৫৯১৭ |
| | করলা | ২৭৪৮৪ | ৫৯৩৭১ | ২৬৮১০ | ৫৯৩১৩ |
| | কাঁচা কলা | ২৯২১৬ | ১৬৬৮৯০ | ২৮৯২১ | ১৭৮৮৮৯ |
| | চালকুমড়া | ২৫০৫০ | ৮০৮১৪ | ২৫৮১৬ | ৮৮০০১ |
| | শসা | ২৪৪১৩ | ৮২৯৬৩ | ২৫২৮৮ | ৯৪৯০০ |
| | খিরা | ১৪১৫৪ | ৪৭২৯৬ | ১৭২৩২ | ৬১৮৪৪ |
| | পুঁই শাক | ২৭২৪২ | ৮৮২৭২ | ২৭২৯১ | ৯৮০১৫ |
| | চিচিংগা | ১৯৭৭৪ | ৪২৯৩৮ | ১৯৪২৪ | ৪৬০৫৭ |
| | ডাটা | ২৬৮৩৫ | ৭৬৬৫৪ | ২৭৩৯৭ | ৮৬৪৭৯ |
| | বরবটি | ১৭২৬১ | ২৮৪১০ | ১৭৬৮০ | ৩৩২৮১ |
| | ধুন্দুল | ১০৭৫০ | ২১২৯২ | ১১১৪০ | ২৩৮৭৫ |
| | কচুর লতি | ১৭৮০৭ | ৪৭০৩০ | ২০১৩৭ | ৫৪০৬৭ |
| সবজী জাতীয় (শীতকালীন) | সজিনা | ১৪৬৬১ | ২৮০৭৩ | ৭৬১৩ | ২৮৫৮৪ |
| | কাঁচা পেঁপে | ১৯৮১১ | ২৮৮৭১৩ | ২৬৩৯৩ | ২৯২৩৪১ |
| | বেগুন | ৮২৯৩৩ | ৩৭২৮৭০ | ৮৩২৭৭ | ৩৮৪৮৪১ |
| | মিষ্টি কুমড়া | ৪৩২৬২ | ২০৩৫৬০ | ৪৩৮৮৭ | ২১৫৫১৩ |
| | ফুলকপি | ৫৪২৫০ | ২৮৩১৫৭ | ৫৬০২৯ | ২৯৪৬৮৪ |
| | বাঁধাকপি | ৫৪৭৯৪ | ৩৮৪২৯১ | ৫৫২০১ | ৩৮০২৫৯ |
| | পানি লাউ | ৪৯০৯৬ | ২৫০৬১৩ | ৫০১৫৫ | ২৫১৭৫৩ |
| | টমেটো | ৭০৪৬০ | ৪১৫৪৯৪ | ২৭৮৭৮ | ৪৪৭৮১৫ |
| | মুলা | ৬৪৭৮৪ | ২৮৬৫৪৩ | ৬৭২৪৪ | ৩১৫৬১২ |
| | শীম | ৬১৬২৮ | ১৬৯৭৩৫ | ৫৫০৭৬ | ১৬৯৬৫৫ |
| | গাজর | ৫৩৭৪ | ২০৯৯৩ | ৫৭৩৬ | ২৭৫৬৭ |
| | পালং শাক | ১৪৩২৬ | ৫৯৪০০ | ২৪৬৫১ | ৬০৫১৬ |
| | লাল শাক | ৩০৬০৪ | ৬১০৯৬ | ৩১৬৮৪ | ৬৫৩৫৫ |
| | লাউ শাক | ১৬৮৩৫ | ৩১১২৬ | ১৭৫১৩ | ৩২৩৮০ |
| ফল (অস্থায়ী) | পাকা কলা | ১২১৭৭৭ | ৮১৭৯০৪ | ১২২১৯২ | ৮২৬১৫১ |
| | আনারস | ৩৭১৮২ | ২১৮০৪৮ | ৩৪২৪৬ | ২০৮১৪১ |

| ফসলের গ্রুপ | ফসলের নাম | ২০১৯-২০ | | ২০২০-২১ | |
|---|---|---|---|---|---|
| | | আবাদি জমির আয়তন (একর) | উৎপাদন (মে.টন) | আবাদি জমির আয়তন(একর) | উৎপাদন (মে.টন) |
| | বাংগী | ৮৮৮৮ | ৪০৮২৪ | ১০০৯৭ | ৪৭৪২০ |
| | তরমুজ | ৩০২৬২ | ২৫৪৮১৪ | ৪০৮৬০ | ৩৪৫৯৫৫ |
| | স্ট্রবেরী | ৩৬ | ৯৮ | ৪১ | ১৩৯ |
| | পানি ফল | ৩২৬ | ১৩০৫ | ৪০৫ | ১৮৯৯ |
| ফল (স্থায়ী) | আম | ২৩৫৩৪৮ | ১২২২৩৬৮ | ২৮৬৮২৩ | ১২১৪৫৯৭ |
| | কাঁঠাল | ৪০৮৯৬ | ১০০১৭৫৬ | ৪৪৬৩০ | ১০৯৭০০১ |
| | কমলা | ১৯১৫ | ৩২১২ | ১৯২০ | ৩৭৩৯ |
| | কুল | ৩৮৫০৬ | ১৩০৯৬৭ | ৩৮৬৫২ | ১৩৭৯৫৮ |
| | জামরুল | ৫৯১৩ | ১২৩২৬ | ৬৬৪৯ | ১২৭৬৭ |
| | কামরাংগা | ৭০৬২ | ১৫০৬৮ | ৪১৯৮ | ১৪৩০৭ |
| | জলপাই | ৫০৫০ | ১৮১০৬ | ৫২০৫ | ১৪৪৪৮ |
| | আমড়া | ১৮৯৭০ | ৪৬০৬৯ | ১১৪১৭ | ৪২৫২৭ |
| | তেঁতুল | ১১২৭৪ | ১১৩৯০ | ৬২৭৯ | ৯৫৫২ |
| | লিচু | ৩১৫৯১ | ৮০৯২০ | ১৭২৭৯ | ৮৭১৪৩ |
| | পেয়ারা | ৬৭৩৪৪ | ২২৬০২৮ | ৫৮৬১৮ | ২৪৩৯৫৭ |
| | লেবু | ১৫৬৪৪০ | ৫৮৫৫২ | ১৬২২৪২ | ৮১৬০৪ |
| | জাম্বুরা/ বাতাবি লেবু | ৩১৬৪১ | ৮১০২৬ | ১৩৯৬৯ | ৭৮৬৬৫ |
| | পাকা পেঁপে | ৯০০৪ | ১৩০৮৭৯ | ৮৪১৪ | ১২৫৭৫৮ |
| | ডাব | ৭৭১৫৩ | ৪৪৫৬৩০ | ৬২৫৭৬ | ৪৪২৭০৮ |
| | বেল | ১৮৭৮৪ | ৩০১১৬ | ১৭৯৯৫ | ৩০০৯ |
| | কাল জাম | ৩৭৪৯৪ | ৫৬৫৮৪ | ১৩৭৫১ | ৫৬৯২৮ |
| ফুল জাতীয় | গোলাপ ফুল | ৬৬৬ | ১৯১৯৩ | ৬৫০ | ২১৯৮১ |
| | গাঁদা | ১৩৩৫ | ২৯৯৮ | ১০২৫ | ১৮১২ |
| | রজনীগন্ধা | ৯০৩ | ২১৫৫ | ৩৩৩৫ | ২৯৯৮ |
| | গ্লাডিওলাস | ৯২৪ | ৪০৫৬ | ৯৪৩ | ৪১৫৯ |
| অন্যান্য ফসল | মিষ্টি আলু | ৬০৬৪৭ | ২৪৫৭১৯ | ৬৫৫২৪ | ২৭৯৪০০ |
| | তুঁত | ৮৭৪ | ২৬৪০৩ | ৯৩৪ | ৩০৫৩৪ |
| | গোখাদ্য | ৪৩৯৪২ | ২৬৫৭৫৫ | ৪৫৬০৩ | ২৮৪৪৪৯ |

## ২.৪। কৃষি মজুরি হার:

বিবিএস মাসিক ভিত্তিতে কৃষি মজুরি হার সংক্রান্ত পরিসংখ্যান প্রণয়ন করে থাকে। কৃষি মজুরি হার সংগ্রহের জন্য প্রতি উপজেলা হতে নমুনা ভিত্তিতে ১০ জন কৃষি দিনমজুরের সাক্ষাৎকারের ভিত্তিতে উপজেলার কৃষি মজুরের হার নিরূপণ করা হয়। কৃষি দিনমজুর পাওয়া না গেলে যারা কৃষি কাজের জন্য দৈনিক ভিত্তিতে মজুর নিয়োগ করেছেন এমন কৃষকের নিকট থেকে তথ্য নেয়া হয়। ১৫ বছর এবং তদূর্ধ্ব বয়সের পুরুষ এবং মহিলা শ্রমিকের মজুরি হার আলাদা আলাদা নেয়া হয়। সকল জেলার মজুরি হার পাওয়ার পর এর ভিত্তিতে বাংলাদেশের কৃষি মজুরি হার নিরূপণ করা হয়।

**২০২১ সনের খোরাকী ছাড়া এবং খোরাকীসহ পুরুষ ও মহিলা ভেদে কৃষি মজুরির হার নিম্নরূপঃ**

(পারিশ্রমিক টাকায়)

| ক্র: নং | মাসের নাম | খোরাকীসহ | | | | | | খোরাকী ছাড়া | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | একবেলা | | দুইবেলা | | তিনবেলা | | | |
| | | পুরুষ | মহিলা | পুরুষ | মহিলা | পুরুষ | মহিলা | পুরুষ | মহিলা |
| ০১. | জানুয়ারি/ ২০২০ | ৩৯২ | ২৯২ | ৩৮১ | ২৯০ | ৩৭৮ | ২৮৯ | ৪১৮ | ৩১৬ |
| ০২. | ফেব্রুয়ারি/২০২০ | ৩৯৮ | ৩০২ | ৩৭৭ | ২৯৪ | ৩৭৯ | ২৮১ | ৪১৯ | ৩০৯ |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০৩. | মার্চ/ ২০২০ | ৪০২ | ৩০৫ | ৩৯১ | ৩০৩ | ৩৭৪ | ২৯৭ | ৪২২ | ৩১৬ |
| ০৪. | এপ্রিল/ ২০২০ | ৪১৪ | ৩০৯ | ৪০০ | ৩১১ | ৩৯৩ | ৩২১ | ৪৪৮ | ৩৩৮ |
| ০৫. | মে/ ২০২০ | ৪২৭ | ৩২৭ | ৪১৬ | ৩২৬ | ৪০৫ | ৩৩১ | ৪৫৩ | ৩৪৯ |
| ০৬. | জুন/ ২০২০ | ৪০৫ | ৩১০ | ৪০২ | ৩০২ | ৩৮৫ | ৩০৩ | ৪৩১ | ৩২৪ |
| ০৭. | জুলাই/ ২০২০ | ৩৮৭ | ৩০৫ | ৩৮৪ | ৩০১ | ৩৭৭ | ২৮৫ | ৪০৯ | ৩১২ |
| ০৮. | আগস্ট/ ২০২০ | ৩৮৭ | ৩০১ | ৩৮০ | ২৮৬ | ৩৭৩ | ২৮৭ | ৪২২ | ৩০৯ |
| ০৯. | সেপ্টেম্বর/ ২০২০ | ৩৮২ | ২৯৫ | ৩৮০ | ২৮২ | ৩৭০ | ২৫৭ | ৪২২ | ৩১৬ |
| ১০. | অক্টোবর/ ২০২০ | ৩৮৩ | ২৯৯ | ৩৭৮ | ২৮৩ | ৩৬৭ | ২৮৪ | ৪১৪ | ৩০৭ |
| ১১. | নভেম্বর/ ২০২০ | ৩৮৯ | ৩১১ | ৩৯০ | ৩০৩ | ৩৮০ | ২৮৬ | ৪২৪ | ৩২৮ |
| ১২. | ডিসেম্বর/ ২০২০ | ৩৯৪ | ৩০৯ | ৩৯৭ | ৩০৩ | ৩৯২ | ২৯১ | ৪২৯ | ৩২৩ |

**২.৫। ভূমি ব্যবহার ও সেচ পরিসংখ্যান :**

- ২০১৯-২০ সনের সেচ পরিসংখ্যানের কাজ সম্পন্ন হয়েছে।
- ২০১৯-২০ সনের ভূমি ব্যবহার পরিসংখ্যানের কাজ সম্পন্ন হয়েছে।

**২.৬। এগ্রিকালচার উইং কর্তৃক সম্পাদিত কার্যক্রম, ২০২০-২০২১অর্থ বছর:**

- ৬টি প্রধান  ফসলের উৎপাদন ও আয়তনের হিসাব প্রাক্কলন করা হয়েছে;
- ১৪০টি অপ্রধান ফসলের উৎপাদন ও আয়তনের হিসাব প্রাক্কলন করা হয়েছে;
- কৃষি পরিসংখ্যান বর্ষগ্রন্থ ২০২০ প্রকাশের নিমিত্তে এম আই এস উইং এর আরডিপি শাখায় বইয়ের মুদ্রণের কাজ চলমান রয়েছে।

**২.৭। এ পর্যন্ত বিবিএস প্রকাশিত উল্লেখযোগ্য প্রতিবেদন/প্রকাশনার বিবরণঃ**

| ক্রঃ নং | প্রকাশনার নাম | প্রকাশের সন | প্রকাশ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | কৃষি পরিসংখ্যান বর্ষগ্রন্থ-২০২০ | ২০২১ | সিরিজ-৩২ | |

**২.৮। কৃষি উইং এর আওতাধীন প্রকল্পের নাম:-**

**০১. কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি ২০১৮ প্রকল্প (২য় সংশোধন)।**

বাস্তবায়নকারী সংস্থা: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

বাস্তবায়নকাল: ১ মে ২০১৭ হতে ৩১ ডিসেম্বর ২০২২

সংশোধিত প্রাক্কলিত ব্যয়: ৩৬১৬৯.০৬ লক্ষ টাকা।

## ৩.০ সেন্সাস উইং (CENSUS WING) :

| 72. | Report of Business Directory 2019 – Dhaka Volume I I I | | ১২০ | ১২০ |
| 73. | Report of Business Directory 2019 – Dhaka Volume I V | | ১২০ | ১২০ |
| 74. | Report of Business Directory 2019 – Dhaka Volume V | | ১২০ | ১২০ |

### ৬.১.৭ বিবিএস লাইব্রেরি:

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর লাইব্রেরি পরিসংখ্যান বিষয়ক একটি বিশেষায়িত লাইব্রেরি। প্রায় ৩২ হাজার সংগ্রহ, রেফারেন্স ও দুষ্প্রাপ্য পুস্তকসহ পরিসংখ্যান ভবনের ২য় তলায় নতুন লাইব্রেরি এবং তোপখানা রোড, আনসারি ভবন, ঢাকা, ২য় তলায় পুরাতন লাইব্রেরি অবস্থিত। আধুনিক সকল ধরণের সুযোগসুবিধা সম্বলিত সরকারি পর্যায়ে এটি একটি অন্যতম লাইব্রেরি। লাইব্রেরিতে এক সাথে প্রায় শতাধিক পাঠকের পড়ার ব্যবস্থা আছে। বর্তমানে লাইব্রেরিতে মুক্তিযুদ্ধ বিষয়ক পুস্তক প্রকাশনা সম্বলিত একটি কর্ণার, আর্ন্তজাতিক মানের ৪০০টি ই-বুক এবং বিবিএ সপ্রকাশিত সকল বইয়েরই-বুক সম্বলিত পাঠক বান্ধব কর্ণার স্থাপন করা হয়েছে। এ ছাড়াও রেফারেন্স সেবা, ফটোকপি সেবা, দশটি জাতীয় দৈনিক পত্রিকা, মাসিক পত্রিকা এবং ইন্টারনেট সেবা প্রদান করা হয়। সকল স্তরের পাঠক এ লাইব্রেরি ব্যবহারের সুযোগ পেয়ে থাকেন।

২০২০-২০২১ সালে লাইব্রেরি কার্যক্রম:

১) পাঠকদের চাহিদা অনুসারে তথ্য, ফটোকপি, ইন্টারনেট ও অনলাইন সেবা প্রদান করা হয়।
২) নিয়মিত ভাবে ১০টি সংবাদপত্র ও ২টি সাময়িকী পাঠকদের জন্য রাখা হয়।
৩) বিবিএস বহির্ভূত গত এক বছরে পাঠকের সংখ্যা ১৮২ জন।
৪) লাইব্রেরি কার্ড ইস্যু করা হয়।
৫) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তা/ কর্মচারীদের মধ্যে বই ইস্যু করা হয়।
৬) বিবিএস এর কর্মকর্তা/কর্মচারীকে না- দাবী সনদ প্রদান করা।
৭) লাইব্রেরিতে বহিরাগত পাঠকদের ফটোকপি সেবা প্রদান করা হয়।
৮) দেশি বিদেশি পাঠকদের ডিজিটাল তথ্য সেবা প্রদান করা হয়।
৯) বিবিএস প্রকাশিত (২৫১০) টি বইয়ের PDF ও e-Book কপি লাইব্রেরিতে সংরক্ষিত আছে।
১০) বিবিএস সম্পর্কিত নিউজ ক্লিপিং করা হয়।

## ৭.০ ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং (Industry and Labour Wing):

### ৭.১ ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং এর কার্যাবলী :

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং দেশের শিল্প ও শ্রম সম্পর্কিত সঠিক ও গ্রহণযোগ্য পরিসংখ্যান প্রণয়নের লক্ষ্যে জরিপ, শুমারি ও অনান্য কাযক্রম করে থাকে।

**১. উইং এর কার্যাবলি :**

- শ্রমশক্তি জরিপ (LFS)-এর মাধ্যমে শ্রম বাজার সম্পর্কিত বিভিন্ন সূচক প্রণয়ন;
- বিজনেস রেজিস্টার (BR) প্রণয়ন ও হালনাগাদকরণ;
- উৎপাদন শিল্প প্রতিষ্ঠান জরিপ (SMI) পরিচালনা;
- প্রাতিষ্ঠান ও সংস্থা জরিপ (EIS) পরিচালনা;

- জাতীয় পরিসংখ্যান প্রস্তুতের নিমিত্ত সকল ধরণের শিল্প, পেশা ও পণ্যের শ্রেণি বিন্যাস সম্পর্কিত কোড প্রণয়ন;
- অনানুষ্ঠানিক খাত জরিপ (ISS) পরিচালনা;
- ICT সম্পর্কিত বিভিন্ন সূচক প্রণয়নের লক্ষ্যে ICT জরিপ পরিচালনা;
- এড-হক ভিত্তিতে অন্যান্য জরিপ পরিচালনা করা ;

**Labour Force Survey (LFS):**

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক পরিচালিত জরিপগুলোর মধ্যে শ্রমশক্তি জরিপ একটি গুরুত্বপূর্ণ জরিপ। উক্ত জরিপের মাধ্যমে শ্রমশক্তি, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা এবং শ্রমবাজারের সাথে কর্মসংস্থান সম্পর্কিত গুরুত্বপূর্ণ নির্দেশকসমূহ বের করা হয়। শ্রমশক্তি জরিপ এর মাধ্যমে লিঙ্গভিত্তিক কর্মসংস্থান, বেকারত্ব, শ্রম অভিবাসন, খাত এবং পেশাভেদে শ্রমশক্তি, প্রাতিষ্ঠানিক এবং অ-প্রাতিষ্ঠানিক কর্মসংস্থান, কর্মঘন্টা এবং মজুরি সংক্রান্ত পরিসংখ্যান প্রস্তুত করা হয়। জরিপটির মাধ্যমে নিম্নোক্ত গুরুত্বপূর্ন নির্দেশকসমুহ জানা সম্ভব হয়।

- বেকারত্ব (Unemployment)
- শিল্প সেক্টর অনুযায়ী কর্মসংস্থান এর পরিমাণ (Number of Employment by Industry)
- পেশাভিত্তিক কর্মসংস্থান এর পরিমান (Number of Employment by Occupation)
- কর্মমর্যাদা অনুযায়ী কর্মসংস্থান এর পরিমাণ (Number of Employment by Job Status)
- অনানুষ্ঠানিক কর্মসংস্থান (Employment in the Informal Economy)
- জনসংখ্যা ও কর্মসংস্থান অনুপাত (Employment Population Ratio)
- যুব বেকারত্ব (Youth Unemployment)
- দীর্ঘ মেয়াদী বেকারত্ব (Long Term Unemployment)
- সময় নির্ভর উনিনিয়োজন (Time related Underemployment)
- শ্রমশক্তিতে অংশগ্রহণকারীর হার (Labor force Participation Rate)
- শ্রমশক্তিতে প্রতিবন্ধী জনসংখ্যার হার (Disable Population Rate in Labor Force)
- কর্মঘন্টার পরিমাণ (Horus of Work)
- মাসিক আয় উপার্জন (Monthly Wage Earned)
- খন্ডকালীন কর্মীর সংখ্যা (Part Time Workers)

**Survey of Manufacturig Industries (SMI):**

উৎপাদন শিল্প প্রতিষ্ঠান জরিপ (SMI) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র একটি নিয়মিত কাজ এবং বাংলাদেশের শিল্প পরিসংখ্যান প্রাপ্তির অন্যতম প্রধান উৎস। জরিপটি ১০ বা তার অধিক জনবল বিশিষ্ট উৎপাদন শিল্প প্রতিষ্ঠান সমূহের অর্থনৈতিক কর্মকান্ডের তথ্য সংগ্রহ করে পরিসংখ্যানিক রিপোর্ট প্রকাশের নিমিত্ত পরিচালিত হয়। উৎপাদন শিল্প প্রতিষ্ঠানের মালিকানার ধরন, আইনগত প্রকার, স্থায়ী সম্পদের হিসাব, লিঙ্গ ভিত্তিক নিয়োজিত মোট জনবল, উৎপাদনে ব্যবহৃত কাঁচামাল, জ্বালানি ও অন্যান্য খরচ এবং জাতীয় অর্থনীতিতে উৎপাদন শিল্পখাতের অবদান নির্ণয়ের জন্য Gross output ও Gross Value Addition সংক্রান্ত তথ্য এই জরিপের মাধ্যমে পাওয়া যায়। জরিপটির মাধ্যমে নিম্নোক্ত গুরুত্বপূর্ন নির্দেশকসমুহ জানা সম্ভব হয়।

- উৎপাদন শিল্পের ১০+ কর্মরত জনবল বিশিষ্ট প্রতিষ্ঠানের সংখ্যা নিরূপণ;
- শিল্প শ্রেণিবিভাগ অনুযায়ী প্রতিষ্ঠানের মালিকানা এবং আইনগত প্রকার;
- কর্মের প্রকারভেদে লিঙ্গভিত্তিক নিয়োজিত জনবল;
- কর্মের প্রকারভেদে নিয়োজিত জনবলের বেতন-ভাতা, মজুরি এবং প্রাপ্ত সুবিধাদি;
- শিল্পের প্রকারভেদে নিট স্থায়ী সম্পদের হিসাব ;
- উৎপাদনে ব্যবহৃত কাঁচমাল ও কাঁচামালের উৎস;
- শিল্প প্রতিষ্ঠানের উৎপাদন ক্ষমতার ব্যবহার;
- Industrial & Non Industrial cost এবং
- Gross output and Gross Value Addition নির্ণয়।

**Business Directory:**

শিল্প সংক্রান্ত জরিপের Sampling Frame প্রস্তুত করার জন্য প্রতিষ্ঠানগুলোর তথ্য হালনাগাদ করা প্রয়োজন যা নমুনা জরিপ পরিচালনার জন্য নমুনা কাঠামো হিসেবে ব্যবহৃত হয়। বিজনেস ডিরেক্টরি হালনাগাদকরণ কার্যক্রমের মধ্যে নিম্নোক্ত বিষয়গুলো অন্তর্ভুক্ত রয়েছে।

১) প্রতিষ্ঠানের নাম ও যোগাযোগের ঠিকানা;
২) প্রতিষ্ঠানের অবস্থান;
৩) আরম্ভের বছর;
৪) অফিসের ধরন;
৫) প্রধান অর্থনৈতিক কর্মকান্ড;
৬) প্রধান উৎপাদিত দ্রব্য/সেবা;
৭) উৎপাদিত পণ্যের বাজারজাত ব্যবস্থা;
৮) রেজিস্ট্রেশনের ধরন;
৯) প্রাতিষ্ঠানিক সেক্টর;
১০) প্রতিষ্ঠানের মালিকানার ধরন; এবং
১১) লিঙ্গভেদে স্থায়ী, অস্থায়ী মোট কর্মরত জনবল।

তাছাড়া ১০ ও তদুর্ধ্ব জনবল বিশিষ্ট সকল ধরনের শিল্প ও সেবা প্রতিষ্ঠানের হালনাগাদ ডেটাবেইজ প্রণয়ন;

**Statistical Classification:**

পরিসংখ্যানিক শ্রেণীবিন্যাস (Statistical Classification) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর একটি অন্যতম গুরুত্বপূর্ণ কাজ। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো বর্তমানে International Standard Industrial Classification (ISIC) Rev-4 অনুসরণে Bangladesh Standard Industrial Classification (BSIC) 2020 এবং International Standard Classification of Occupations (ISCO)-2008 অনুসরণে Bangladesh Standard Classification of Occupations (BSCO) 2020 প্রকাশ করে। BCPC (Bangladesh Central Product Classification ) 2012 পণ্য ও সেবার শ্রেণিবিন্যাসের জন্য প্রস্তুত করা হয়।

শিল্প ও শ্রম সংক্রান্ত জরিপে যে সকল শিল্প কোড ব্যবহৃত হয় তা Bangladesh Standard Industrial Classification (BSIC) 2009 থেকে দেয়া হয় এবং পেশা সংক্রান্ত সমস্ত কোড Bangladesh Standard Classification of Occupations (BSCO) 2012 অনুসারে দেয়া হয়। পরিসংখ্যানের প্রকাশিত তথ্যাবলী আন্তর্জাতিকভাবে তুলনাযোগ্য করার জন্য Statistical Classification জরুরি।

ক. শিল্পজাত শ্রেণিবিভাগ (BSIC)

- আন্তর্জাতিক শ্রেণিবিভাগের নিয়মানুযায়ী দেশের সকল অর্থনৈতিক কার্যক্রমের শিল্পজাত শ্রেণিবিভাগ

খ. পেশাভিত্তিক শ্রেণিবিভাগ (BSCO)

- আন্তর্জাতিক তুলনাযোগ্যতা বজায় রেখে অর্থনীতিতে অন্তর্ভুক্ত সকল পেশাগত কার্যক্রমের পেশাভিত্তিক শ্রেণিবিভাগ;

গ. পণ্য শ্রেণিবিভাগ (BCPC)

- পণ্য ও সেবার শ্রেণিবিভাগ।

### ৭.২. ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং এর আওতায় ০১ জানুয়ারি, ২০২১-৩১ ডিসেম্বর, ২০২১ খ্রি: পর্যন্ত সমাপ্ত কার্যক্রমের বিবরণ

### ৭.২.১. Bangladesh Standard Industry and Occupation Classification (BSIC & BSCO):

| | | |
|---|---|---|
| ◆ কর্মকান্ডের নাম | : | Statistical Classification (BSIC & BSCO) |
| বাস্তবায়নকারী সংস্থা | : | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। |
| বাস্তবায়নকাল | : | জানুয়ারি ২০১৯-জুন ২০২১ |
| আরম্ভ | : | জানুয়ারি ২০১৯ |
| সমাপ্তি | : | জুন ২০২১ |
| বাজেট বরাদ্দ | : | ৯২.২৭ লক্ষ টাকা (রাজস্ব খাত) |
| জুন ২০২১ পর্যন্ত কাজের বাস্তব অগ্রগতি | : | ১০০% |

৭.২.২. পাইকারী ও খুচরা ব্যবসা জরিপ :

| | | |
|---|---|---|
| কর্মকান্ডের নাম | : | পাইকারী ও খুচরা ব্যবসা জরিপ |
| কর্মকান্ডের উদ্দেশ্য | : | পাইকারী ও খুচরা ব্যাবসা প্রতিষ্ঠানের সংখ্যা নিরূপণ; ব্যয় নিরূপণ, লিঙ্গ ও ধরন অনুযায়ী কর্মসংস্থান নিরূপণ; মূল্য সংযোজন নিরূপণ এবং জিডিপিতে অবদানের পরিমাণ নির্ণয় ইত্যাদি। |
| বাস্তবায়নকারী সংস্থা | : | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| বাস্তবায়নকাল | : | জানুয়ারি ২০১৯ থেকে জুন ২০২১ |
| আরম্ভ | : | ফেব্রুয়ারি ২০১৯ |
| সমাপ্তি | : | জুন ২০২১ |
| বাজেট বরাদ্দ | : | ৩৮২.৭৬ লক্ষ টাকা (রাজস্ব খাত) |
| জুন ২০২১ পর্যন্ত কাজের বাস্তব অগ্রগতি (%) | : | ১০০ % |

৭.২.৩. হোটেল ও রেস্টুরেন্ট জরিপ :

| | | |
|---|---|---|
| কর্মকান্ডের নাম | : | হোটেল ও রেস্টুরেন্ট জরিপ |
| কর্মকান্ডের উদ্দেশ্য | : | দেশের সকল হোটেল ও রেস্টুরেন্ট প্রতিষ্ঠানের সংখ্যা, সেবা/প্রধান দ্রব্য, Employment, Intermediate Cost, Gross Output, Gross Value Addition, GDP তে অবদান ইত্যাদি নিরূপণ করা। |
| বাস্তবায়নকারী সংস্থা | : | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| বাস্তবায়নকাল | : | জানুয়ারি ২০১৯ থেকে জুন ২০২১ |
| আরম্ভ | : | ফেব্রুয়ারি ২০১৯ |
| সমাপ্তি | : | জুন ২০২১ |
| বাজেট বরাদ্দ | : | ১৬৪.৫০ লক্ষ টাকা (রাজস্ব খাত) |
| জুন ২০২১ পর্যন্ত কাজের বাস্তব অগ্রগতি (%) | : | ১০০ % |

৭.২.৪. সিটিজেন সার্ভে

| | | |
|---|---|---|
| কর্মকান্ডের নাম | : | সিটিজেন সার্ভে |
| কর্মকান্ডের উদ্দেশ্য | : | প্রনীত আইন, নীতি, কর্মসূচি ও প্রক্রিয়া গতিশীল ও কার্যকর করার লক্ষ্যে জাতীয় শাসন ব্যবস্থায় নাগরিকদের মতামত ও অভিজ্ঞতা জানা। |
| বাস্তবায়নকারী সংস্থা | : | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| বাস্তবায়নকাল | : | আগস্ট ২০১৯ থেকে জানুয়ারি ২০২১ |
| আরম্ভ | : | আগস্ট ২০১৯ |
| সমাপ্তি | : | জানুয়ারি ২০২১ |
| বাজেট বরাদ্দ | : | ৭৬.০০ লক্ষ টাকা |
| জুন ২০২১ পর্যন্ত কাজের বাস্তব অগ্রগতি (%) | : | ১০০ % |

## ৭.৩. ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং উইং এর আওতায় চলমান কার্যক্রম:

### ৭.৩.১. শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন প্রকল্প (Improving labour market information through labour force Survey project):

| | | |
|---|---|---|
| ◆ কর্মকান্ডের নাম | : | **শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন প্রকল্প** |
| কর্মকান্ডের উদ্দেশ্য | : | শ্রমশক্তি জরিপের মাধ্যমে জেন্ডারভিত্তিক কর্মসংস্থান, বেকারত্ব, শ্রম অভিবাসন এবং পেশাভিত্তিক শ্রমশক্তি, প্রতিষ্ঠানিক এবং অপ্রতিষ্ঠানিক |

| | | |
|---|---|---|
| | | কর্মসংস্থান, কর্মঘন্টা এবং মজুরি সংক্রান্ত পরিসংখ্যান প্রস্তুত। প্রশ্নপত্রে পৃথক মডিউল ব্যবহারের মাধ্যমে মাইগ্রেশন সম্পর্কিত পরিসংখ্যান প্রস্তুত; এলএফএস এর মাধ্যমে শ্রমবাজারে Seasonal Variation সংক্রান্ত স্টাটিসটিক্স প্রণয়ন; শ্রমবাজারে স্কিলস/সেক্টর এর চাহিদা সম্পর্কিত জরিপ (Labour Demand Survey) পরিচালনা করা। |
| বাস্তবায়নকরী সংস্থা | : | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। |
| বাস্তবায়নকাল | : | জুলাই ২০২০ -জুন ২০২৪ |
| আরম্ভ | : | জুলাই ২০২১ (বাজেট প্রাপ্তি সাপেক্ষে) |
| সমাপ্তি | : | জুন ২০২৪ |
| বাজেট বরাদ্দ | : | ১৪০০.৩৬ লক্ষ টাকা |
| জুন ২০২১ পর্যন্ত কাজের বাস্তব অগ্রগতি | : | ১৬% |

৭.৩.২. **জাতীয় শিশুশ্রম জরিপ ২০২১:**

| | | |
|---|---|---|
| ◆ কর্মকান্ডের নাম | : | **জাতীয় শিশুশ্রম জরিপ ২০২১** |
| কর্মকান্ডের উদ্দেশ্য | : | শিশুশ্রমের ঝুঁকিপূর্ণ ও বিপজ্জনক কাজের ক্ষেত্র নির্ধারন, শিশুশ্রমের বর্তমান পরিস্থিতি নিরূপন, বাংলাদেশের শিশুশ্রম সম্পর্কিত বিস্তারিত তথ্য সমৃদ্ধকরণ, কর্মজীবি শিশুদের স্বাস্থ্য ও শিক্ষার অবস্থা জানা ইত্যাদি। |
| বাস্তবায়নকরী সংস্থা | : | আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO) এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (BBS) এর মধ্যে বাস্তবায়ন চুক্তি এর আওতায় জরিপ কার্যক্রমটি পরিচালিত হবে। |
| বাস্তবায়নকাল | : | ১৮ (আঠারো) মাস |
| আরম্ভ | : | জানুয়ারি ২০২১ (ওর্য়াকপ্লান অনুযায়ী) |
| সমাপ্তি | : | জুন ২০২২ (সম্ভাব্য) |
| বাজেট বরাদ্দ | : | ২৫০.০০ লক্ষ টাকা |
| জুন ২০২১ পর্যন্ত কাজের বাস্তব অগ্রগতি | : | ২০ % |

৭.৩.৩. **ব্যবসা সম্ভাবনাময় প্রসিদ্ধ, লুপ্তপ্রায় হস্ত ও কারুশিল্পজাত পণ্য সংক্রান্ত জরিপ ২০২২:**

| | | |
|---|---|---|
| ◆ কর্মকান্ডের নাম | : | ব্যবসা সম্ভাবনাময় প্রসিদ্ধ, লুপ্তপ্রায় হস্ত ও কারুশিল্পজাত পণ্য সংক্রান্ত জরিপ ২০২২ |
| কর্মকান্ডের উদ্দেশ্য | : | দেশের বিপন্ন ও বিলুপ্তপ্রায় সম্ভাবনাময় হস্ত ও কারুশিল্পের একটি সঠিক পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ করা; এ শিল্পের সাথে জড়িত জনবলের পরিসংখ্যান এবং এই খাতে সরকারের পরিকল্পনা প্রণয়নে সাহায্য করা। |
| বাস্তবায়নকরী সংস্থা | : | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| বাস্তবায়নকাল | : | ১৬ (ষোল) মাস |
| আরম্ভ | : | সেপ্টেম্বর ২০২১ হতে ডিসেম্বর ২০২২ |
| সমাপ্তি | : | ডিসেম্বর ২০২২ (সম্ভাব্য) |
| বাজেট বরাদ্দ | : | ২৮১.০০ লক্ষ টাকা (MoU এর মাধ্যমে প্রাপ্ত) |
| ডিসেম্বর ২০২১ পর্যন্ত কাজের বাস্তব অগ্রগতি | : | ১০ % |

### ৭.৩.৪. 'ব্যক্তি ও খানা পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) ব্যবহারের সুযোগ ও প্রয়োগ পরিমাপ' শীর্ষক প্রকল্প:

| | | |
|---|---|---|
| কর্মকান্ডের নাম | : | ব্যক্তি ও খানা পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) ব্যবহারের সুযোগ ও প্রয়োগ পরিমাপ |
| কর্মকান্ডের উদ্দেশ্য | : | আইসিটি পরিষেবাদি ব্যবহারের ধরনগুলো বুঝার উদ্দেশ্যে আর্থ-সামাজিক তথ্য অর্জন; ব্যক্তি ও খানাসমূহ দ্বারা আইসিটি ব্যবহার ও প্রয়োগ সম্পর্কে সর্বশেষ ও সুনির্দিষ্ট তথ্যসংগ্রহ করা; এসডিজি ট্র্যাকার, আইটিইউ এবং আইসিটি বিকাশ সূচকসহ (আইডিআই) স্থানীয় ও আন্তর্জাতিক এজেন্সিসমূহকে তথ্য সরবরাহ করতে সহায়তা করে এমন খানা ও ব্যক্তি সম্পর্কিত আইসিটি সূচক তৈরি করা। |
| বাস্তবায়নকারী সংস্থা | : | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| বাস্তবায়নকাল | : | ১ জুলাই ২০২১ থেকে ৩০ শে জুন ২০২৩ পর্যন্ত। |
| আরম্ভ | : | ১ জুলাই ২০২১ |
| সমাপ্তি | : | ৩০ শে জুন ২০২৩ (সম্ভাব্য) |
| বাজেট বরাদ্দ | : | ৪৯৯.২ লক্ষ টাকা |
| ডিসেম্বর ২০২১ পর্যন্ত কাজের বাস্তব অগ্রগতি | : | ১% |




পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর আওতায় শ্রমশক্তি জরিপের লিষ্টিং কার্যক্রমের প্রশিক্ষণ উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব ড. শাহনাজ আরেফিন, এনডিসি; সভাপতি জনাব মোহাম্মদ তাজুল ইসলাম, মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো; অনুষ্ঠানের বিশেষ অতিথি পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অতিরিক্ত সচিব জনাব রেজাউল আযম ফারুকী এবং ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং পরিচালক জনাব কবির উদ্দিন আহাম্মদ।



জাতীয় শিশুশ্রম জরিপের ইনসেপশন ওয়ার্কশপে উপস্থিত বর্তমান মাননীয় পরিকল্পনা মন্ত্রী জনাব এম এ মান্নান, এমপি; সম্মানিত বিশেষ অতিথি জনাব মো. এহছানে এলাহী, সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়; সম্মানিত অতিথি আইএলও (ILO) কান্ট্রি ডিরেক্টর মি. তোমো পৌওটিনেন, সম্মানিত সভাপতি পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের জনাব মোহাম্মদ ইয়ামিন চৌধুরী এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মহাপরিচালক জনাব মোহাম্মদ তাজুল ইসলাম।




পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর আওতায় শ্রমশক্তি জরিপের 'Capacity Building and Consultation Workshop on Labour Force Survey Questionnaire' চূড়ান্তকরণ অনুষ্ঠানে স্টেকহোল্ডারদের সাথে শ্রমশক্তি জরিপ প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব আজিজা রহমান।

## ৮.০ ন্যাশনাল একাউন্টিং উইং:

### ৮.১ জাতীয় আয় (সেবা, শিল্প, কৃষি) শাখা:

- ২০১৯-২০ অর্থবছরের চূড়ান্ত এবং ২০২০-২১ অর্থবছরের সাময়িক জিডিপি অনুমোদিত এবং প্রকাশিত হয়েছে। অনুমোদনের পর যথারীতি বিবিএস এর ওয়েবসাইট www.bbs.gov.bd-এ প্রকাশ করা হয়েছে।
- "জাতীয় হিসাব পরিসংখ্যান (২০২০-২১ অর্থবছরের জিডিপির সাময়িক হিসাব এবং ২০১৯-২০ অর্থবছরের জিডিপির চূড়ান্ত হিসাব)" শীর্ষক প্রকাশনাটি প্রকাশ করা হয়েছে এবং কপিসমূহ সংশ্লিষ্ট অংশীজনদের বিতরণ করা হয়েছে।
- নতুন ভিত্তি বছরের (২০১৫-১৬) জিডিপি ২০১৫-১৬ অর্থবছর থেকে ২০২০-২১ (p) পর্যন্ত একনেক পরবর্তী সংবাদ সম্মেলনে মাননীয় মন্ত্রী মহোদয় আনুষ্ঠানিকভাবে প্রকাশ করেছেন। অংশীজনের চাহিদা বিবেচনা করে বিবিএস এর ওয়েবসাইটে ২০১৫-১৬ অর্থবছর থেকে ২০২০-২১ (p) পর্যন্ত নতুন ভিত্তিবছরের জিডিপি প্রকাশ করা হয়েছে।
- বাংলাদেশ এলডিসি দেশ থেকে উত্তোরণের নিমিত্ত IPoA (Istanbul Programme of Action) এর সকল সূচকসমূহ ২০২১ পর্যন্ত প্রয়োজনীয় বিভিন্ন তথ্য উপাত্ত প্রাক্কলনপূর্বক নিয়মিত হালনাগাদ করে সরবরাহ করা হয়েছে।
- পরিকল্পনা কমিশন, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংকসহ জাতীয় পর্যায়ে এবং SAARC, UN, UNSD ESCAP, IMF, ADB, World Bank, UNSD, IEA সহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থায় চাহিদা মোতাবেক তথ্য সরবরাহ করা হয়েছে।
- ত্রৈমাসিক ভিত্তিতে জাতীয় হিসাব প্রাক্কলনের লক্ষ্যে ন্যাশনাল একাউন্টিং উইং (জিডিপি ও বৈদেশিক বাণিজ্য) কর্তৃক একটি ওয়ার্কিং কমিটি গঠিত হয়। ত্রৈমাসিক ভিত্তিতে জাতীয় হিসাব প্রাক্কলন কার্যক্রমের জন্য বিভিন্ন বিভাগ/মন্ত্রণালয়/দপ্তর/পরিদপ্তরের সাথে যোগাযোগ করা হচ্ছে ও প্রযোজ্য ক্ষেত্রে অফিসিয়াল পত্র প্রেরণ কার্যক্রম চলছে। অক্টোবর/২১ মাসে ত্রৈমাসিক ভিত্তিতে জাতীয় হিসাব প্রাক্কলনে করণীয় বিষয়ক একটি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।
- জাতিসংঘের পরিসংখ্যান বিভাগের (UNSD) চাহিত National Accounts Questionnaire (NAQ) 2020- Bangladesh এর জন্য জাতীয় আয়ের তথ্য ও উপাত্ত প্রস্তুত করে প্রেরণ করা হয়েছে।
- এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক এর Key Indicator for Asia and the Pacific 2021 এর তথ্য ও উপাত্ত সরবরাহ করা হয়েছে।
- অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার জন্য বাংলাদেশ পরিকল্পনা কমিশন হতে চাহিত তথ্য উপাত্ত হালনাগাদ পূর্বক প্রেরণ করা হয়েছে।
- অর্থনৈতিক সম্পর্ক বিভাগের চাহিত তথ্য উপাত্তের (জিডিপি ২০২০-২১) সাময়িক হিসাব সরবরাহ করা হয়েছে।
- অর্থ বিভাগ কর্তৃক প্রণীতব্য Economic Review এর প্রয়োজনীয় তথ্য উপাত্ত সরবরাহ করা হয়েছে।
- ইউএস জিওলজিকাল সার্ভের জন্য প্রয়োজনীয় তথ্য উপাত্ত সরবরাহ করা হয়েছে।
- অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার উন্নয়ন ফলাফল কাঠামো (DRF) এর জন্য হালনাগাদ তথ্য-উপাত্ত প্রেরণ করা হয়েছে।
- পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক আয়োজিত Knowledge Sharing শীর্ষক LDC এর বিভিন্ন সূচকের প্রাক্কলন পদ্ধতি বিস্তারিত উপস্থাপন করা হয়েছে।
- নতুন সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে ন্যাশনাল একাউন্টিং উইং এর সকল কার্যক্রম বিস্তারিতভাবে বর্ণনা দিয়ে একটি উপস্থাপনা পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষে দেয়া হয়েছে।
- ন্যাশনাল একাউন্টিং উইং এর অধীন জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি (NDCC) এর অর্থনীতি বিষয়ক কারিগরি কমিটির ৭ম সভা অনুষ্ঠিত হয়েছে।

### জাতীয় ব্যয় শাখা

- ২০১৯-২০ অর্থবছরের ব্যয় ভিত্তিক চূড়ান্ত এবং ২০২০-২১ অর্থ বছরের ব্যয় ভিত্তিক সাময়িক জিডিপি অনুমোদিত এবং প্রকাশিত হয়েছে। অনুমোদনের পর যথারীতি বিবিএস এর ওয়েবসাইট www.bbs.gov.bd-এ প্রকাশ করা হয়েছে।
- ব্যয় ভিত্তিক জিডিপি এর সকল তথ্য ও উপাত্ত সম্বলিত "জাতীয় হিসাব পরিসংখ্যান (২০২০-২১ অর্থবছরের জিডিপির সাময়িক হিসাব এবং ২০১৯-২০ অর্থবছরের জিডিপির চূড়ান্ত হিসাব)" শীর্ষক প্রকাশনাটি প্রকাশ করা হয়েছে এবং হার্ডকপি মুদ্রণ সম্পন্ন হয়েছে। কপিসমূহ সংশ্লিষ্ট অংশীজনদের বিতরণ করা হয়েছে।
- ২০২০-২১ অর্থ বছরের কেন্দ্রিয় সরকারের রাজস্ব বাজেট শ্রেণিবিন্যাস করে Year Book ও Pocket Book এ তথ্য প্রদান করা হয়েছে।
- ব্যয় ভিত্তিক জিডিপি ও পাবলিক বিনিয়োগ প্রাক্কলনের জন্য স্থানীয় সরকার (পৌরসভা, জেলা পরিষদ ও সিটি করপোরেশন) এর ২০১৯-২০ ও ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেটের ডাটা কম্পিউটারে ধারণ করা হচ্ছে এবং ২০২১-২২ অর্থবছরের প্রস্তাবিত বাজেটের ডাটা কম্পিউটারে ধারণ করার কাজ চলমান রয়েছে।
- এসডিজির বিভিন্ন তথ্য উপাত্ত নিয়মিতভাবে সরবরাহ করা হয়।

**বৈদেশিক বাণিজ্য শাখা**

- জাতীয় রাজস্ব বোর্ড হতে অনলাইনের মাধ্যমে January to December, 2021 মোট ১২ মাসের আমদানী ও রপ্তানী সংক্রান্ত তথ্য সংগ্রহ করা হয়েছে।
- Monthly Release (FTS) এর প্রকাশনাটি জানুয়ারি থেকে ডিসেম্বর ২০২১ সময়ে মোট ১২ টি সংখ্যা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।
- Foreign Trade Statistics of Bangladesh 2019-20 প্রকাশ করা হয়েছে। উল্লেখ্য যে, এটি বছরে একবার প্রকাশ করা হয়ে থাকে।

**৮.২ ন্যাশনাল একাউন্টিং (মূল্য ও মজুরি):**

- নির্ধারিত চার প্রকার দরছকের মাধ্যমে মোট ১৪০ টি (৬৪টি জেলার ১২৮ টি ও ঢাকা শহরের ১২টি) মার্কেট হতে বিভিন্ন দ্রব্য ও সেবার মূল্য ও মজুরি সংক্রান্ত তথ্য-উপাত্ত সংগ্রহপূর্বক প্রতিমাসে ভোক্তা মূল্য সূচক (Consumer Price Index-CPI), মূল্যস্ফীতির হার (Inflation Rate-IR) ও মজুরি হার সূচক (Wage Rate Index-WRI) প্রস্তুত করে জানুয়ারি ২০২১ হতে ডিসেম্বর ২০২১ সময়কালের মধ্যে ১২টি মাসিক প্রকাশনা প্রস্তুত ও প্রকাশ করা হয়েছে।
- নির্ধারিত চার প্রকার দরছকের মাধ্যমে সংগৃহিত তথ্য-উপাত্ত ব্যবহার করে প্রতিমাসে নিম্নবর্ণিত সূচকসমূহ তৈরির কাজ সম্পাদন করা হয়েছে:

ক) ভোক্তা মূল্য সূচক (Consumer Price Index-CPI), মূল্যস্ফীতির হার (Inflation Rate-IR) শহর ও পল্লী জানুয়ারি ২০২১ হতে ডিসেম্বর ২০২১ পর্যন্ত (মাসিক);
খ) মজুরি হার সূচক (Wage Rate Index-WRI) জানুয়ারি ২০২১ হতে ডিসেম্বর ২০২১ পর্যন্ত (মাসিক);
গ) গৃহনির্মাণসামগ্রির মূল্য সূচক (Building Materials Price Index- BMPI) জানুয়ারি ২০২১ হতে ডিসেম্বর ২০২১পর্যন্ত (মাসিক);
ঘ) বাড়ি ভাড়া সূচক (House Rent Index-HRI) জানুয়ারি-মার্চ ২০২১ হতে অক্টোবর-ডিসেম্বর ২০২১ পর্যন্ত চার কোয়ার্টারে প্রস্তুত ও প্রকাশ করা হয়েছে (ত্রৈমাসিক)।

- ভোক্তা মূল্য সূচক (Consumer Price Index-CPI) এর ভিত্তি বছর 2005-06 হতে 2015-16 তে পরিবর্তনের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে;
- মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়কর্তৃক ভোক্তার মূল্য সূচক (Consumer Price Index-CPI), মূল্যস্ফীতির হার (Inflation Rate-IR) এবং মজুরি হার সূচক (Wage Rate Index-WRI) প্রতিমাসের প্রথম একনেক সভা পরবর্তী সংবাদ সম্মেলনে প্রকাশ করা হয়েছে।

চলতি উৎপাদন শাখাঃ

- Quantum Index of Industrial Production (QIIP)-Large and Medium Scale Industries January 2021 থেকে December 2021 সময়ের মধ্যে মোট ১২ টি সংখ্যা প্রকাশিত হয়েছে (মাসিক);
- Quantum Index of Industrial Production (QIIP)-Small Scale Industries 2020-21 অর্থ বছরের ৩টি কোয়ার্টার ও 2021-22 অর্থ বছরেরর ১টি কোয়ার্টারের সূচকসমূহ প্রণয়ন করা হয়েছে (ত্রৈমাসিক)। উক্ত সূচকসমূহ Monthly Statistical Bulletin-Bangladesh শীর্ষক প্রকাশনায় প্রকাশিত হয়েছে;
- Industrial Production Statistics (IPS) শীর্ষক মাসিক প্রকাশনাটি January 2021 থেকে December 2021 পর্যন্ত সময়ে মোট ১২ টি সংখ্যা প্রকাশিত হয়েছে (মাসিক);
- Producer Price Index (PPI)-January 2021 থেকে December 2021 পর্যন্ত সময়ে মোট ১২ টি সূচক প্রণয়ন করা হয়েছে (মাসিক)। উক্ত সূচকসমূহ Monthly Statistical Bulletin-Bangladesh শীর্ষক প্রকাশনায় প্রকাশিত হয়েছে;
- Quantum Index of Industrial Production-Large and Medium Scale Industries এর ভিত্তি বছর 2005-06 হতে 2015-16 এ পরিবর্তনের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে;
- Quantum Index of Industrial Production-Small Scale Industries এর ভিত্তি বছর 1995-96 হতে 2015-16 এ পরিবর্তনের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে;
- Producer Price Index (PPI) এর ভিত্তি বছর 2005-06 হতে 2015-16 এ পরিবর্তনের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে।

পান্ডুলিপি (প্রকাশনা) শাখাঃ

- Monthly Statistical Bulletin-Bangladesh জানুয়ারি ২০২১ হতে ডিসেম্বর ২০২১ পর্যন্ত মোট ৬টি সংখ্যা প্রকাশিত হয়েছে (দ্বিমাসিক);
- Statistical Pocketbook-2020 সংখ্যা তথ্য-উপাত্ত সংগ্রহপূর্বক ২০২১ সালে প্রকাশিত হয়েছে (বাৎসরিক);
- Statistical Yearbook Bangladesh 2020 সংখ্যা তথ্য-উপাত্ত সংগ্রহপূর্বক ২০২১ সালে প্রকাশিত হয়েছে (বাৎসরিক);
- Selected Statistics of Bangladesh 2020 সংখ্যা তথ্য-উপাত্ত সংগ্রহপূর্বক ২০২১ সালে প্রকাশিত হয়েছে (বাৎসরিক)।

**৮.৩. ন্যাশনাল একাউন্টিং উইং এর আওতাধীন চলমান প্রকল্পসমূহের নাম:**

৮.৩.১. Household Income and Expenditure Survey (HIES),

**৮.৩.২. ইমপ্রুভমেন্ট অব জিডিপি কম্পাইলেশন এন্ড রিবেজিং অব ইন্ডিসিস প্রকল্প,**

**৮.৩.৩. পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান শক্তিশালীকরণ (ইসিডিএস) প্রকল্প।**

**৮.৪. ন্যাশনাল একাউন্টিং উইং এর আওতাধীন চলমান কর্মসূচিসমূহের নাম:**

**৮.৪.১. দারিদ্র্য পরিস্থিতি পরিমাপে র‍্যাপিড জরিপ (RSPA)-২০২১।**

## ৯.০ স্ট্যাটিস্টিক্যাল স্টাফ ট্রেনিং ইনস্টিটিউট (SSTI):

মানব সম্পদ উন্নয়ন ও পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর স্ট্যাটিস্টিক্যাল স্টাফ ট্রেনিং ইনস্টিটিউট (এসএসটিআই) নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করে আসছে। জাতীয় পরিসংখ্যান প্রতিষ্ঠান হিসাবে বিবিএস জনশুমারি, অর্থনৈতিক শুমারি, কৃষি (কৃষি,মৎস্য ও প্রাণি সম্পদ) শুমারিসহ সরকার কর্তৃক নির্ধারিত বিভিন্ন শুমারি পরিচালনা করে। অধিকন্তু খানার আয়-ব্যয় জরিপ, সার্ভে অব ম্যানুফ্যাকচারিং ইন্ডাস্ট্রি (এসএমআই), জিডিপি

প্রাক্কলনসহ বিভিন্ন বিষয়ে জরিপ পরিচালনা করে আসছে। এসএসটিআই মৌলিক পরিসংখ্যান,বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি, নাগরিক সেবায় উদ্ভাবন এবং জাতীয় শুদ্ধাচার কৌশল, টেকসই উন্নয়ন অভীষ্ট (SDGs), Project Planning, Development, ইনোভেশন, তথ্যঅধিকার, এপিএ এবং শুদ্ধাচার, জিওকোড ও জিআইএস বিষয়ক প্রশিক্ষণ, Language (Bangla & English), ই-নথি, উদ্ভাবন কর্মপরিকল্পনা, ই-গভন্যান্স, সরকারী সম্পদ ব্যবহারে মিতব্যায়িতা, PPR With e-GP, শুমারী ও জরিপ, এসিআর লিখন ইত্যাদি কোর্সসমূহ আয়োজন করে আসছে।

২০২১ সালে এসএসটিআই ৩৮টি প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে সর্বমোট ১৩০৫ জন কর্মকর্তা/কর্মচারিকে প্রশিক্ষণ প্রদান করেছে। নিম্নে তা বিস্তারিত বর্ণিত হলো:

| ক্রম | প্রশিক্ষণ কোর্সের নাম | মেয়াদ | সময়কাল | গ্রেড | সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১ | মৌলিক পরিসংখ্যান | ০৩-০৭ জানুয়ারি২১ | ৫ কর্ম দিবস | ১১-১৬ গ্রেড | ৩০ |
| ২ | বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি | ১০-১৪ জানুয়ারি ২১ | ৫ কর্ম দিবস | ৯ -৪ গ্রেড | ১৫০ |
| ৩ | বেসিক ফিনানসিয়াল ম্যানেজমেন্ট | ১৭-২০ জানুয়ারি ২১ | ৫ কর্ম দিবস | ১১-১৬ গ্রেড | ৩০ |
| ৪ | বেসিক অফিস ম্যানেজমেন্ট | ০৭-১১ ফেব্রুয়ারি ২১ | ৫ কর্ম দিবস | ১১-১৬ গ্রেড | ৩০ |
| ৫ | বেসিক ফিনানসিয়াল ম্যানেজমেন্ট | ১৪-১৮ ফেব্রুয়ারি ২১ | ৫ কর্ম দিবস | ১১-১৬ গ্রেড | ৩০ |
| ৬ | নাগরিক সেবায় উদ্ভাবন এবং জাতীয় শুদ্ধাচার কৌশল | ২২-২৫ ফেব্রুয়ারি ২১ | ৫ কর্ম দিবস | ১১-১৬ গ্রেড | ২৯ |
| ৭ | Basic Computer | ২৮ ফেব্রু.-৪ মার্চ ২১ | ৫ কর্ম দিবস | ১১-১৬ গ্রেড | ২৪ |
| ৮ | KBA & Heidelberg মুদ্রণ এবং বাইন্ডিং ও কাটিং মেশিন | ০৭-১১ মার্চ ২১ | ৫ কর্ম দিবস | ১১-২০ গ্রেড | ৩৪ |
| ৯ | ই-নথি Expert বিষয়ক প্রশিক্ষণ | ১৪-১৮ মার্চ ২১ | ৪ কর্ম দিবস | ৯ -১৬ গ্রেড | ২৪ |
| ১০ | মৌলিক পরিসংখ্যান | ২১-২৫ মার্চ ২১ | ৫ কর্ম দিবস | ১১-১৬ গ্রেড | ২৭ |
| ১১ | টেকসই উন্নয়ন অভীষ্ট (SDGs) | ২৮মার্চ-১এপ্রিল ২১ | ৪ কর্ম দিবস | ১০-৬ গ্রেড | ২৭ |
| ১২ | প্রজেক্ট প্লানিং, ডেভেলপমেন্ট এণ্ড ম্যানেজমেন্ট কোর্স | ১১-১৩ এপ্রিল ২১ | ৩ কর্ম দিবস | ৬-৪ গ্রেড | ২৮ |
| ১৩ | কৃষি পরিসংখ্যান | ০৬-১০ জুন ২১ | ৫ কর্ম দিবস | ১১-১৬ গ্রেড | ২০ |
| ১৪ | সচিবালয় নির্দেশমালা-২০১৪ এবং সরকারী কর্মচারীদের জন্য বিভিন্ন আইন | ১৩-১৭ জুন ২১ | ৫ কর্ম দিবস | ১১-১৬ গ্রেড | ৩০ |
| ১৫ | কম্পিউটার লিটারেসি | ২৫-২৯ জুন ২১ | ৫ কর্ম দিবস | ১৭-২০ গ্রেড | ২৪ |
| ১৬ | টেকসই উন্নয়নঅভীষ্ট (SDG) | ১১-১৮ আগস্ট, ২১ | ৫ কর্ম দিবস | ১০-৫ গ্রেড | ২৫ |
| ১৭ | ইনোভেশন, তথ্য অধিকার, এপিএ এবং শুদ্ধাচার | ১৯-২৫ আগস্ট, ২১ | ৫ কর্ম দিবস | ১০-৪ গ্রেড | ২৫ |
| ১৮ | জিওকোড ও জিআইএস বিষয়ক প্রশিক্ষণ | ২৬আ.-১সেপ্টে, ২১ | ৫ কর্ম দিবস | ৯-৫ গ্রেড | ২২ |
| ১৯ | বেসিক অফিস ম্যানেজমেন্ট (১ম ব্যাচ) | ০৫-০৯সেপ্টেম্বর ২১ | ৫ কর্ম দিবস | ১১-১৬ গ্রেড | ২৫ |
| ২০ | Language (Bangla & English) কোর্স | ১২-১৬সেপ্টেম্বর ২১ | ৫ কর্ম দিবস | ১০-৪ গ্রেড | ২৪ |
| ২১ | বেসিক ফিনানসিয়াল ম্যানেজমেন্ট | ১৯-২৩সেপ্টেম্বর ২১ | ৫ কর্ম দিবস | ১১-১৬ গ্রেড | ২৫ |
| ২২ | বেসিক অফিস ম্যানেজমেন্ট (২য় ব্যাচ) | ২৬-৩০ সেপ্টে.২১ | ৫ কর্ম দিবস | ১০-১৬ গ্রেড | ৩০ |
| ২৩ | এপিএ, ইনোভেশন, তথ্য অধিকার,এবং শুদ্ধাচার (২য় ব্যাচ) | ০৩-০৭ অক্টো.২১ | ৫ কর্ম দিবস | ১১-১৬ গ্রেড | ৩০ |
| ২৪ | বেসিক ফিনানসিয়াল ম্যানেজমেন্ট (২য়ব্যাচ) | ১০-১৪ অক্টো.২১ | ৫ কর্ম দিবস | ১১-১৬ গ্রেড | ৩০ |
| ২৫ | শুমারি ও জরিপ | ১৭-২১ অক্টো. ২১ | ৪ কর্ম দিবস | ১১-১৬ গ্রেড | ২১ |
| ২৬ | উদ্ভাবন কর্মপরিকল্পনা, ই-গভন্যান্স, সরকারী সম্পদ ব্যবহারে মিতব্যায়িতা | ২৪-২৮ অক্টো. ২১ | ৫ কর্ম দিবস | ১০-১৬ গ্রেড | ৩০ |
| ২৭ | ই-নথি | ৩১ অক্টো-০৪নভে.২১ | ৫ কর্ম দিবস | ১০-৪ গ্রেড | ২৪ |
| ২৮ | শুমারী ও জরিপ ২য়ব্যাচ | ০৭-১১ নভেম্বর ২১ | ৫ কর্ম দিবস | ১১-১৬ গ্রেড | ৩০ |
| ২৯ | ই-নথি | ১৪-১৬ নভেম্বর ২১ | ৫ কর্ম দিবস | ১১-১৬ গ্রেড | ২৪ |
| ৩০ | আয়কর রিটার্ন দাখিল | ১৭ নভেম্বর ২১ | ১ কর্ম দিবস | ১০-৪ গ্রেড | ৭৭ |
| ৩১ | আয়কর রিটার্ন দাখিল | ১৮ নভেম্বর ২১ | ১ কর্ম দিবস | ১০-৪ গ্রেড | ৭৫ |
| ৩২ | PPR With e-GP (১ম ব্যাচ) | ২১-২৫ নভেম্বর ২১ | ৫ কর্ম দিবস | ৯-৪ গ্রেড | ২৪ |
| ৩৩ | PPR With e-GP (২য় ব্যাচ) | ২৮নভে-২ডিসে.২১ | ৫ কর্ম দিবস | ১০-১৬ গ্রেড | ২৪ |
| ৩৪ | স্টাফ ডেভেলপমেন্ট (১ম ব্যাচ) | ৫-৯ ডিসেম্বর ২১ | ৫ কর্ম দিবস | ১৭-২০ গ্রেড | ৩৩ |
| ৩৫ | শুমারী ও জরিপ | ১২-১৯ ডিসেম্বর ২১ | ৫ কর্ম দিবস | ১০-১৬ গ্রেড | ৩০ |

| ক্রম | প্রশিক্ষণ কোর্সের নাম | মেয়াদ | সময়কাল | গ্রেড | সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ৩৬ | স্টাফ ডেভেলপমেন্ট (২য় ব্যাচ) | ২০-২৬ডিসেম্বর ২১ | ৫ কর্ম দিবস | ১৭-২০ গ্রেড | ৩৮ |
| ৩৭ | ই-নথি | ২৭-২৯ ডিসেম্বর ২১ | ৩ কর্ম দিবস | ১১-১৬ গ্রেড | ২৫ |
| ৩৮ | এসিআর লিখন | ৩০ ডিসেম্বর ২১ | ১ কর্ম দিবস | ৯-৪ গ্রেড | ৬৯ |
| | | | | সর্বমোট = | ১৩০৫ জন |



স্ট্যাটিসটিক্যাল স্টাফ ট্রেনিং ইনস্টিটিউট কর্তৃক আগস্ট ২০২১ খ্রি. মাসে আয়োজিত কর্মকর্তা/কর্মচারিদের শুদ্ধাচার , ইনোভেশন ও এপিএ বিষয়ক প্রশিক্ষণ কোর্সে বক্তব্য রাখছেন বিবিএস এর মহাপরিচালক ।



স্ট্যাটিসটিক্যাল স্টাফ ট্রেনিং ইনস্টিটিউট কর্তৃক আগস্ট ২০২১ খ্রি মাসে কর্মকর্তাদের জন্য আয়োজিত ইনোভেশন, তথ্য অধিকার, এপিএ এবং শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ কোর্সের একাংশ।



স্ট্যাটিসটিক্যাল স্টাফ ট্রেনিং ইনস্টিটিউট কর্তৃক নভেম্বর ২০২১ খ্রি. মাসে কর্মচারিদের জন্য আয়োজিত ই-ফাইলিং প্রশিক্ষণ কোর্সের একাংশ।



স্ট্যাটিসটিক্যাল স্টাফ ট্রেনিং ইনস্টিটিউট কর্তৃক নভেম্বর ২০২১ খ্রি মাসে কর্মকর্তাদের জন্য আয়োজিত Public Procurement Rule With e-GP বিষয়ক প্রশিক্ষণ কোর্সে বক্তব্য রাখছেন অতিরিক্ত সচিব (উন্নয়ন) ,**পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।**



স্ট্যাটিসটিক্যাল স্টাফ ট্রেনিং ইনস্টিটিউট কর্তৃক অক্টোবর ২০২১ খ্রি. মাসে আয়োজিত বেসিক ফিন্যানসিয়াল ম্যানেজমেন্ট প্রশিক্ষণ কোর্সের একাংশ।



স্ট্যাটিসটিক্যাল স্টাফ ট্রেনিং ইনস্টিটিউট কর্তৃক নভেম্বর / ২০২১ মাসে PPR With e-GP বিষয়ক প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থীগণ।



স্ট্যাটিসটিক্যাল স্টাফ ট্রেনিং ইনস্টিটিউট কর্তৃক ডিসেম্বর ২০২১ খ্রি. মাসে এসিআর বিষয়ক প্রশিক্ষণ কোর্সে কর্মকর্তাদের প্রশিক্ষণ।

## ❋ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর আওতাধীন চলমান প্রকল্পসমূহের বিবরণঃ

### ১. প্রকল্পের নাম: কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি ২০১৮ প্রকল্প (২য় সংশোধন)

বাস্তবায়নকারী সংস্থা: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

বাস্তবায়নকাল: ১ মে ২০১৭ হতে ৩১ ডিসেম্বর ২০২২

সংশোধিত প্রাক্কলিত ব্যয়: ৩৬১৬৯.০৬ লক্ষ টাকা।

ভূমিকা:

বাংলাদেশ কৃষি প্রধান দেশ। গ্রামীণ অর্থনীতি তথা দেশের আয়ের মূল চালিকা শক্তি হচ্ছে কৃষি। বাংলাদেশের অর্থনীতিতে কৃষির অবদান অপরিসীম। দেশের অধিকাংশ লোক কৃষি কাজে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে জড়িত। জাতীয় উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে কৃষি খাতের তথ্য উপাত্ত অত্যন্ত গুরুত্বপূর্ণ। টেকসই উন্নয়ন পরিকল্পনার মাধ্যমে কৃষি খাতকে আরো এগিয়ে নিতে সঠিক তথ্য প্রয়োজন। কৃষি শুমারিতে কৃষি খানার সংখ্যা, খানার আকার, ভূমির মালিকানা, ভূমির ব্যবহার, কৃষির প্রকার, শস্যের ধরন, চাষ পদ্ধতি, গবাদিপশু ও হাঁস-মুরগির সংখ্যা, মৎস্য চাষ, কৃষি ক্ষেত্রে নিয়োজিত জনবল সম্পর্কিত তথ্য পাওয়া যায়। এ উপাত্ত ব্যবহার করে কৃষি খাতের সুষ্ঠু পরিকল্পনার মাধ্যমে অধিক খাদ্য উৎপাদন নিশ্চিত করা সম্ভব হয়। অত্র ভূ-খন্ডে ১৯৬০ সালে প্রথম কৃষি শুমারি অনুষ্ঠিত হয়। স্বাধীনতা পরবর্তী ১৯৭৭, ১৯৮৩-৮৪, ১৯৯৬ ও ২০০৮ সালে এদেশে কৃষি শুমারি অনুষ্ঠিত হয়েছে। ২০১৯ সালে ৬ষ্ঠ কৃষি শুমারি অনুষ্ঠিত হয়।

কৃষি শুমারির উদ্দেশ্য:

- শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ খাতের পর্যায়ক্রমিক পরিসংখ্যান প্রস্তুত করা;
- কৃষি খাতের কাঠামোগত পরিবর্তন সংক্রান্ত পরিসংখ্যান সরবরাহ করা;
- ভূমির ব্যবহার, চাষযোগ্য জমির প্রকার ও ফসল বৈচিত্র্যের পরিসংখ্যান সরবরাহ করা;
- কৃষি উপকরণ, সেচ ও যন্ত্রপাতি সম্পর্কিত পরিসংখ্যান সরবরাহ করা এবং
- কৃষি বিষয়ক জরিপের জন্য নমুনায়ন কাঠামো সরবরাহ।

শুমারির গুরুত্ব:

- কৃষি বিষয়ক নীতি ও পরিকল্পনা প্রণয়ন;
- ব্যবসা বাণিজ্যে বিনিয়োগ ও সিদ্ধান্ত গ্রহণ;
- কৃষি ও পরিবেশ উন্নয়ন;
- খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ;
- মূল্যায়ন ও পরিবীক্ষণের জন্য ভিত্তি উপাত্ত সরবরাহ এবং
- জাতীয় আয়ে কৃষির অবদান নির্ণয় করা।

সম্পাদিত কার্যাবলী ২০২১:

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি ২০১৮ শীর্ষক প্রকল্পের আওতায় কৃষি শুমারি ২০১৯ এর পূরণকৃত প্রশ্নপত্র ICR পদ্ধতিতে স্ক্যানিং এবং ক্যাপচারিং এর কাজ ইতোমধ্যে সম্পূর্ন হয়েছে। ডাটা এডিটিং, এনালাইসিস ও টেবিল প্রস্তুতের কাজ চলমান রয়েছে।

কৃষি নমুনা শুমারি ২০২০ এর মাঠ পর্যায় হতে সংগৃহীত ডাটা'র এডিটিং ও এন্ট্রির কাজ সম্পন্ন হয়েছে। ডাটা এনালাইসিস ও টেবিল প্রস্তুতের কাজ চলমান রয়েছে।

## ২. প্রকল্পের নাম: জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প:

| ক্র. নং | বিষয়বস্তু | বর্ণনা | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | প্রকল্পের নাম | 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' প্রকল্প | |
| ২. | প্রকল্পের বাস্তবায়নকাল | ১ জুলাই ২০১৯ হতে ৩০ জুন ২০২৪ পর্যন্ত | |
| ৩. | প্রকল্পের প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | ১৫৭৫৬৮.০২ | |
| ৪. | ২০২১-২০২২ অর্থবছরে এডিপি বরাদ্দ (লক্ষ টাকায়) | ক) জিওবি: ১২৯৯২১.০০<br>খ) প্রকল্প সাহায্য: নাই | |
| ৫. | প্রকল্পের অর্থায়ণ | জিওবি | |
| ৬. | প্রকল্প এলাকা | সমগ্র বাংলাদেশ | |
| ৭. | প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | |
| ৮. | প্রকল্পের সম্পাদিত কার্যক্রম | ➢ জোনাল অপারেশন (১ম ও ২য়) সম্পন্ন করা হয়েছে;<br>➢ শুমারির ফিল্ড টেস্ট কার্যক্রম সম্পন্ন করা হয়েছে;<br>➢ শুমারির প্রি-টেস্ট কার্যক্রম সম্পন্ন করা হয়েছে; | |

জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর উদ্দেশ্যসমূহ:

- একটি নির্দিষ্ট রেফারেন্স তারিখে দেশের প্রতিটি খানা ও খানার সদস্যগণকে গণনায় অন্তর্ভুক্ত করা;
- মূল শুমারির সম্পূরক হিসেবে বিশদ প্রশ্নপত্রের মাধ্যমে নির্বাচিত নমুনা এলাকা হতে বিস্তারিত আর্থসামাজিক তথ্য সংগ্রহ করা;
- বাংলাদেশি নাগরিকদের পাশাপাশি বাংলাদেশে অবস্থানরত বিদেশি নাগরিকদের গণনায় অন্তর্ভুক্ত করা;
- ব্যষ্টিক ও সামষ্টিক পর্যায়ে পরিকল্পনা গ্রহণ ও উন্নয়ন কর্মকাণ্ড পরিচালনার নিমিত্ত বেঞ্চমার্ক তথ্য সংগ্রহ করা;
- সকল ধরনের খানা ভিত্তিক আর্থসামাজিক জরিপের জন্য নমুনা ফ্রেম (Integrated Multi-Purpose Sample- IMPS) প্রস্তুত করা;
- জেলা ভিত্তিক জনসংখ্যার দীর্ঘমেয়াদি প্রক্ষেপণ করা;
- জাতীয় ও স্থানীয় পর্যায়ে সকল নির্বাচনের জন্য নির্বাচনী এলাকা নির্ধারণে যথাযথ তথ্য সরবরাহ করা;
- জাতীয় সম্পদের বণ্টন ও সরকারি চাকুরিতে কোটা নির্ধারণে তথ্য সরবরাহ করা;

'জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প'-র ২০২১ সালের বাস্তবায়ন অগ্রগতি:

| ক্র. নং | বিষয়বস্তু | সম্পাদিত কার্যক্রমসমূহ | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | জোনাল অপারেশন (১ম)<br>**সময়:** ২৩ জানুয়ারি ২০২১ থেকে ১ ফেব্রুয়ারি ২০২১ তারিখ পর্যন্ত | • ভৌগলিক এলাকাভিত্তিক পরিচিতি কোড তথা জিওকোড আপডেট করা হয় এবং Integrated Census Management System (ICMS) এ তথ্য এন্ট্রি করা হয়;<br>• মৌজা/মহল্লার সীমানা নিশ্চিত করা হয় এবং পল্লী এলাকার ক্ষেত্রে সরবরাহকৃত বেইজ ম্যাপের মধ্যে গ্রামের সীমানা চিহ্নিত করা হয়। এছাড়া,মাঠ পর্যায়ে সরেজমিনে পরিদর্শনের মাধ্যমে মৌজা/মহল্লা ম্যাপে (স্যাটেলাইট ইমেজ এর সেটেলমেন্টসহ বেইজ ম্যাপ) গণনা এলাকার সীমানা চিহ্নিত করা হয়;<br>• মৌজা/মহল্লা ম্যাপে প্রতিটি গণনা এলাকার (EA) লিজেন্ড ও ল্যান্ডমার্কসহ সীমানা চিহ্নিত করা হয়;<br>• সুপারভাইজার এলাকার সীমানা চিহ্নিতকরণসহ প্রতিটি সুপারভাইজার এলাকার ম্যাপ প্রস্তুত করা হয়;<br>• জেলা পর্যায়েস্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিদের সমন্বয়ে গঠিত শুমারি স্থায়ী কমিটিকে শুমারি সম্পর্কে অবহিত করা হয়;<br>• শুমারির কন্ট্রোলরুম, প্রশিক্ষণ কেন্দ্র, সংরক্ষিত এলাকার তালিকা এবং গণ্যমান্য ব্যক্তিদের তালিকা প্রস্তুত করা হয়;<br>• যে সকল মৌজা/মহল্লা ও গ্রাম সম্পূর্ণ নদীভাঙনে বিলীন হয়েছে (নদী সিকস্তি) কিংবা জনবসতিহীন (Depopulated) হয়েছে সেগুলোর তথ্য জিওকোড তালিকায় এবং ICMS এ উল্লেখ করা হয়। | |
| ২. | জোনাল অপারেশন (২য়)<br>**সময়:** ২৮মে ২০২১ থেকে ৩ জুন ২০২১ পর্যন্ত | • মূল শুমারির কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত প্রয়োজনানুসারে জোন পুনর্গঠন করা হয়;<br>• জোনেরআওতায় গণনা এলাকা ম্যাপ এবং সুপারভাইজার ম্যাপ সাম্প্রতিকীকরণ করা হয়;<br>• GIS (Geographic Information System) ম্যাপে প্রতিটি গণনা এলাকার (EA) খানার সংখ্যা, সীমানা, লিজেন্ড ও ল্যান্ডমার্ক সমূহ যাচাইপূর্বক সাম্প্রতিকীকরণ করা হয়;<br>• GIS ম্যাপে সুপারভাইজার এলাকার খানার সংখ্যা, সীমানা, লিজেন্ড ও ল্যান্ডমার্ক সমূহ যাচাইপূর্বক সাম্প্রতিকীকরণ করা হয়;<br>• প্রতিটি গণনা এলাকার জিওকোড সাম্প্রতিকীকরণ করা হয়;<br>• ICMS এর জিওকোড ও GIS ম্যাপ এর জিওকোড ওয়ান টু ওয়ান ম্যাপিং সম্পন্ন করে ICMS সাম্প্রতিকীকরণ করা হয়;<br>• শুমারির কন্ট্রোলরুম, প্রশিক্ষণ কেন্দ্র, সংরক্ষিত এলাকার তালিকা, ভিআইপি তালিকা হালনাগাদকরণ;<br>• যে সকল মৌজা/মহল্লা ও গ্রামসম্পূর্ণ নদীভাঙনে বিলীন হয়েছে (নদী সিকস্তি) কিংবা জনবসতিহীন (Depopulated) হয়েছে সেগুলো জিওকোড তালিকায় অন্তর্ভুক্তকরণ এবং ICMS-এ তা হালনাগাদকরণ; | |
| ৩. | CAPI অ্যাপসের ফিল্ড টেস্ট কার্যক্রম;<br>**সময়:** ২-৪ এপ্রিল ২০২১ | মূল শুমারির তথ্য CAPI পদ্ধতিতে সংগ্রহের জন্য প্রস্তুতকৃত অ্যাপসের কার্যকারিতা নির্বাচিত নমুনা এলাকায় যাচাই করা হয়। | |

| | | | |
|---|---|---|---|
| ৪. | CAPI অ্যাপ্লিকেশনের প্রি-টেস্ট কার্যক্রম;<br>**সময়:** ০৮-২৮ আগস্ট ২০২১ | CAPI পদ্ধতিতে শুমারি পরিচালনার যথোপযুক্ততা যাচাইয়ের লক্ষ্যে সারাদেশের ৮২১টি নমুনা এলাকায় প্রি-টেস্ট কার্যক্রম সম্পন্ন করা হয়। | |
| ৫. | বিভিন্ন কমিটির সভা অনুষ্ঠান এবং চুক্তি সংক্রান্ত | **ক) স্টিয়ারিং কমিটি:** জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৫ম, ৬ষ্ঠ, ৭ম এবং ৮ম মোট ৪ (চার) টি সভা ২০২১ সালে অনুষ্ঠিত হয়েছে।<br>**খ) প্রচার কমিটি:** জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের প্রচার কমিটির ৭ম, ৮ম, ৯ম এবং ১০ম মোট ৪ (চার) টি সভা ২০২১ সালে অনুষ্ঠিত হয়েছে।<br>**গ) প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি):** জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটির ৫ম, ৬ষ্ঠ, ৭ম, ৮ম, ৯ম, ১০ম, ১১তম, ১২তম এবং ১৩তম মোট ৯ (নয়) টি সভা ২০২১ সালে অনুষ্ঠিত হয়েছে।<br>**ঘ) ওয়ার্কিং গ্রুপ:** জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের ওয়ার্কিং গ্রুপের ৮ম, ৯ম এবং ১০ম মোট ৩ (তিন) টি সভা ২০২১ সালে অনুষ্ঠিত হয়েছে।<br>**(ঙ) বিডিসিসিএল এর সাথে চুক্তি:** গত ১২-০৭-২০২১ তারিখে জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের সাথে বাংলাদেশ ডাটা সেন্টার কোম্পানি লিমিটেড (বিডিসিসিএল)-র একটি চুক্তি সম্পন্ন করা হয়। | |
| ৬. | ওয়ার্কসপ/মতবিনিময় সভা | ➢ জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প কর্তৃক বরিশাল বিভাগীয় পর্যায়ে ২১-০১-২০২১ তারিখে একমতবিনিময় সভার আয়োজন করা হয়।<br>➢ জনশুমারি ও গৃহগণনা ২০২১-এর মূল শুমারির তথ্য CAPI (Computer Assisted Personal Interview) পদ্ধতিতে সংগ্রহের বিষয়ে একটি Consultation Workshop গত ১১-০২-২০২১ তারিখে অনুষ্ঠিত হয়।<br>➢ বিভিন্ন মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দের অংশগ্রহণে জনশুমারি ও গৃহগণনা ২০২১-এর মূল শুমারির প্রশ্নপত্র বিষয়ে ১৫ মার্চ ২০২১ তারিখে এক মতবিনিময় সভার আয়োজন করা হয়।<br>➢ কক্সবাজার জেলা প্রশাসকের কার্যালয়ে গত ২১-০৩-২০২১ তারিখে জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প কর্তৃক এক মতবিনিময় সভার আয়োজন করা হয়।<br>➢ জনশুমারি ও গৃহগণনা ২০২১-এ বাংলাদেশে অবস্থানরত বিদেশি নাগরিক এবং বিদেশে অবস্থানরত বাংলাদেশি নাগরিকদের গণনায় অন্তর্ভুক্তকরণ বিষয়ে একটি Expert Consultation workshop ০৭ এপ্রিল ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়।<br>➢ জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের আওতায় ডিজিটাল শুমারি ২০২১ এর মূল তথ্য সংগ্রহ কার্যক্রমে বাংলাদেশে অবস্থানরত বিদেশি নাগরিকদের গণনায় অন্তর্ভুক্তকরণ বিষয়ক একটি Expert Consultation workshop ১৬ জুন ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়।<br>➢ CAPI অ্যাপস বিষয়ক একটি Expert Consultation workshop ২০ জুন ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়।<br>➢ জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর খসড়া প্রশ্নপত্র বিষয়ক একটি Expert Consultation workshop ২১ জুন ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়।<br>➢ জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প এবং Stat4Dev প্রকল্প কর্তৃক যৌথভাবে "Overall Architecture of Digital Census 2021" শিরোনামে একটি পরামর্শ কর্মশালা ১৪ সেপ্টেম্বর ২০২১ তারিখে আয়োজন করা হয়। | |

"জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প" কর্তৃক ২০২১ সালে সম্পাদিত বিভিন্ন কার্যাবলীর স্থির আলোকচিত্র:




"জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প" কর্তৃক আয়োজিত (জোনাল অপারেশন) ১ম এর বিভাগীয় ও জেলা পর্যায়ের কর্মকর্তাগণের প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত প্রধান অতিথি জনাব এম .এ .মান্নান ,এমপি ,বিশেষ অতিথি জনাব মুহাম্মদ ইয়ামিন চৌধুরী, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, জনাব মোহাম্মদ তাজুল ইসলাম,মহাপরিচালক, বিবিএস মহোদয় ও প্রকল্প পরিচালক জনাব কবির উদ্দিন আহাম্মদ) ,আলোকচিত্র ০১, তারিখ: ১৮-০১-২০২১।




জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প কর্তৃক বরিশাল বিভাগে আয়োজিত মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব এম.এ.মান্নান এমপি ,মাননীয় মন্ত্রী ,পরিকল্পনা মন্ত্রণালয় ,বরিশাল বিভাগীয় পর্যায়ের কর্মকর্তাগণ ও জেলা প্রশাসকবৃন্দ এবং স্থানীয় জনপ্রতিনিধিগণ। উক্ত মতবিনিময় সভায় প্রকল্পের সার্বিক কার্যক্রম সম্পর্কে অবহিত করছেন প্রকল্প পরিচালক ,জনাব কবির উদ্দিন আহাম্মদ।( **আলোকচিত্র ০২, তারিখ: ২১-০১-২০২১)**




জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প কর্তৃক আয়োজিত কক্সবাজার জেলা প্রশাসকের কার্যালয়ে জেলা পর্যায়ের কর্মকর্তা ,স্থানীয় জনপ্রতিনিধিগনের সঙ্গে মতবিনিময় সভায় প্রধান অতিথি জনাব মুহাম্মদ ইয়ামিন চৌধুরী ,সচিব ,পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ মহোদয়ের উপস্থিতিতে বক্তব্য দিচ্ছেন জনাব একেএম তাহিদুল ইসলাম ,যুগ্ম পরিচালক ,বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় ,চট্টগ্রাম। **(আলোকচিত্র ০৩, তারিখ: ২১-০৩-২০২১)**




জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের জোনাল অপারেশন (২য়)-এর বিভাগীয় ও জেলা পর্যায়ের কর্মকর্তাগণের প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে জনাব মোহাম্মদ তাজুল ইসলাম ,মহাপরিচালক ,বিবিএস মহোদয়ের সভাপতিত্বে উপস্থিত প্রধান অতিথি ,পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব , জনাব মুহাম্মদ ইয়ামিন চৌধুরী ও প্রকল্প পরিচালক জনাব কবির উদ্দিন আহাম্মদ। **(আলোকচিত্র ০৪, তারিখ: ২২-০৫-২০২১)**




জনশুমারি ও গৃহগণনা ২০২১-এর CAPI অ্যাপস বিষয়ক 'বিশেষজ্ঞ পরামর্শ 'কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মুহাম্মদ ইয়ামিন চৌধুরী ,সচিব পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। জনাব মোহাম্মদ তাজুল ইসলাম, মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে উপস্থিত অতিথিগণের বিভিন্ন প্রশ্নের জবাব দিচ্ছেন প্রকল্প পরিচালক ,জনাব কবির উদ্দিন আহাম্মদ। **(আলোকচিত্র ০৫ ,তারিখ :২০-০৬-২০২১)**




জনশুমারি ও গৃহগণনা ২০২১-এর খসড়া প্রশ্নপত্রের উপর' বিশেষজ্ঞ পরামর্শ 'কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মুহাম্মদ ইয়ামিন চৌধুরী ,সচিব পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ,জনাব মোহাম্মদ তাজুল ইসলাম ,মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। প্রকল্প পরিচালক জনাব কবির উদ্দিন আহাম্মদউপস্থিত অতিথিগণের বিভিন্ন প্রশ্নের জবাব দিচ্ছেন। ( **আলোকচিত্র ০৬ ,তারিখ :২১-০৬-২০২১)**



'জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প'-এর প্রকল্প পরিচালকসহ টিমের সদস্যগণের বাংলাদেশ ডাটা সেন্টার লিমিটেড (বিডিসিসিএল), কালিয়াকৈর ,গাজীপুর পরিদর্শন। **(আলোকচিত্র-০৭)**




CAPI প্রি-টেস্ট কার্যক্রমের বিভাগীয় ও জেলা পর্যায়ের কর্মকর্তাগণের প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মুহাম্মদ ইয়ামিন চৌধুরী, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, জনাব মোহাম্মদ তাজুল ইসলাম, মহাপরিচালক, বিবিএস, জনাব কবির উদ্দিন আহাম্মদ, প্রকল্প পরিচালক। **(আলোকচিত্র ০৮, তারিখ: ২২-০৮-২০২১)**




জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প এবং Stat4Dev প্রকল্প কর্তৃক যৌথভাবে "Overall Architecture of Digital Census 2021" শিরোনামে একটি পরামর্শ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব এম. এ. মান্নান এমপি, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় এবং বিশেষ অতিথি ড.শামসুল আলম, মাননীয় প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, Dr. Asa Torkelsson, প্রতিনিধি, ইউএনএফপি বাংলাদেশ।(আলোকচিত্র ০৯ তারিখ: ১৪-৯-২০২১)




"Overall Architecture of Digital Census 2021"শীর্ষকপরামর্শ কর্মশালায় সংক্ষিপ্ত উপস্থাপনা দিচ্ছেন প্রকল্প পরিচালক জনাব কবির উদ্দিন আহাম্মদ। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব এম. এ. মান্নান এমপি, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় এবং বিশেষ অতিথি ড.শামসুল আলম, মাননীয় প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, Dr. Asa Torkelsson, প্রতিনিধি, ইউএনএফপি বাংলাদেশ। (আলোকচিত্র ১০ তারিখ: ১৪-৯-২০২১)

## ৩. ন্যাশনাল হাইজহোল্ড ডাটাবেইজ (এনএইচডি) প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণী:

ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ (এনএইচডি) প্রকল্পের ২০২১ সালের সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রম বিষয়ক তথ্যাদি:

**প্রকল্পের নাম:** **ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ (এনএইচডি) প্রকল্প**
**বাস্তবায়নকারী সংস্থা:** **বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো**
**বাস্তবায়নকাল:** **০১ জুলাই, ২০১৩ খ্রি. থেকে ৩১ ডিসেম্বর, ২০২২ খ্রি.**
**প্রকল্পের বরাদ্দ:**

(১) **জিওবি: ৪০ কোটি ৫৪ লক্ষ ৫২ হাজার টাকা**
(২) **আরপিএ: ৬৮৬ কোটি ৮০ লক্ষ ৪৮ হাজার টাকা**
(৩) **মোট: ৭২৭ কোটি ৩৫ লক্ষ টাকা**

২০২১ সনে ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ (এনএইচডি) প্রকল্পের সম্পাদিত উল্লেখযোগ্য কর্মকাণ্ড:

- এনএইচডি প্রকল্পের আওতায় প্রণীতব্য ডাটাবেইজের ব্যবস্থাপনার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের (ডিডিএম) সাথে যোগাযোগ অব্যাহত রাখা ও তাগিদ প্রদান;
- গত ২৮/০১/২০২১ খ্রি. তারিখে ডিডিএম এর DLI-1 শর্ত পূরণের জন্য কক্সবাজার জেলার ০৮ (আট) টি উপজেলার সুবিধাভোগীদের তালিকা এনএইচডি প্রকল্প হতে বিশেষ ব্যবস্থাপনায় যাচাই করে দেয়া;
- গত ০৭/০৭/২০২১ খ্রি. তারিখে Synergy International কর্তৃক প্রস্তুতকৃত NHD MIS এবং DDM MIS এর মধ্যে এনএইচডি প্রকল্পের API'র সঙ্গে SMoDMRPA প্রকল্পের API'র কার্যকারিতা যৌথভাবে যাচাই করা হয়;
- গত ১২/০৭/২০২১ খ্রি. তারিখে ডিডিএম এর DLI-2 শর্ত পূরণের লক্ষ্যে চাহিত ১৫ উপজেলার উপকারভোগীদের PMT Score সম্বলিত তথ্য NHD MIS Server থেকে DDM MIS Server এ নির্দিষ্ট API এর মাধ্যমে প্রেরণ করা হয়।
- পরিকল্পনা কমিশনের অনুমোদনের পরে গত ০২/০৯/২০২১ খ্রি. তারিখে এনএইচডি প্রকল্পের মেয়াদ ৩১ ডিসেম্বর, ২০২১ খ্রি. তারিখ পর্যন্ত বৃদ্ধিসহ প্রকল্পের টিএপিপি'র ৪র্থ সংশোধনের প্রশাসনিক আদেশ জারী।
- গত ২৯/০৭/২০২১ খ্রি. তারিখে 'ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ (এনএইচডি) প্রকল্প' কর্তৃক প্রস্তুত ডাটাবেইজের তথ্য ব্যবহারের জন্য বিবিএস এবং সমাজসেবা অধিদপ্তরের মধ্যে তথ্য আদান-প্রদানের নিমিত্ত একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর।
- গত ১৮/১০/২০২১ খ্রি. তারিখে 'ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ (এনএইচডি) প্রকল্প' কর্তৃক প্রস্তুত ডাটাবেইজের তথ্য ব্যবহারের জন্য বিবিএস এবং খাদ্য অধিদপ্তরের মধ্যে তথ্য আদান-প্রদানের নিমিত্ত একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর।
- গত ০৯/১২/২০২১ খ্রি. তারিখে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক পরিচালিত ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ (এনএইচডি) প্রকল্পের মাধ্যমে স্থাপিত ডাটা সেন্টারে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (ডিডিএম) কর্তৃক বাস্তবায়িত SMoDMRPA প্রকল্পের অধীনে নির্মিত DDM MIS Hardware স্থাপনের বিষয়ে বিবিএস এবং ডিডিএম এর মধ্যে একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর।

## ৪. প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণী 'স্ট্রেনদেনিং স্ট্যাটিসটিক্যাল ক্যাপাসিটি অব বিবিএস ফর কালেকটিং ডাটা অন পপুলেশন এন্ড ডেভলপমেন্ট':

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর 'স্ট্রেনদেনিং স্ট্যাটিসটিক্যাল ক্যাপাসিটি অব বিবিএস ফর কালেকটিং ডাটা অন পপুলেশন এন্ড ডেভলপমেন্ট' প্রকল্পের আওতায় গত ০১ জানুয়ারি ২০২১ থেকে ৩১ ডিসেম্বর ২০২১ পর্যন্ত সম্পাদিত কার্যাবলি নিম্নরূপঃ-

০১। প্রকল্পের আওতায় উপকূলীয় ১৯টি জেলার Disaster Prone Area Atlas তৈরীর অংশ হিসেবে বাগেরহাট, সাতক্ষীরা, খুলনা, কক্সবাজার, চট্টগ্রাম, গোপালগঞ্জ, শরিয়তপুর, নড়াইল ও যশোর জেলার Disaster Prone Area Atlas প্রস্তুত করা হয়েছে।




বাগেরহাট জেলার Disaster Prone Area Atlas:

০২। Bangladesh Geographical Information System Platform (BGISP) এর সার্বিক কার্যক্রম পরিচালনার নিমিত্ত প্রস্তুতকৃত গাইড লাইন অনুমোদন এবং BGISP-র কার্যক্রম প্রাতিষ্ঠানিকীকরণের লক্ষ্যে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ উপস্থিত ছিলেন।




সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, মহোদয়ের সভাপতিত্বে BGISP-এর উপর ১৩/১২/২০২১ ইং তারিখের সভাচিত্র;

০৩। REDATAM Software ব্যবহারপূর্বক বিবিএস এর বিভিন্ন শুমারি ও জরিপের তথ্য বিবিএস এর Website এ আপলোড করা হয়। তারই অংশ হিসেবে এ বছর বিবিএস এর ৫টি ডাটাসেট (অর্থনৈতিক শুমারি-২০১৩, ছিটমহল শুমারি-২০১৭, তাঁত শুমারি-২০১৮, Bangladesh Sample Vital Registration System 2016, Householed Income & Expenditure Survey 2010 (HIES) এর তথ্য আপলোড করা হয়;

০৪। জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রকল্পের ১ম জোনাল অপারেশনে ব্যবহারের নিমিত্ত আনুমানিক ১,২০,০০০ (এক লক্ষ বিশ হাজার) মৌজা ও মহল্লা ম্যাপ প্রিন্ট করে সরবরাহ করা হয়েছে।

০৫। জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রকল্পের উপর Overall Architecture of Digital Census 2021 বিষয়ক একটি Consultation Workshop গত ১৪ সেপ্টেম্বর ২০২১ তারিখ অনুষ্ঠিত হয়েছে।




মাননীয়মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় মহোদয় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। Overall Architecture of Digital Census 2021 বিষয়ক একটি Consultation Workshop গত ১৪ সেপ্টেম্বর ২০২১ তারিখ অনুষ্ঠিত হয়;

০৬। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর "ষ্ট্রেনদেনিং স্ট্যাটিসটিক্যাল ক্যাপাসিটি অব বিবিএস ফর কালেকটিং ডাটা অন পপুলেশন এন্ড ডেভলপমেন্ট" (Stat4Dev) প্রকল্পের আওতায় উপকূলীয় ১৯টি জেলার Disaster Prone Area Atlas তৈরী করা হয়েছে। দুর্যোগ প্রবণ এলাকার সাইক্লোন সেন্টার, শিক্ষা প্রতিষ্ঠান কাম সাইক্লোন সেন্টার, আশ্রয়কেন্দ্র ও বহুতল ভবন চিহ্নিতকরণসহ ক্ষুদ্রএলাকা ভিত্তিক তৈরীকৃত এটলাস স্থানীয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও দরিদ্র জনগোষ্ঠী এবং দুর্যোগপ্রবণ এলাকার জনগণের জীবনমান রক্ষায় ব্যবহৃত হবে। প্রকল্পের আওতায় বাগেরহাট জেলার Atlas এর একটি Dissemination Seminar গত ২৯ ডিসেম্বর ২০২১ তারিখ বাগেরহাট জেলায় অনুষ্ঠিত হয়।



বাগেরহাট জেলার জেলা প্রশাসক জনাব মোহাম্মদ আজিজুর রহমান এর সভাপতিত্বে গত ২৯ ডিসেম্বর ২০২১ তারিখের Dissemination Seminar on Disaster Prone Area Atlas এর চিত্র।

## ৫. শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রম বাজার তথ্যের উন্নয়ন প্রকল্প:

কার্যক্রমের নাম: শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রম বাজার তথ্যের উন্নয়ন প্রকল্প

**বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা** : বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।

**প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ** : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।

**প্রাক্কলিত বরাদ্দ:** মোট- ১৪০০.৩৬ লক্ষ টাকা; ২০২১-২২- ৪১৯.০০ লক্ষ টাকা

**কার্যক্রমের মেয়াদকাল** : জুলাই, ২০২০ হতে জুন, ২০২৪ খ্রি.।

প্রকল্পের উদ্দেশ্য:

- শ্রমশক্তি জরিপ এর মাধ্যমে ভৌগলিক অবস্থানভেদে জেন্ডারভিত্তিক কর্মসংস্থান, বেকারত্ব, শ্রম অভিবাসন, খাত এবং পেশাভেদে শ্রমশক্তি, প্রাতিষ্ঠানিক এবং অপ্রাতিষ্ঠানিক কর্মসংস্থান, কর্মঘন্টা এবং মজুরি সংক্রান্ত পরিসংখ্যান প্রস্তুত।
- প্রশ্নপত্রে পৃথক মডিউল ব্যবহার এর মাধ্যমে মাইগ্রেশন সম্পর্কিত পরিসংখ্যান প্রস্তুত।
- শ্রমশক্তি জরিপ এর মাধ্যমে শ্রমবাজারের Seasonal Variation সংক্রান্ত Statistics প্রণয়ন।
- শ্রমবাজারে স্কিলস/সেক্টর এর চাহিদা সম্পর্কিত জরিপ (Labour Demand Survey) পরিচালনা করা।

প্রশাসনিক কার্যক্রম:

পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ কর্তৃক বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর আওতাধীন 'শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রম বাজার তথ্যের উন্নয়ন' শীর্ষক প্রকল্পটি মাননীয় পরিকল্পনামন্ত্রী মহোদয় কর্তৃক গত ২৭ জানুয়ারী, ২০২১ খ্রি. তারিখে অনুমোদিত হয়েছে এবং ১৪ ফেব্রুয়ারি ২০২১ খ্রি. তারিখে প্রশাসনিক আদেশ জারী করা হয়েছে। উক্ত প্রকল্পে ০২, মে ২০২১ খ্রি. তারিখে প্রকল্প পরিচালক ও আয়ন ব্যয়ন কর্মকর্তা নিয়োগ প্রদান করা হয়েছে। প্রকল্পটির মোট অনুমোদিত ব্যয় ১৪০০.৩৬ লক্ষ টাকা, যা সম্পূর্ণই রাজস্ব বাজেটের বরাদ্দ। ২০২০-২১ অর্থবছরে প্রকল্প দলিলে আর্থিক লক্ষ্যমাত্রা ধরা হয়েছিল ৩৩৯.১৯ লক্ষ টাকা। কোভিড-১৯ এর প্রাদুর্ভাবজনিত কারণে প্রকল্পের অনুমোদনে বিলম্ব হয় বিধায় ২০২০-২১ অর্থবছরে প্রকল্পের অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়নি। ২০২১-২২ অর্থবছরে প্রকল্পের অনুকূলে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে রাজস্ব খাতে ৪১৪.০০ লক্ষ টাকা এবং মূলধন খাতে ৫.০০ লক্ষ টাকায় সর্বমোট ৪১৯.০০ (চারশত উনিশ) লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে। স্মারক নং-৫২.০১.০০০০.৬৪০.২০.০০৩.২১.২৬১, তারিখঃ ০২ আগস্ট ২০২১ খ্রি. মোতাবেক প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে ২০২১-২২ অর্থবছরে বরাদ্দকৃত ৪১৯.০০ (চারশত উনিশ) লক্ষ টাকা বিভাজন প্রদানপূর্বক ১ম কিস্তির বিপরীতে ১০৪.৭৫ (একশত চার লক্ষ পঁচাত্তর হাজার) টাকা ছাড় করা হয়েছে। প্রকল্পের সার্বিক কর্ম পরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা প্রস্তুত করে ৩১-০৫-২০২১ খ্রি. তারিখে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করা হয়েছে। কর্ম পরিকল্পনা অনুযায়ী বিভিন্ন কমিটি গঠন, কম্পিউটার সামগ্রী, অফিস সরঞ্জামাদি এবং প্রকল্পের ডিপিপির সংস্থান অনুযায়ী

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বিবিএস এর অফিস আদেশ অনুযায়ী লোকবল নিয়োজিত করা হয়েছে। স্মারক নং-৫২.০১.০০০০.৬১০.২০.০০৩.২১.১৪৭, তারিখঃ ২৩ ডিসেম্বর ২০২২ খ্রি. মোতাবেক ২০২১-২২ অর্থবছরে বরাদ্দকৃত ৪১৯.০০ (চারশত উনিশ) লক্ষ টাকা থেকে কমিয়ে ৩৩৬.০০ (তিনশত ছত্রিশ) লক্ষ টাকার সংশোধিত বাজেট প্রাক্কলনের প্রস্তাব পরিকল্পনা ও উন্নয়ন সেল, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোতে প্রেরণ করা হয়েছে।

## Survey Methodology, Sampling Frame and Sampling:

জরিপের নমুনা ফ্রেম হিসেবে জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর দ্বিতীয় জোনাল অপারেশন ব্যবহার করা হবে এবং LFS 2016-17 এর বিদ্যমান Sample Design ব্যবহার করা হবে। সে অনুযায়ী সমস্ত বাংলাদেশে ১২৮৪ টি PSU এবং প্রতিটি PSU তে ২৪ টি খানা (Household) নির্ধারণ করা হয়েছে এবং ত্রৈমাসিক ভিত্তিতে ৩০,৮১৬ টি খানা ও বছরে মোট ১ লক্ষ ২৩ হাজার ২৬৪ টি খানায় জরিপ পরিচালনা করা হবে। দুই থেকে তিনটি কাছাকাছি Enumeration Area কে Merge করে অর্থাৎ গড়ে ২০০ টি খানা নিয়ে একটি PSU গঠন করা হয়েছে। জরিপটিতে নমুনায়নের মাধ্যমে ৮ টি বিভাগ এবং সিটি কর্পোরেশন, পল্লী এবং শহরের জাতীয় পর্যায়ে বাৎসরিক প্রাক্কলন দেয়া যাবে।

লিস্টিং কার্যক্রম:

'শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন প্রকল্প' এর আওতাধীন Labour Force Survey এর লিস্টিং কার্যক্রম দেশ ব্যাপী মাঠ পর্যায়ে নির্ধারিত ১২৮৪ টি পিএসইউ তে প্রথমবারের মতো CAPI (Computer Assisted personal Interviewing) পদ্ধতিতে ০৭ অক্টোবর, ২০২১ খ্রি. হতে ২০ নভেম্বর, ২০২১ খ্রি. সম্পন্ন হয়েছে। উক্ত খানা তালিকাভুক্তি (Listing) কার্যক্রমে জরিপের নমুনা এলাকার আওতার মধ্যে অবস্থিত খানাসমূহের (Households) তালিকা লিপিবদ্ধ করা হয়েছে।

মূল জরিপের মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ কার্যক্রমের প্রস্তুতি:

প্রকল্পের কার্যক্রমের আওতায় ০১ জানুয়ারি, ২০২২ খ্রি. থেকে ৩১ মার্চ, ২০২২ খ্রি. পর্যন্ত সারা দেশব্যাপী ১২৮৪ টি পিএসইউ তে মাঠ পর্যায়ে ১ম ত্রৈমাসিক তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনা করা হবে। মাঠ পর্যায়ে CAPI (Computer Assisted Personal Interviewing) পদ্ধতিতে নির্ধারিত ১২৮৪ টি পিএসইউ তে লিস্টিং কার্যক্রম পরিচালনার লক্ষ্যে প্রশ্নপত্র ও ম্যানুয়াল চূড়ান্তকরণসহ সুপারভাইজিং কর্মকর্তা ও তথ্য সংগ্রহকারীগণের প্রশিক্ষণের যাবতীয় প্রস্তুতি গ্রহণ সম্পন্ন হয়েছে।




গত ০৭ অক্টোবর, ২০২১ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত শ্রমশক্তি জরিপের লিস্টিং কার্যক্রমের তথ্য সংগ্রহকারীগণের প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানের স্থির চিত্র



গত ১৯ ডিসেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ তারিখে BICC তে'শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন' শীর্ষক প্রকল্পের আওতাধীন দিনব্যাপী আয়োজিত Capacity Building & Consultation Workshop on Labour Force Survey Questionnaire **শীর্ষক কর্মশালায়** জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগি সংস্থার প্রতিনিধিবৃন্দ, বিভিন্ন সরকারী ও বেসরকারী দপ্তরের সম্মানিত কর্মকর্তাবৃন্দ এবং প্রকল্প টিমের সদস্যদের প্রাণবন্ত অংশগ্রহণের স্থিরচিত্র।

## ৬. টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে প্রায়োগিক সাক্ষরতা নিরূপণ জরিপ (LAS) প্রকল্প:

টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে প্রায়োগিক সাক্ষরতা নিরূপন জরিপ (LAS) প্রকল্পটি গত ১৯ জুলাই ২০২১ খ্রি. তারিখে এডিপিতে বরাদ্দবিহীনভাবে ২০২১-২২ অর্থবছরে অনুমোদিত হয়েছে। প্রকল্পটির মেয়াদ ০১ জানুয়ারি ২০২১ হতে ৩০ জুন ২০২২ খ্রি. পর্যন্ত।

গুণগত সাক্ষরতা নিরূপণের জন্য আন্তর্জাতিকভাবে স্বীকৃত মানদণ্ড অনুযায়ী পরিসংখ্যান প্রণয়নের মাধ্যমে টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জন পরিবীক্ষণ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। গুণগত শিক্ষা সংক্রান্ত সূচকে বাংলাদেশের অবস্থান নির্ণয়ে জাতিসংঘ শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি সংস্থা (UNESCO) কর্তৃক স্বীকৃত পদ্ধতি প্রয়োগ করা প্রয়োজন। পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগ কর্তৃক প্রণীত 'Data Gap Analysis for Sustainable Development Goals (SDGs) Bangladesh Perspective' এবং 'Monitoring and Evaluation Framework of Sustainable Development Goals (SDGs): Bangladesh Perspective' শীর্ষক প্রকাশনাদ্বয়ে অভীষ্ট-৪: গুণগত শিক্ষা বিষয়ে তথ্য-উপাত্ত প্রদানের উৎস হিসেবে চিহ্নিত করে বিবিএস কর্তৃক আন্তর্জাতিক মানদণ্ড অনুযায়ী এ জরিপ পরিচালনা করা প্রয়োজন বলে উল্লেখ করা হয়েছে। প্রায়োগিক সাক্ষরতা বলতে মূলত ৪টি অপরিহার্য দক্ষতাকে নির্দেশ করে: লিখন, পঠন, গাণিতিক ও উপলব্ধিগত। এ জরিপে প্রায়োগিক সাক্ষরতাকে চারটি পর্যায়ে ভাগ করা হয়ে থাকে- সাক্ষরজ্ঞানসম্পন্ন নয়, আংশিক সাক্ষরজ্ঞানসম্পন্ন, প্রাথমিক পর্যায়ের সাক্ষরজ্ঞানসম্পন্ন ও উন্নত পর্যায়ের সাক্ষরজ্ঞানসম্পন্ন। বিবিএস ইউনেস্কোর সহযোগিতায় ২০০৮ সালে সর্বপ্রথম প্রায়োগিক সাক্ষরতার (Functional Literacy) ওপর একটি জরিপ পরিচালনা করে। পূর্ব অভিজ্ঞতার আলোকে, ২০১১ সালে বাংলাদেশে ২য় বারের মতো একই পদ্ধতিতে ১১-৪৫ বছর বয়সী জনসংখ্যার ওপর এ জরিপটি পুনরায় পরিচালনা করা হয়। বর্তমানে তৃতীয়বারের মত জরিপ কার্যক্রমটি পরিচালনা করা হচ্ছে। এ জরিপ হতে টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জন পরিবীক্ষণ এর ৭ টি সূচকের তথ্য দেয়া যাবে।

৬.১ প্রকল্পের উদ্দেশ্য:

১। বাংলাদেশে প্রায়োগিক সাক্ষরতার অবস্থা নিরূপণে গুণগত তথ্য প্রাপ্তি এবং এ সংক্রান্ত জাতীয় নীতি ও পরিকল্পনা প্রণয়ন, সাক্ষরতার স্তর উন্নয়নে কার্যকরী কর্মসূচি প্রণয়ন ও টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনে অগ্রগতি পরিবীক্ষণের জন্য এর যথাযথ ব্যবহার নিশ্চিত করা;

২। লিঙ্গ ভেদে শিশু ও তরুণদের মধ্যে (ক) ২য়/৩য় শ্রেণিতে; (খ) প্রাথমিক শিক্ষা সমাপনী শেষে; ও (গ) নিম্নমাধ্যমিক শেষে (i) পঠনে ও (ii) গণিতে অর্জিত ন্যুনতম দক্ষতার অনুপাত সংক্রান্ত পরিসংখ্যান প্রস্তুত;
৩। লিঙ্গ ভেদে সংগঠিত শিক্ষায় অংশগ্রহণের হার (প্রাথমিক শিক্ষায় প্রবেশের বয়সসীমার এক বছর আগে) সংক্রান্ত পরিসংখ্যান প্রস্তুত;
৪। বয়স, লিঙ্গ ও কর্মসূচি ভেদে পূর্ববর্তী ১২ মাসে আনুষ্ঠানিক ও উপানুষ্ঠানিক শিক্ষা ও প্রশিক্ষণ কর্মসূচিতে তরুণ (১৫-২৪) ও বয়স্কদের (২৫-৬৪)অনুপাতসংক্রান্তপরিসংখ্যানপ্রস্তুত;
৫। লিঙ্গ ও বয়স ভেদে দক্ষতার ধরন অনুযায়ী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি)-তে দক্ষ তরুণ (১৫-২৪) ও বয়স্কদের (২৫-৬৪) অনুপাত সংক্রান্ত পরিসংখ্যান প্রস্তুত;
৬। বয়স, নৈপুণ্য, আর্থসামাজিক অবস্থা, লিঙ্গ, কর্মসংস্থানের অবস্থা, পেশা ইত্যাদি ভেদে প্রায়োগিক (ক) সাক্ষরতা ও (খ) গাণিতিক দক্ষতায় ন্যুনতম মান অর্জনকারীদের অনুপাত সংক্রান্ত পরিসংখ্যান প্রস্তুত;
৭। জীবনব্যাপী শিক্ষার সুযোগ হিসেবে লিঙ্গ ভেদে মোবাইল ফোনের মালিকানা রয়েছে এমন ব্যক্তিবর্গের অনুপাত সংক্রান্ত পরিসংখ্যান প্রস্তুত; এবং
৮। দক্ষতার মাত্রার ভিত্তিতে কার্যকরী সাক্ষরতার স্তরভিত্তিক হার নিরূপণের ক্ষেত্রে আন্তর্জাতিক মানদন্ড পরিগ্রহণ ও প্রয়োগ।

## ৭. মনিটরিং দ্যা সিচুয়েশন অব ভাইটাল স্ট্যাটিস্টিকস অব বাংলাদেশ (এমএসভিএসবি) (৩য় পর্যায়) প্রকল্প:

বাস্তবায়নকারী সংস্থা: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

বাস্তবায়নকাল : ১ জুলাই ২০১৯ হতে ৩০ জুন ২০২১ খ্রি.

প্রাক্কলিত ব্যয়: ৪৪১০.৫২ লক্ষ টাকা।

প্রকল্পের উদ্দেশ্যঃ

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক প্রতি ১০ বৎসর অন্তর জনশুমারি অনুষ্ঠিত হয়। জনশুমারি হতে শুমারি পরবর্তী বছরভিত্তিক জনসংখ্যা ও জনতাত্ত্বিক সূচকসমূহের পরিবর্তন নিরূপণ করা যায় না। তাই এমএসভিএসবি প্রকল্পের (৩য় পর্যায়) মাধ্যমে জনসংখ্যা ও জনতাত্ত্বিক সম্পর্কিত সাম্প্রতিক এবং বিস্তারিত তথ্য সংগ্রহ করে বার্ষিক ও পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নে ব্যবহার করাই প্রকল্পের মূল উদ্দেশ্য। এছাড়াও সমগ্র বাংলাদেশে IMPS Design এর মাধ্যমে নির্বাচিত ২০১২টি নমুনা এলাকা (Primary Sampling Unit) হতে জন সংখ্যা ও জনতাত্ত্বিক বিষয়ক ১১টি তফসিলের উপর নির্ভরযোগ্য ও সঠিক তথ্য সংগ্রহ করা হয়। আন্তঃশুমারি বৎসরসমূহের জনসংখ্যা বৃদ্ধির উপাদানসমূহ যথা- জন্ম, মৃত্যু, বিবাহ, তালাক, আগমন, বহির্গমন, জন্ম নিয়ন্ত্রণ, প্রতিবন্ধী, এইচআইভি/এইডস এবং আর্থসামাজিক তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ এবং নিয়মিতভাবে জনমিতি সম্পর্কিত সূচকসমূহের রিপোর্ট প্রকাশ করা। জনসংখ্যা ও জনতত্ত্ব সংক্রান্ত তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও সমন্বয় সাধনপূর্বক Computer এ ধারণ ও সংরক্ষণ করা। উন্নয়ন সহযোগী সংস্থা, গবেষক, পরিকল্পনাবিদ ও নীতি নির্ধারকগণের বস্তুনিষ্ঠ কাজে ব্যবহারের জন্য এ তথ্য সরবরাহ করা। টেকসই উন্নয়ন অভিষ্টের সাফল্য অর্জনে SID এর SDG সেলে নিয়মিতভাবে বিভিন্ন সূচকের তথ্য সরবরাহ করা। স্থানীয় সরকারের সাথে যৌথভাবে ভাইটাল রেজিস্ট্রেশন (জন্ম-মৃত্যু) কার্যক্রম পরিচালনা, তথ্য প্রক্রিয়াকরণ ও ডাটাবেইজ ব্যবস্থাপনায় অংশ গ্রহন করা। এ প্রকল্পের আওতায় ২০১২টি নমুনা এলাকায় মহিলাদের উন্নয়ন কর্মকান্ডে অংশ গ্রহণের সুযোগ সৃষ্টি ও কর্মসংস্থানের জন্য "স্থানীয় রেজিস্ট্রার" হিসেবে তাদেরকে শতভাগ অগ্রাধিকার ভিত্তিতে সম্পৃক্ত করা। তাছাড়া এ প্রকল্পের মাধ্যমে পানির ব্যবহার, আলোর উৎস, জ্বালানির উৎস, চুলার ধরন ও ধোঁয়া নিষ্কাশনে চিমনি/পাখার সুবিধা, পায়খানার সুবিধা ও পায়খানার সাথে সাবান ও পানির সুবিধা মোবাইলের ব্যবহার, ইন্টারনেট ব্যবহার ইত্যাদি বিষয়ে তথ্য সংগ্রহ করা হয়। এ সকল তথ্য দেশের নানাবিধ পরিকল্পনা প্রণয়নে অত্যন্ত সহায়ক হবে।

৭.১ উল্লেখযোগ্য কার্যাবলী:

- Report on Bangladesh Sample Vital Statistics 2020 এর প্রস্তুতকৃত Key Findings ১১/০৫/২০২১ খ্রি. তারিখ অনুষ্ঠিত টেকনিক্যাল কমিটির সভায় অনুমোদন হয়েছে।

- ৬৪টি জেলার স্থানীয় রেজিস্ট্রারদের জুন/২০২১ মাসের পারিশ্রমিকের অর্থ ডাক বিভাগের ইএমটিএস সার্ভিসের মাধ্যমে প্রেরণ করা হয়েছে। সুপারভাইজার ও সুপারভাইজিং কর্মকর্তাদের মে হতে জুন/২০২১ খ্রি. মাসের নির্ধারিত ভ্রমণ ভাতার অর্থ এসিপে-ই চেকের মাধ্যমে পরিশোধ করা হয়েছে।
- Report on Bangladesh Sample Vital Statistics 2020 এর প্রকাশনা অনুষ্ঠান ২৮/০৬/২০২১ খ্রি. তারিখ বিবিএস-এর অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়েছে।



গত ২৮-০৬-২০২১ খ্রিঃ তারিখে 'Report on Bangladesh Sample Vital Statistics 2020' এর প্রকাশনা অনুষ্ঠানে প্রকাশনাটির মোড়ক উন্মোচন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পরিকল্পনামন্ত্রী জনাব এম. এ. মান্নান, এমপি, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব জনাব মুহাম্মদ ইয়ামিন চৌধুরী, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মহাপরিচালক জনাব মোহাম্মদ তাজুল ইসলাম এবং যুগ্মপরিচালক ও প্রকল্প পরিচালক জনাব এ কে এম আশরাফুল হক। স্থান: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো অডিটরিয়াম, ঢাকা।

## ৮. জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০১৯ প্রকল্প :

বাস্তবায়নকারী সংস্থা: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)
প্রকল্পের মেয়াদ : জুলাই, ২০১৯ হতে ৩১ ডিসেম্বর ২০২২ খ্রি.
মোট প্রকল্প ব্যয়: ৪৬৪.৪৩ লক্ষ টাকা
প্রকল্প অনুমোদন : ২৫ নভেম্বর ২০১৯ খ্রি.
১ম সংশোধনী অনুমোদন: ২২ ডিসেম্বর ২০২১ খ্রি.।

### ৮.১ প্রকল্পের উদ্দেশ্যসমূহ:

### ৮.১.১ প্রধান উদ্দেশ্য:

এই প্রকল্পের প্রধান উদ্দেশ্য প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়নের জন্য প্রয়োজনীয় পরিসংখ্যান প্রস্তুত করা যার মাধ্যমে প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়নের মূল ধারায় নিয়ে আসা এবং তাদের জীবনের সকল ক্ষেত্রে সমান অধিকার প্রতিষ্ঠা করা।

### ৮.১.২ সুনির্দিষ্ট গুরুত্বপূর্ণ উদ্দেশ্য:

- বাংলাদেশে প্রতিবন্ধিতার বিভিন্ন ধরণের প্রবণতা নির্ধারণ সংক্রান্ত তথ্য সংগ্রহ;
- শারীরিক ও সামাজিক প্রেক্ষাপটে প্রতিবন্ধিতার কারণ এবং বর্তমান অবস্থার তথ্য সংগ্রহ;
- প্রতিবন্ধী ব্যক্তিদের পারিবারিক ও সামাজিক গ্রহণযোগ্যতা নিরূপণ করা;
- প্রতিবন্ধী ব্যক্তিদের শ্রমশক্তি, শিক্ষা ও সামাজিক কর্মকান্ডে অংশগ্রহণ সম্পর্কিত তথ্য সংগ্রহ;
- প্রতিবন্ধী ব্যক্তিদের সেবা প্রাপ্তি সংক্রান্ত তথ্য সংগ্রহ;

- প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য স্বাস্থ্যখাতের সম্পৃক্ততা নিরূপণ করা;
- জীবনমান উন্নয়ন ও সামাজিক কর্মকান্ডে অংশগ্রহণের ক্ষেত্রে প্রতিবন্ধিতার প্রভাব; এবং
- প্রতিবন্ধী ব্যক্তিদের সুস্বাস্থ্য ও অন্যান্য সেবা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় নীতি নির্ধারণের জন্য গবেষক, পরিকল্পনাবিদ ও নীতি নির্ধারকদের তথ্য সরবরাহ করা।

**৮.২ জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০১৯ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি:**

- জরিপ কার্যক্রম পরিচালনার নিমিত্ত মাঠ থেকে সংগৃহীত লিস্টিং, ম্যাপিং যাচাইসহ স্যাম্পল প্রস্তুতের কাজ সম্পন্ন হয়েছে।
- জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০১৯ প্রকল্পের আওতায় Health Statistics শীর্ষক প্রশিক্ষণ গত ১০/০৪/২০২১খ্রি. হতে ১৫/০৪/২০২১খ্রি. তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হয়েছে।
- জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০২১ এর প্রশ্নপত্র প্রিটেস্ট এর সুপারভাইজিং কর্মকর্তা ও তথ্য সংগ্রহকারীগণের প্রশিক্ষণ গত ৬-৮ জুন/২০২১ খ্রি. তারিখ অনুষ্ঠিত হয় এবং ৯-১৩ জুন/২০২১ খ্রি. তারিখ মাঠ পর্যায়ে প্রশ্নপত্র প্রিটেস্ট সম্পন্ন হয়েছে।
- জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০২১ এর প্রশ্নপত্র চূড়ান্ত করা হয়েছে।
- জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০২১ এর CAPI প্রি-টেস্ট কার্যক্রমের সুপারভাইজিং কর্মকর্তা ও তথ্য সংগ্রহকারীগণের প্রশিক্ষণ ৩০-৩১ আগস্ট/২০২১ তারিখ অনুষ্ঠিত হয়।
- মূল জরিপের জন্য প্রশ্নপত্র ও CAPI প্রিটেস্ট সমাপ্ত হয়েছে।
- ২৪ অক্টোবর ২০২১ খ্রি. তারিখ হতে ৩১ অক্টোবর ২০২১ খ্রি. তারিখ পর্যন্ত মূল জরিপ কার্যক্রমের জন্য গণনাকারী ও সুপারভাইজারগণের প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে।
- ২ নভেম্বর ২০২১ থেকে ৩১ ডিসেম্বর ২০২১ খ্রি. সারা বাংলাদেশে মূল জরিপের তথ্য সংগ্রহের কাজ সম্পন্ন হয়েছে।

| ২০২১-২০২২ আর্থিক বছরে প্রকল্পের ডিসেম্বর/২০২১ মাস পর্যন্ত অগ্রগতি (%) | প্রকল্পের মোট ক্রমপুঞ্জিত অগ্রগতি (ডিসেম্বর/২০২১ মাস পর্যন্ত) |
|---|---|
| আর্থিক অগ্রগতি (%) : ১৭.৪৫ %<br>বাস্তব অগ্রগতি (%) : ২৫ % | আর্থিক অগ্রগতি (%) : ৩১.৯৩%<br>বাস্তব অগ্রগতি (%): ৬৫ % |



গত ৩ ডিসেম্বর ২০২১ খ্রি. পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের মাননীয় সচিব ড. শাহনাজ আরেফিন, এনডিসি টাঙ্গাইল জেলায় মাঠপর্যায়ে জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০২১ এর তথ্য সংগ্রহ কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করেন।



গত ২৪ ডিসেম্বর ২০২১ খ্রি.বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সম্মানিত মহাপরিচালক জনাব মোহাম্মদ তাজুল ইসলাম রাজশাহী জেলায় মাঠপর্যায়ে জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০২১ এর তথ্য সংগ্রহ কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করেন।

## ৯. জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধনকরণ তথ্যের সাথে মৌলিক জনতাত্ত্বিক পরিসংখ্যান (ভাইটাল স্ট্যাটিস্টিকস) উৎপাদন এর সংযোগ সৃষ্টিকরণ (সিআরভিএস) প্রকল্প:

বাস্তবায়নকারী এজেন্সি/মন্ত্রণালয়: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়

মেয়াদ : জানুয়ারি ২০১৯ হতে জুন ২০২১ খ্রি.

প্রাক্কলিত ব্যয়: ৩৯৬.১৫ লক্ষ টাকা

**৯.১ প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য:**

- তৃণমূল ও স্থানীয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা সরকারের বিভিন্ন মন্ত্রণালয় যেমন রেজিস্ট্রার জেনারেলের অফিস, স্বাস্থ্য ও পরিকল্পনা মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, আইন ও বিচার মন্ত্রণালয় কর্তৃক সংগৃহীত তথ্য ব্যবহার করে Vital Statistics প্রণয়নের সূচনা ও সমন্বয় করা ;
- একক তথ্যভান্ডার (Unique database) তৈরি করা যাতে চলমান সকল Civil Registration কার্যক্রমের মাধ্যমে কিভাবে ক্ষুদ্র এলাকাভিত্তিক Vital Statistics তৈরি করা যায়, সে ব্যাপারে সংশ্লিষ্ট সংস্থাসমূহের সাথে সমন্বয় ও তথ্যের Interoperability নিশ্চিত করা;
- Vital Statistics প্রণয়নে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ ও প্রকাশনার (Data collection and Dissemination) সক্ষমতা বৃদ্ধি করা;
- টেকসই উন্নয়ন অভীষ্টের অগ্রগতি পরিবীক্ষণ করা, বিশেষ করে Goal 16, 16.9 by 2030 provide legal Identity for all including birth registration;
- স্বয়ংসম্পূর্ণ তথ্যভান্ডার প্রস্তুতে প্রশিক্ষিত জনগণ দ্বারা উন্নত কম্পিউটার ব্যবহার করে সমগ্র দেশব্যাপী বড় পরিসরে তথ্য ব্যবস্থাপনা পরিকল্পনা করা এবং কাউকে বাদ দিয়ে নয় সকলকে অন্তর্ভুক্ত করে তথ্য সংগ্রহে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সহায়তা করা;
- জেলা উপজেলা পর্যায়ের আর্থ-সামাজিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে জনসংখ্যা বৃদ্ধির হার ব্যবহার করে জনসংখ্যা প্রাক্কলনের জন্য জনতাত্ত্বিক সূচকসমূহ নিরূপণ করা;
- Vital events ব্যবহার করে সকল পর্যায়ে গুরুত্বপূর্ণ Statistics প্রণয়ন ও প্রকাশনা;
- আলোচ্য প্রকল্পের সমন্বিত তথ্য সকল পর্যায়ে স্থানীয় পরিকল্পনা প্রণয়নে ব্যবহার নিরূপণ করা;
- জনসচেতনতা বৃদ্ধি করে Civil Registration Coverage বৃদ্ধি করার জন্য জনগণকে Vital নিবন্ধনে উদ্বুদ্ধ করা।

**৯.২ প্রকল্পের উল্লেখযোগ্য কার্যাবলী:**

- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক ইলেকট্রনিক ডিভাইসে Verbal Autopsy এর মাধ্যমে মৃত্যু ও মৃত্যুর কারণ সংক্রান্ত একটি পাইলট জরিপ পরিচালনার জন্য নির্বাচিত ৫০টি Primary Sample Unit (PSU) এবং প্রস্তুতকৃত Verbal Autopsy Interviewer's (Shortened) Manual গত ২৪/০৫/২০২১খ্রি. তারিখে অনুষ্ঠিত টেকনিক্যাল কমিটির সভায় অনুমোদিত হয়।
- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো সিআরভিএস প্রকল্প কর্তৃক ইলেকট্রনিক ডিভাইসে Verbal Autopsy এর মাধ্যমে মৃত্যুর কারণ সংক্রান্ত বিষয়ে গত ১০/০৬/২০২১ হতে ১৬/০৬/২০২১ খ্রি. পর্যন্ত একটি পাইলটিং জরিপ পরিচালিত হয়। উক্ত পাইলটিং জরিপের রিপোর্ট প্রস্তুত করা হয়েছে।
- গত ২০/০৬/২০২১ খ্রি. তারিখ Verbal Autopsy এর মাধ্যমে মৃত্যুর কারণ সংক্রান্ত সংগৃহীত তথ্যের পাইলটিং জরিপের ফলাফলের উপর উপমহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে Editorial Forum এর সভা অনুষ্ঠিত হয়। উল্লেখিত সভা কর্তৃক পাইলটিং জরিপের প্রতিবেদন সংক্রান্ত কার্যবিবরণী অনুমোদিত হয়। এ প্রেক্ষিতে এ কার্যবিবরণী মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে পাইলটিং জরিপের প্রতিবেদন BBS website-এ upload করা হয়েছে। উল্লেখ্য এ প্রতিবেদনের বিষয়টি APA-তে অন্তর্ভুক্ত রয়েছে।

## ১০. Household Income and Expenditure Survey (HIES):

**১০.১ পটভূমি:**

বিশ্বের জাতীয় পরিসংখ্যান সংস্থাগুলোর অন্যতম কাজের একটি হলো Poverty Statistics প্রণয়ন করা। সেই লক্ষ্যেই জরিপটি পরিচালনা করা। বিভিন্ন দেশে এটি ভিন্ন ভিন্ন নামে করা হয়। কোথাও Household Income and Expenditure Survey (HIES) নামে, আবার কোথাও Family Budget Survey ইত্যাদি নামে। বাংলাদেশে প্রথম দিকে এটি Household Expenditure Survey (HES) নামে করলেও পরবর্তীতে Household Income and Expenditure Survey (HIES) নামে জরিপটির শিরোনাম করা হয়েছে। স্বাধীন বাংলাদেশে প্রথম ১৯৭৩-৭৪ সালে Household Income Survey বা সংক্ষেপে HIS করা হয়েছিল। এরপর ধারাবাহিকভাবে বিবিএস গুরুত্বপুর্ণ এ জরিপটি নিয়মিত বিরতিতে পরিচালনা করে আসছে। বাংলাদেশে এ পর্যন্ত মোট ১৬ রাউন্ড HIES/HES পরিচালনা করা হয়েছে। সর্বশেষ ২০১৬ সালে বিবিএস HIES জরিপ করেছে। বাংলাদেশে বর্তমানে HIES নামে জরিপটি পরিচালনা করা হয়; যা বহুল পরিচিত ও খুবই সমাদৃত। দেশের দারিদ্র্যের হারসহ অনেক গুরুত্বপূর্ণ পরিসংখ্যান HIES থেকে পাওয়া যায়। বর্তমানে হাইজহোল্ড ইনকাম অ্যান্ড এক্সপেন্ডিচার সার্ভে (HIES), ২০২০-২১ প্রকল্পের আওতায় বাংলাদেশে ১৭-তম রাউন্ড অর্থাৎ HIES 2022 জরিপ পরিচালনার প্রস্তুতি চূড়ান্ত পর্যায়ে রয়েছে। HIES 2022 জরিপের মাঠ পর্যায় হতে তথ্য-উপাত্ত সংগ্রহ কাজ ০১ জানুয়ারি ২০২২ হতে শুরু হবে যা ৩১ ডিসেম্বর ২০২২ সময় পর্যন্ত পরিচালিত হবে অর্থাৎ সামগ্র বছরব্যাপী পরিচালিত হবে।

**১০.২ প্রকল্পের সারসংক্ষেপ:**

| | | | |
|---|---|---|---|
| ১) | প্রকল্পের নাম | : | "খানার আয় ও ব্যয় জরিপ ২০২০-২১ [Household Income and Expenditure Survey (HIES) 2020-21] প্রকল্প" |
| ২) | প্রকল্পের বাস্তবায়নকাল | : | ০১ জানুয়ারি ২০২০ হতে ৩১ ডিসেম্বর ২০২২ |
| ৩) | প্রকল্পের প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | : | ১২৩২.০৭ লক্ষ টাকা (জিওবি: ১২৩২.০৭ লক্ষ টাকা, প্রকল্প সাহায্য: নেই) |
| ৪) | প্রকল্পের ২০২১-২২ অর্থ বছরের এডিপি বরাদ্দ | : | ক) জিওবি: ৭৮২.০০ লক্ষ টাকা<br>খ) প্রকল্প সাহায্য: প্রযোজ্য নয় |
| ৫) | প্রকল্পের অর্থায়ন | : | প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে পরিচালিত |
| ৬) | প্রকল্প এলাকা | : | দেশের সকল জেলা, সকল সিটি করপোরেশন |
| ৭) | বাস্তবায়নকারী সংস্থা | : | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) |

১০.৩ প্রকল্পের প্রধান উদ্দেশ্য:

- বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেরও Poverty Statistics বের করার লক্ষ্যে Household Income and Expenditure Survey (HIES) 2022 জরিপটি পরিচালনা করা হচ্ছে।

১০.৪ প্রকল্পের প্রধান প্রধান লক্ষ্য:

- জাতীয়/বিভাগ ভিত্তিক দারিদ্র পরিস্থিতি পরিমাপ করা;
- জাতীয়/বিভাগ ভিত্তিক খানার ও ব্যয় পরিমাপ করা;
- খানা প্রধান (Gender) বিবেচনায় Poverty Statistics নিরুপণ করা;
- খানার সদস্য সংখ্যা বিবেচনা খানার আয়, ব্যয় ও দারিদ্র পরিস্থিতি নিরুপন করা;
- খানার আয় ও ব্যয় বিবেচনায় দারিদ্র পরিস্থিতি নিরুপণ করা;
- জলবায়ু পরিবর্তনের কারণে সৃষ্ট বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে আক্রান্ত এলাকায় দারিদ্র পরিস্থিতির তারতম্য নিরুপণ করা;
- খানার সদস্যদের কর্মসংস্থান বিবেচনায় (সাকার/কর্মক্ষম/কর্মহীন ইত্যাদি) Poverty Statistics নিরুপণ করা;
- খানার সদস্যগণের শিক্ষা বিবেচনায় খানার আয়, ব্যয় ও দারিদ্র পরিস্থিতি নিরুপণ করা, ইত্যাদি।

১০.৫ প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:

- HIES 2022 জরিপ কাজটি সুচারুভাবে পরিচালনার নিমিত্ত একটি পাইলট জরিপ পরিচালনা করা (2 Days dairy vs 7 Days Recall Method Check করা জন্য);
- HIES 2022 জরিপ পরিচালনার লক্ষ্যে একটি হালনাগাদ Sampling Frame প্রণয়ন করা;
- HIES 2022 জরিপ পরিচালনার জন্য নমুনায়নকৃত এলাকার (PSU) সম্পূর্ণ খানা তালিকা প্রণয়ন করা;
- প্রণয়নকৃত খানা তালিকা হতে SRS পদ্ধতি বিবেচনায় প্রতিটি PSU হতে ২০ টি করে খানা নির্বাচন করা;
- তথ্য সংগ্রহ কাজের জন্য অস্থায়ী ভিত্তিতে (০১ বছরের জন্য) Enumerator Cum Data Entry Operator (স্নাতক/স্নাতকোত্তর পাশ) নিয়োগ ও তাদের প্রশিক্ষণ প্রদান করা;
- একাজে নিয়োজিত Enumerator Cum Data Entry Operator -দের সহযোগিতা প্রদানের লক্ষ্যে একটার্মের জন্য প্রতিটি PSU –তে (২০ দিনে এক টার্ম, মোট টার্ম সংখ্যা ১৮ টি) স্থানীয় ০২ জন মহিলা Facililator নিয়োগ প্রদান করা;
- তথ্য-উপাত্ত সংগ্রহের নিমিত্ত CAPI সফটওয়ার প্রস্তুত করা;
- CAPI সফটওয়ারের মাধ্যমে সার্ভারে আসা তথ্য-উপাত্ত অ্যানালাইসিস করে তা ফলাফল আকারে প্রকাশ ও প্রকাশনা প্রস্তুত কাজ সম্পন্ন করা।

১০.৬ প্রকল্পের সম্পাদিত কার্যক্রম (হালনাগাদ) :

১০.৭ পাইলট জরিপ:

- HIES 2022 জরিপ কাজটি সুচারুভাবে পরিচালনার নিমিত্ত ৬-১২ জুন ২০২১ মেয়াদে একটি পাইলট জরিপ পরিচালনা করা হয়েছে (2 Days dairy vs 7 Days Recall Method Check করা);
- HIES 2022 জরিপ পরিচালনার লক্ষ্যে একটি হালনাগাদ Sampling Frame (৭২০ টি নমুনা এলাকা) প্রণয়ন করা হয়েছে;
- HIES 2022 জরিপ পরিচালনার জন্য নমুনায়নকৃত এলাকায় (PSU) ০৯-১৫ নভেম্বর ২০২১ মেয়াদে CAPI পদ্ধতি অনুসরণপূর্বক সম্পন্নরূপে খানা তালিকা (লিস্টিং) প্রণয়ন কাজ সম্পন্ন হয়েছে;
- প্রণয়নকৃত খানা তালিকা হতে SRS পদ্ধতি বিবেচনায় প্রতিটি PSU হতে ২০ টি করে খানা নির্বাচন করা হয়েছে;



সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা মহোদয় কর্তৃক HIES 2022 এর পাইলট জরিপ কাজ পরিদর্শন



সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা মহোদয় কর্তৃক HIES 2022 এর পাইলট জরিপ কাজ পরিদর্শন



মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো মহোদয় কর্তৃক HIES 2022 এর পাইলট জরিপ কাজ পরিদর্শন



মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো মহোদয় কর্তৃক HIES 2022 এর পাইলট জরিপ কাজ পরিদর্শন

- তথ্য সংগ্রহ কাজের জন্য অস্থায়ী ভিত্তিতে (০১ বছরের জন্য মোট ৮৪ জন) Enumerator Cum Data Entry Operator (স্নাতক/স্নাতকোত্তর পাশ) নিয়োগ ও তাদের ০৪-২৪ ডিসেম্বর ২০২১ মেয়াদে ২০ দিনব্যাপী আবাসিক প্রশিক্ষণ (Brac CDM, রাজেন্দ্রপুর, গাজীপুর) প্রদান কার্যক্রম সম্পন্ন হয়েছে;

- এছাড়া, মাঠ পর্যায়ের জেলা/বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়ের উপপরিচালক/উপপরিচালক (ভা./অ.দা.)/যুগ্মপরিচালক/যুগ্মপরিচালক (ভা./অ.দা.)/সুপারভাইজিং কর্মকর্তাগণকেও ২৭-২৯ ডিসেম্বর ২০২১ মেয়াদে ০৩ দিন ব্যাপী আবাসিক প্রশিক্ষণ (Brac CDM, রাজেন্দ্রপুর, গাজীপুর) প্রদান কার্যক্রম সম্পন্ন হয়েছে;



Enumerator Cum Data Entry Operator'দের ২০ দিনব্যাপী Brac-CDM এ আবাসিক প্রশিক্ষণ উদ্বোধনী অনুষ্ঠানে সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা মহোদয় ও মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো মহোদয়



Enumerator Cum Data Entry Operator'দের ২০ দিনব্যাপী Brac-CDM এ আবাসিক প্রশিক্ষণ উদ্বোধনী অনুষ্ঠান



HIES 2022 এর Enumerator Cum Data Entry Operator'দের ২০ দিনব্যাপী Brac-CDM এ আবাসিক প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ মহোদয়।



HIES 2022 এর Enumerator Cum Data Entry Operator'দের ২০ দিনব্যাপী Brac-CDM এ আবাসিক প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ মহোদয় কর্তৃক সার্টিফিকেট বিতরণ



HIES 2022 এর Enumerator Cum Data Entry Operator'দের ২০ দিনব্যাপী Brac-CDM এ আবাসিক প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ মহোদয় কর্তৃক সার্টিফিকেট বিতরণ



সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ মহোদয় কর্তৃক HIES 2022 এর Enumerator Cum Data Entry Operator'দের ২০ দিনব্যাপী Brac-CDM এ আবাসিক প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠান শেষে



**HIES 2022 এর Enumerator Cum Data Entry Operator'দের ২০ দিনব্যাপী Brac-CDM এ আবাসিক প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ মহোদয় কর্তৃক সমাপনী অনুষ্ঠান শেষে**



**HIES 2022 এর উপপরিচালক ও যুগ্মপরিচালকগণের ০৩ দিনব্যাপী Brac-CDM এ আবাসিক প্রশিক্ষণ**

- তথ্য-উপাত্ত সংগ্রহের লক্ষ্যে CAPI Application Software প্রস্তুত কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে।

প্রকল্পের অগ্রগতি

ক) আর্থিক: ৮.৩৮%

খ) বাস্তব: ৪২.০০%

**প্রকল্পের ভবিষ্যৎ কর্মপরিকল্পনা**

➢ প্রকল্পটির ০১ জানুয়ারি ২০২২ হতে ৩১ ডিসেম্বর ২০২২ সময়ে তথ্য-উপাত্ত সংগ্রহ কাজ শেষে তা অ্যানালাইসিস এর মাধ্যমে সঠিক সময়ানুগ Poverty Related Statistics প্রকাশ করা।

## ১১. ইমপ্রুভমেন্ট অব জিডিপি কম্পাইলেশন এন্ড রিবেজিং অব ইন্ডিসিস প্রকল্প:

| | |
|---|---|
| প্রকল্পের নাম | : ইমপ্রুভমেন্ট অব জিডিপি কম্পাইলেশন এন্ড রিবেজিং অব ইন্ডিসেস প্রজেক্ট |
| উদ্যোগী বিভাগ/মন্ত্রণালয় | : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় |
| পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট বিভাগ | : আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ |
| বাস্তবায়নকারি সংস্থা | : বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) |
| বাস্তবায়ন কাল | : আরম্ভের তারিখ: মার্চ, ২০১৮; সমাপ্তির তারিখ: জুন, ২০২১<br>বর্ধিত মেয়াদে সমাপ্তির তারিখ: জুন, ২০২২<br>(বর্ধিত মেয়াদের প্রশাসনিক অনুমোদন: ১৯ সেপ্টেম্বর, ২০২১) |
| প্রাক্কলিত ব্যয় | :মোট: ৯৮৬.৪৮ লক্ষ টাকা (সম্পূর্ণ সরকারি অর্থায়ন)<br>২০২১-২২ অর্থবছরে এডিপি বরাদ্দ: ৩১৫.০০ লক্ষ টাকা<br>২০২১-২২ অর্থবছরে সংশোধিত এডিপি বরাদ্দের প্রস্তাব ১৭২.৪৮ লক্ষ টাক |
| **১ম রিভিশন (আগস্ট ২০১৮)** | : এক (০১) জন বিশেষ ক্যাটাগরির কনসালটেন্ট নিয়োগের নিমিত্ত কনসালটেন্ট খাতে বরাদ্দ বৃদ্ধির লক্ষ্যে জরিপ খাত হতে ১৭.৬৩ লক্ষ টাকা স্থানান্তরের জন্য। |
| **২য় রিভিশন (সেপ্টেম্বর ২০২১)** | : প্রকল্প মেয়াদ ০১ বছর অর্থাৎ জুন ২০২২ পর্যন্ত বৃদ্ধি এবং আন্তঃখাত সমন্বয়ের জন্য। |

১১.১ প্রকল্পের উদ্দেশ্য

দেশের সামগ্রিক অর্থনৈতিক অবস্থার যথার্থ চিত্র প্রদানের পাশাপাশি মোট দেশজ উৎপাদন (GDP) প্রাক্কলনের নিমিত্ত তথ্য উপাত্ত সংগ্রহ এবং এর সাথে সংশ্লিষ্ট সূচকসমূহের ভিত্তি বছর পরিবর্তন ও হালনাগাদকরণ।

১১.২ উদ্দেশ্যসমূহ:

- মোট দেশজ উৎপাদন (GDP) এর ভিত্তি বছর পরিবর্তন ও হালনাগাদকরণের পদ্ধতিগত উন্নয়ন সাধন
- জিডিপির সাথে সংশ্লিষ্ট সূচকসমূহের (CPI, WRI, QIIP, PPI, HRI, BMPI) ভিত্তি বছর পরিবর্তন ও হালনাগাদকরণ
- নতুন জরিপের মাধ্যমে জিডিপির পরিধি বৃদ্ধি এবং হালনাগাদকরণ
- জাতীয় হিসাবে ফ্যাক্টর ইনকামের বিন্যাসের অবতারণ করা
- গ্রাম-শহরের জিডিপি প্রাক্কলন
- সঞ্চয় ও বিনিয়োগের সরাসরি প্রাক্কলন পদ্ধতির উন্নয়ন

**১১.৩ প্রকল্পের বাস্তব অগ্রগতি (জানুয়ারি-ডিসেম্বর ২০২১):**

❖ **Survey on Distributive Trade** প্রকাশনা বিবিএস ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

❖ **Survey on Cold Storage and Warehouse Activity** এর প্রকাশনা চূড়ান্তভাবে অনুমোদিত হয়ে আরডিপি তে মূদ্রণের জন্য রয়েছে।

নিম্নোক্ত সূচকসমূহের ভিত্তি বছর পরিবর্তন ও হালনাগাদকরণ:

1. Consumer Price Index (CPI)
2. Quantum Index of Industrial Production (QIIP)
   i) QIIP - Cottage (TPE 01-09*)
   ii) QIIP Medium, Small & Micro (TPE 10-249*)
   iii) QIIP Large (TPE 250* and above)
3. Producer Price Index (PPI)
4. House Rent Index (HRI)

5. Building Materials Price Index (BMPI)
6. Wage Rate Index (WRI)

### 1. Consumer Price Index (CPI)

**CPI Rebase এবং Revision-এর জন্য ইতোমধ্যে নিম্নোক্ত কাজগুলো সম্পন্ন করা হয়েছে:**

১.১ হাউজহোল্ড ইনকাম এন্ড এক্সপেন্ডিচার সার্ভের (HIES) ডাটা এনালাইসিস করে weight সহ আইটেম (দ্রব্য ও সেবা) এর সমন্বয়ে খসড়া নতুন বাস্কেট প্রণয়ন

১.২ খসড়া নতুন বাস্কেট যুক্তিযুক্ত (যেমন বাস্তবতার নিরিখে HIES এর বাহিরে কোন আইটেম সংযোজন ইত্যাদি) করার নিমিত্ত এ সংক্রান্ত সেকেন্ডারি তথ্য-উপাত্ত এনালাইসিস করা

১.৩ Methodology (মার্কেট, আউটলেট ইত্যাদি নির্ধারণের জন্য নমুনায়ন) রিভিউ করা

১.৪ বাস্কেট এর অন্তর্ভুক্ত আইটেমসমূহের (দ্রব্য ও সেবা) representative varieties ও বিস্তারিত specification নির্ধারণ করে সে অনুযায়ী ভিত্তি মূল্য সংগ্রহ করা

১.৫ সংগৃহিত representative varieties এবং specification কম্পাইলেশন করে সারাদেশের জন্য standard দরছক (প্রশ্নপত্র) প্রস্তুতকরণ (যা ব্যবহার করে পরবর্তীতে CPI ও মূল্যস্ফীতি প্রণয়ন করা হবে)

১.৬ সংগৃহিত ভিত্তিমূল্য এডিট, এন্ট্রি এবং ভেলিডেশনপূর্বক দেশের গড় ভিত্তিমূল্য নির্ধারণ

**নিম্নোক্ত কাজগুলো চলমান আছে:**

১.৭ নতুন Sampling Design ও নতুন দরছক অনুযায়ী নিয়মিতভাবে মাসিক ভিত্তিতে তথ্য উপাত্ত সংগ্রহকরণ, এডিটিং, এন্ট্রি ও ভেলিডেশন

১.৮ সূচক প্রণয়নের নিমিত্ত কম্পাইলেশন ওয়ার্কশীট প্রস্তুতকরণ

**নিম্নোক্ত কাজগুলো অবশিষ্ট আছে:**

১.৯ সংগৃহিত তথ্য উপাত্ত Analysis করে Experimental basis এ মাসিক ভিত্তিতে সূচক প্রণয়ন।

১.১০ নতুন বেইজ ও পুরাতন বেইজ এর সূচক প্রতি মাসে প্রস্তুত করে তুলনা করা, প্রয়োজনে পুনঃ Verification ইত্যাদি শেষে চূড়ান্তকরণ।

১.১১ নতুন বেইজ ও পুরাতন বেইজ এর সূচক Link করা।

১.১২ Methodology, Updatation ও পরিবর্তনগুলো লিপিবদ্ধ করা।

### 2. Quantum Index of Industrial Production (QIIP)

QIIP Rebase **এবং** Revision-**এর জন্য এর জন্য ইতোমধ্যে নিম্নোক্ত কাজগুলো সম্পন্ন করা হয়েছে:**

২.১ Survey of Manufacturing Industries (SMI) ও Cottage Industries Survey হতে কোড ভিত্তিক শিল্প প্রতিষ্ঠানের কার্যক্রম অনুযায়ী Weight নির্ধারণ করা

২.২ নতুন প্রশ্নপত্র প্রস্তুতকরণ ও বিজনেস ডাইরেক্টরি ২০১৯ হতে Sample নিয়ে তালিকা প্রস্তুত

২.৩ Industry এর অস্তিত্ব, Classification ও Category অনুযায়ী উৎপাদন পরিচালনা যাচাইকরণ

**নিম্নোক্ত কাজগুলো চলমান আছে:**

২.৪ নতুন Sampling Design অনুযায়ী ভিত্তি Quantity সংগ্রহকরণ

২.৫ সংগৃহিত তথ্য উপাত্ত এডিটিং, কোডিং, এন্ট্রি ও ভেলিডেশন

**নিম্নোক্ত কাজগুলো অবশিষ্ট আছে:**

২.৬ সূচক প্রণয়নের নিমিত্ত কম্পাইলেশন ওয়ার্কশীট প্রস্তুতকরণ

২.৭ নতুন Sampling Design ও নতুন প্রশ্নপত্র অনুযায়ী নিয়মিতভাবে মাসিক ভিত্তিতে তথ্য উপাত্ত সংগ্রহকরণ, এডিটিং, কোডিং, এন্ট্রি ও ভেলিডেশন

২.৮ সংগৃহিত তথ্য উপাত্ত Analysis করে Experimental basis এ মাসিক ভিত্তিতে খসড়া QIIP প্রণয়ন

২.৯ নতুন বেইজ ও পুরাতন বেইজ এর সূচক প্রতি মাসে প্রস্তুত করে তুলনা করা, প্রয়োজনে পুনঃ Verification ইত্যাদি শেষে চূড়ান্তকরণ

২.১০ Methodology, Updatation ও পরিবর্তনগুলো লিপিবদ্ধ করা

## 3. Producer Price Index (PPI)

**PPI Rebase এবং Revision-এর জন্য ইতোমধ্যে নিম্নোক্ত কাজগুলো সম্পন্ন করা হয়েছে:**

৩.১ Survey of Manufacturing Industries (SMI) হতে কোড ভিত্তিক শিল্প প্রতিষ্ঠানের কার্যক্রম অনুযায়ী Weight নির্ধারণ করা (সম্পন্ন)।

৩.২ নতুন প্রশ্নপত্র প্রস্তুতকরণ ও বিজনেস ডাইরেক্টরি ২০১৯ হতে Sample নিয়ে তালিকা প্রস্তুত।

৩.৩ Industry এর অস্তিত্ব, Classification ও Category অনুযায়ী উৎপাদন পরিচালনা যাচাইকরণ।

নিম্নোক্ত কাজগুলো চলমান আছে:

৩.৪ নতুন Sampling Design অনুযায়ী ভিত্তি Quantity সংগ্রহকরণ।

৩.৫ সংশ্লিষ্ট তথ্য উপাত্ত এডিটিং, কোডিং, এন্ট্রি ও ভেলিডেশন।

**নিম্নোক্ত কাজগুলো অবশিষ্ট আছে:**

৩.৬ সূচক প্রণয়নের নিমিত্ত কম্পাইলেশন ওয়ার্কশীট প্রস্তুতকরণ

৩.৭ নতুন Sampling Design ও নতুন প্রশ্নপত্র অনুযায়ী নিয়মিতভাবে মাসিক ভিত্তিতে তথ্য উপাত্ত সংগ্রহকরণ, এডিটিং, কোডিং, এন্ট্রি ও ভেলিডেশন

৩.৮ সংশ্লিষ্ট তথ্য উপাত্ত Analysis করে Experimental basis এ মাসিক ভিত্তিতে খসড়া PPI প্রণয়ন

৩.৯ নতুন বেইজ ও পুরাতন বেইজ এর সূচক প্রতি মাসে প্রস্তুত করে তুলনা করা, প্রয়োজনে পুনঃ Verification ইত্যাদি শেষে চূড়ান্তকরণ

৩.১০ Methodology, Updatation ও পরিবর্তনগুলো লিপিবদ্ধ করা

## 4. House Rent Index (HRI)

**HRI Rebase এবং Revision-এর জন্য নিম্নোক্ত কাজগুলো চলমান আছে:**

৪.১ বিবিএস এর বিদ্যমান জরিপ এর মাইক্রোডাটা Analysis করে/নতুন জরিপ পরিচালনা করে আইটেম ভিত্তিক Weight নির্ধারণ করে নতুন বাস্কেট প্রস্তুতকরণ।

৪.২ নতুন বাস্কেট অনুযায়ী তথ্য-উপাত্ত সংগ্রহের নিমিত্ত প্রশ্নপত্র প্রস্তুতকরণ।

নিম্নোক্ত কাজগুলো অবশিষ্ট আছে:

৪.৩ নতুন বাস্কেট অনুযায়ী তথ্য-উপাত্ত সংগ্রহের নিমিত্ত Sampling Design প্রস্তুতকরণ।

৪.৪ নতুন Sampling Design অনুযায়ী ভিত্তি মূল্য সংগ্রহকরণ।

৪.৫ সূচক প্রণয়নের নিমিত্ত কম্পাইলেশন ওয়ার্কশীট প্রস্তুতকরণ।

৪.৬ নতুন Sampling Design ও নতুন দরছক/প্রশ্নপত্র অনুযায়ী নিয়মিতভাবে মাসিক ভিত্তিতে তথ্য উপাত্ত সংগ্রহকরণ, এডিটিং, এন্ট্রি ও ভেলিডেশন।

৪.৭ সংশ্লিষ্ট তথ্য উপাত্ত Analysis করে Experimental basis এ মাসিক ভিত্তিতে সূচক প্রস্তুতকরণ।

৪.৮ নতুন বেইজ ও পুরাতন বেইজ এর সূচক প্রতি মাসে প্রস্তুত করে তুলনা করা, প্রয়োজনে পুনঃ Verification ইত্যাদি শেষে চূড়ান্তকরণ।

৪.৯ Methodology, Updatation ও পরিবর্তনগুলো লিপিবদ্ধ করা।

## 5. Building Materials Price Index (BMPI) ও

## 6. Wage Rate Index (WRI) সূচকসমূহ Rebase এবং Revision-এর জন্য উপর্যুক্ত কাজগুলো অবশিষ্ট রয়েছে।

## ১২. পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান শক্তিশালীকরণ (ইসিডিএস) প্রকল্প:

**১২.১ প্রকল্পের পটভূমি:**

বাংলাদেশ পৃথিবীর একটি দুর্যোগ প্রবণ দেশ হিসেবে পরিচিত। বর্তমান সময়ে জলবায়ু পরিবর্তন সারা বিশ্বে একটি বহুল আলোচিত বিষয়। গ্রীন হাউজ গ্যাস নি:সরণ ও ভূ-পৃষ্ঠের উষ্ণতা বৃদ্ধির প্রভাবে জলবায়ু পরিবর্তন হচ্ছে। ভৌগোলিক অবস্থান ও জলবায়ু পরিবর্তনের কারণে প্রাকৃতিক দুর্যোগ এদেশে একটি নিত্যনৈমিত্তিক ঘটনা। জলবায়ু পরিবর্তনের প্রভাবে বাংলাদেশ আজ মারাত্মকভাবে বিপন্ন। সামগ্রিক জনজীবনে প্রাকৃতিক দুর্যোগ যেমন: খরা, বন্যা, জলমগ্নতা, ঘূর্ণিঝড় ও জলোচ্ছাস, টর্নেডো, বজ্রপাত/বজ্রঝড়, নদী/উপকূলীয় ভাঙ্গন, ভূমিধস, লবণাক্ততা, শিলাবৃষ্টি প্রভৃতি কৃষি উৎপাদন (শস্য, গবাদিপশু, হাঁস-মুরগি, মৎস্য, বন প্রভৃতি) কলকারখানা/মিসিনারিজ (কৃষি, শিল্প ও অফিস), বৃহৎ স্থাপনা (রাস্তা-ঘাট, যোগাযোগ ব্যবস্থা, শিক্ষা প্রতিষ্ঠান, অফিস-আদালত, হাসপাতাল ও ক্লিনিক, আইসিটি, বিদ্যুত, মার্কেট, হাট-বাজার প্রভৃতি) ভূমি, বাসস্থান, স্বাস্থ্য ও সানিটেশন প্রভৃতি সর্বোপরি মানুষের আর্থ-সামাজিক অবস্থার ব্যাপক পরিবর্তন সাধন করে। মানুষ নিয়ন্ত্রণহীনভাবে মাটি, বায়ু, পানি ও শব্দ দূষণ করছে যা মারাত্মক আকার ধারণ করেছে এবং চারপাশের পরিবেশকে বসবাসের অনুপযোগী করে তুলছে।

বাংলাদেশ ইতোমধ্যে যেকোনো ধরণের দুর্যোগ মোকাবিলায় সক্ষমতা অর্জন করেছে। দুর্যোগ সম্পর্কিত "সেন্দাই ফ্রেমওয়ার্ক ফর ডিজাস্টার রিস্ক রিডাকসন (SFDRR)", "টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি)" এবং জলবায়ু পরিবর্তন সংক্রান্ত "দি প্যারিস এগ্রিমেন্ট" চূড়ান্ত করা হয়েছে। এ তিনটি কাঠামোতেই সমস্যা অনুধাবন, শনাক্তকরণ এবং সমাধানকে অগ্রাধিকার দেয়া হয়েছে। বাংলাদেশ উক্ত তিনটি বৈশ্বিক কাঠামোর সাথে সংশ্লিষ্ট অগ্রাধিকার প্রাপ্ত দেশ হিসেবে জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক অঙ্গনে প্রয়োজনীয় সংলাপ ও আলোচনায় কার্যকর অংশগ্রহন করে বিভিন্ন দুর্যোগ ঝুঁকির ক্ষয়ক্ষতি (লস এন্ড ড্যামেজ) এর গুরুত্বপূর্ন বিষয় নির্বাচন করে বিভিন্ন পর্যায়ে ভ্যালনারেবিলিটি চিহ্নিতপূর্বক তা ওভারকাম করে মানুষের ভাগ্য উন্নয়নে মোট দেশজ উৎপাদনের টেকসই পরিধি ও প্রবৃদ্ধি অর্জন করাই সরকারের মূল লক্ষ্য। দুর্যোগের ক্ষয়-ক্ষতি (লস এন্ড ড্যামেজ) নিরূপণ করে অভিযোজন (Adaptation) ও প্রশমন (Mitigation) সক্ষমতা তৈরি করার জন্য সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ সংস্থা-কে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত দিয়ে সহায়তা করে কিভাবে দেশের মানুষের ভাগ্যান্নয়ন করা যায়, সেই প্রচেষ্টা সময় অব্যাহত রয়েছে।

United Nations System of Environment Economic Accounting (SEEA) এর আওতায় Compilation of Natural Resource Accounts (Land & Soil, Water, Ocean, Forest, Agriculture, Energy, Natural Gas, Eco-system Accounts) প্রণয়ন বিবিএস এর জন্য জরুরী হয়ে পড়েছে। SEEA এর আওতায় যদি পরিবেশ পরিসংখ্যান প্রণয়ন করা হয় তাহলে এসডিজি-কে কেন্দ্র করে পরিবেশের প্রধান প্রধান ইস্যুগুলো কাভার করা সম্ভব হবে। এই মুহূর্তে বিবিএস কর্তৃক SEEA এর আলোকে Pilot Basis or Experimental Ecosystem Accounts এর Initiative গ্রহণ করা অত্যন্ত প্রয়োজন।

পরিবেশ, জলবায়ু পরিবর্তন, প্রাকৃতিক সম্পদ, জীববৈচিত্র্য, দুর্যোগ ও দুর্যোগ ব্যবস্থাপনা সংক্রান্ত পরিসংখ্যান তথ্যের অভাবে সরকারের সঠিক পরিকল্পনা প্রণয়নের জন্য উন্নয়ন কর্মসূচি গ্রহণ করা কষ্টসাধ্য হয়ে পড়ে। বাংলাদেশ ক্লাইমেট চেঞ্জ স্ট্রাটেজিক এ্যাকসন প্লান (বিসিসিএসএপি), সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনা এর ডেভেলপমেন্ট রেজাল্ট ফ্রেমওয়ার্ক (ডিআরএফ), সেন্দাই ফ্রেমওয়ার্ক ফর ডিজাস্টার রিস্ক রিডাকসন (এসএফডিআরআর), টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা (এসডিজি), দি প্যারিস অ্যাগ্রিমেন্ট এবং পরিসংখ্যান উন্নয়নে জাতীয় কৌশলপত্রের নির্দিষ্ট টার্গেট ও ইন্ডিকেটর অনুযায়ী ভিত্তি-উপাত্ত নির্দিষ্টকরণ, পরিবীক্ষণ ও মূল্যায়নে পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগসহ সংশ্লিষ্ট স্টেকহোল্ডার মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ সংস্থাকে তথ্য-উপাত্ত দ্বারা সহায়তা করা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) আইনগত দায়িত্ব। বর্ণিত বিষয়াবলীর টার্গেট ও ইন্ডিকেটর অনুযায়ী ভিত্তি বছর স্থিরকরণ এবং প্রতিটি টার্গেট ও ইন্ডিকেটরের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ ও মূল্যায়নে এ কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সব রকম প্রতিবন্ধকতা দক্ষতার সাথে মোকাবেলা করেই এসংক্রান্ত সঠিক ও সময়োচিত পরিসংখ্যান সরবরাহ নিশ্চিত করা বিবিএস এর অন্যতম দায়িত্ব। সরকারের প্রয়োজনে দেশের উন্নয়ন ত্বরান্বিত করার লক্ষ্যে দেশের পরিবেশ, প্রাকৃতিক সম্পদ, জীববৈচিত্র্য, জলবায়ু, আবহাওয়া, দুর্যোগ ও দুর্যোগ ব্যবস্থাপনা প্রভৃতির পূর্ণাঙ্গ পরিসংখ্যান বিষয়ক তথ্যভান্ডার গড়ে তোলার বিকল্প নেই। এটির মাধ্যমে সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ সংস্থা/ অংশিজন/ এনজিও/ উন্নয়ন সহযোগী প্রভৃতি জলবায়ু পরিবর্তনের অভিঘাত/ পরিবেশগত দূষণ মোকাবেলার জন্য গুরুত্বপূর্ন সিদ্ধান্ত গ্রহন করতে সক্ষম হবে।

১২.২ প্রকল্পের উদ্দেশ্য:

পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর আওতায় ইসিডিএস প্রকল্পটি ০১ এপ্রিল ২০১৯ হতে ৩০ জুন ২০২৩ মেয়াদে নিম্নবর্ণিত দুটি মূল উদ্দেশ্যকে সামনে রেখে বাস্তবায়িত হচ্ছে।

ক. **প্রধান উদ্দেশ্য:**
পরিবেশ, প্রাকৃতিক সম্পদ, জীব বৈচিত্র্য, জলবায়ু পরিবর্তন, প্রাকৃতিক দুর্যোগ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক অ্যাসেসমেন্ট পরিমাপের প্রাতিষ্ঠানিকীকরণের লক্ষ্যে পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ করা।

খ. সুনির্দিষ্ট গুরুত্বপূর্ণ উদ্দেশ্য:

১. জলবায়ু পরিবর্তনের ফলে সংগঠিত বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের প্রত্যক্ষ প্রভাব পরিবীক্ষণের জন্য তথ্য-উপাত্ত সংগ্রহ করা।

২. প্রাতিষ্ঠানিক পরিবেশগত সুরক্ষা, মানব সম্পদ ব্যবস্থাপনা ব্যয় নিরূপণ ও বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে তথ্য-উপাত্ত সংগ্রহ করা।

৩. জলবায়ু পরিবর্তনের কারণে সৃষ্ট বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে আক্রান্ত এলাকার আয়তন ও জনসংখ্যা, বিভিন্ন দুর্যোগে অসুস্থ, আহত, মৃত্যুর (নারী, পুরুষ, শিশু, বয়স্ক ব্যক্তি ও প্রতিবন্ধী) হিসাব নিরূপণ করা।

৪. পরিবেশ, জলবায়ু পরিবর্তন, দুর্যোগ বিষয়ক সেক্টরাল তথ্য-উপাত্ত সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ সংস্থা হতে সংগ্রহপূর্বক "কমপাইলেশন অব এনভায়রনমেন্টাল স্ট্যাটিসটিক্স" প্রণয়ন করা।

৫. বর্ণিত জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ বিষয়ক পরিসংখ্যান, প্রাকৃতিক দুর্যোগে আক্রান্ত এলাকার আয়তন ও জনসংখ্যার সাথে জিওগ্রাফিক ইনফরমেশন সিস্টেম (জিআইএস) এর মধ্যে সন্নিবেশন করা।

৬. ইউনাইটেড ন্যাশনস্ "সিস্টেম অব ইনভায়রনমেন্টাল ইকোনমিক একাউন্টিং" এর আওতায় এক্সপেরিমেন্টাল ইকো সিস্টেম স্ট্যাটিসটিক্স প্রণয়ন করা।

৭. জেলা/উপজেলা পরিসংখ্যান অফিসের কার্যক্রম শক্তিশালীকরণে তথ্য-উপাত্ত সংগ্রহকরণে ট্যাবলেটের মাধ্যমে অ্যাপস ব্যবহার সুনিশ্চিতকরণ।

১২.৩ ২০২১-২২ অর্থবছরের জন্য নির্ধারিত কার্যক্রম:

| ক্রঃ নং | ২০২১-২২ অর্থবছরের নির্ধারিত কার্যক্রম | বাস্তবায়নের সময়সীমা | |
|---|---|---|---|
| | | শুরু | সমাপ্ত |
| ১ | ২ | ৩ | ৪ |
| **ক) বাংলাদেশ ডিজাস্টার রিলেটেড স্যাটিস্টিক্স সার্ভে ২০২০** | | | |
| ১ | ডাটা প্রসেসিং এন্ড এনালাইসিস | ১ জুলাই ২০২১ | ১৫ নভেম্বর ২০২১ |
| ২ | টেবিল প্রস্তুতকরণ/টেব্যুলেশন | ১৬ নভেম্বর ২০২১ | ১৫ ডিসেম্বর ২০২১ |
| ৩ | রিপোর্ট রাইটিং | ১৭ ডিসেম্বর ২০২১ | ২৮ ফেব্রুয়ারি ২০২২ |
| ৪ | রিপোর্ট যাচাই ও চূড়ান্তকরণ | ০১ মার্চ ২০২২ | ৩১ মার্চ ২০২২ |
| ৫ | রিপোর্ট অনুমোদন | ০১ এপ্রিল ২০২২ | ৩০ এপ্রিল ২০২২ |
| ৬ | রিপোর্ট মুদ্রণ ও প্রকাশ | ০১ মে ২০২২ | ১৫ জুন ২০২২ |
| **খ) এনভাইরনমেন্টাল প্রোটেকশন এক্সপেন্ডিচার, রিসোর্স ও ওয়েস্ট ম্যানেজমেন্ট সার্ভে ২০২১** | | | |
| ৭ | ড্রাফট প্রশ্নপত্র ও ম্যানুয়াল তৈরি | ০১ জুলাই ২০২১ | ৩১ জুলাই ২০২১ |
| ৮ | ড্রাফট প্রশ্নপত্রের উপর এক্সপার্ট গ্রুপ সভা/কর্মশালা | ১৬ আগস্ট ২০২১ | ৩০ আগস্ট ২০২১ |
| ৯ | স্যাম্পলিং ডিজাইন | ০১ আগস্ট ২০২১ | ৩০ আগস্ট ২০২১ |
| ১০ | ড্রাফট প্রশ্নপত্রের উপর এক্সপার্ট গ্রুপ সভা/কর্মশালায় প্রাপ্ত পরামর্শের আলোকে প্রশ্নপত্র হালনাগাদকরণ | ৩১ আগস্ট ২০২১ | ১০ সেপ্টেম্বর ২০২১ |
| ১১ | মোবাইল ও ওয়েব এপলিকেশন তৈরি ও টেস্টিং | ১১ সেপ্টেম্বর ২০২১ | ৩০ নভেম্বর ২০২১ |
| ১২ | প্রশ্নপত্রের প্রি-টেস্টিং/পাইলটিং | ০২ ডিসেম্বর ২০২১ | ১৫ ডিসেম্বর ২০২১ |
| ১৩ | প্রি-টেস্টিংএ প্রাপ্ত ফাইন্ডিংস এর আলোকে প্রশ্নপত্র/মোবাইল ও ওয়েব এপলিকেশন হালনাগাদকরণ | ১৭ ডিসেম্বর ২০২১ | ৩১ ডিসেম্বর ২০২১ |
| ১৪ | জরিপের ম্যানুয়াল মুদ্রণ | ১ জানুয়ারি ২০২২ | ৮ জানুয়ারি ২০২২ |

| | | | |
|---|---|---|---|
| ১৫ | জরিপ সামগ্রী প্যাকেজিং এবং মাঠ পর্যায়ে প্রেরণ | ৫ জানুয়ারি ২০২২ | ১৪ জানুয়ারি ২০২২ |
| ১৫ | বিভাগ/জেলা সমন্বয়কারী/মাস্টার ট্রেনারগণের প্রশিক্ষণ ও জরিপ সামগ্রী মাঠ পর্যায়ে প্রেরণ | ৯ জানুয়ারি ২০২২ | ১২ জানুয়ারি ২০২২ |
| ১৬ | মাঠ পর্যায়ে গণনাকারী এবং সুপারভাইজারগণের প্রশিক্ষণ | ১৫ জানুয়ারি ২০২২ | ১৮ জানুয়ারি ২০২২ |
| ১৭ | মাঠ পর্যায়ে মূল জরিপের তথ্য সংগ্রহ কার্যক্রম | ২০ জানুয়ারি ২০২২ | ২৪ ফেব্রুয়ারি ২০২২ |
| ১৮ | ডাটা এডিটিং/এন্ট্রি/রিকোডিং ও এরর মিনিমাইজিং | ১ মার্চ ২০২২ | ২০ মার্চ ২০২২ |
| ১৯ | ডাটা প্রসেসিং এন্ড এনালাইসিস | ২১ মারচ ২০২২ | ৩০ মে ২০২২ |
| ২০ | টেবিল প্রস্তুতকরণ/টেব্যুলেশন | ০১ জুন ২০২২ | ৩০ জুন ২০২২ |
| **গ) ক্যাপাসিটি বিল্ডিং প্রশিক্ষণ/কর্মশালা** | | | |
| ২১ | এনভাইরনমেন্টাল প্রোটেকশন এক্সপেন্ডিচার, রিসোর্স ও ওয়েস্ট ম্যানেজমেন্ট সার্ভে এর উপর ক্যাপাসিটি বিল্ডিং প্রশিক্ষণ/কর্মশালা | ১৫ সেপ্টেম্বর ২০২১ | ১৫ অক্টোবর ২০২১ |
| ২২ | পরিবেশগত পরিসংখ্যানের তথ্য উপাত্ত সংগ্রহ বিষয়ক ক্যাপাসিটি বিল্ডিং প্রশিক্ষণ/কর্মশালা | ১৫ মার্চ ২০২২ | ১৫ এপ্রিল ২০২২ |

**প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি 2020-21 (৩০ জুন ২০২১ পর্যন্ত):**

| প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় | ২০২১-২২ অর্থ বছরের সংশোধিত বরাদ্দ (আরএডিপি) | ২০২১-২২ অর্থবছরে অবমুক্ত | ২০২০-২১ অর্থবছরের প্রকৃত ব্যয় (জুলাই/২০২০ হতে জুন/২০২১) | ২০২১-২২ অর্থ বছরের আরএডিপি বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার | ৩০ ডিসেম্বর ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জীভূত ব্যয় | ক্রমপুঞ্জীভূত আর্থিক অগ্রগতি (%) | ক্রমপুঞ্জীভূত বাস্তব অগ্রগতি (%) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৩৬০৬.৭৪ | ৬৩৪.০০ | ৩২২.৫০ | ১৩০২.৬৬ | ৯.৪৪% | ২৩৮১.৮৬ | ৬৬.০৪% | ৬৮.০০% |

**১২.৪** প্রকল্পের প্রধান ফলাফল **(Output):**

বাংলাদেশের পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও প্রাকৃতিক দুর্যোগ বিষয়ক অ্যাসেসমেন্ট পরিমাপের প্রাতিষ্ঠানিকীকরণের লক্ষ্যে নিম্নোক্ত পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ করা প্রকল্পের প্রধান ফলাফল।

১) বাংলাদেশ ডিজাস্টার রিলেটেড স্ট্যাটিসটিক্স ২০২০: ক্লাইমেট চেঞ্জ এন্ড ন্যাচারাল ডিজাস্টার পারসপেকটিভস।
২) কম্পাইলেশন অব দ্যা বাংলাদেশ এনভায়রনমেন্টাল স্ট্যাটিসটিক্স ২০২০।
৩) বাংলাদেশ এনভায়রনমেন্টাল প্রটেকশন এক্সপেন্ডিচার, রিসোর্স এন্ড ওয়াস্ট ম্যানেজমেন্ট সার্ভে ২০২১।
৪) বাংলাদেশ ন্যাচারাল রিসোর্স (এক্সপেরিমেন্টাল ল্যান্ড, ফরেস্ট এন্ড ইকো-সিস্টেম) অ্যাকাউন্টস/ স্ট্যাটিসটিক্স।
৫) জলবায়ু পরিবর্তনের কারণে সৃষ্ট বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে আক্রান্ত এলাকার আয়তন ও জনসংখ্যা, বিভিন্ন দুর্যোগে অসুস্থ, আহত, ডেথ এন্ড মিসিং, লস এন্ড ড্যামেজসহ সেক্টোরাল তথ্য-উপাত্ত জিআইএস সাথে সমন্বয়।
৬) কম্পাইলেশন অব দ্যা বাংলাদেশ এনভায়রনমেন্টাল স্ট্যাটিসটিক্স ২০২৩।

**এছাড়াও নিম্নোক্ত বিষয়সমূহে তথ্য-উপাত্ত দ্বারা সহায়তা করা এ প্রকল্পের অন্যতম লক্ষ্য:**

১) টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)-এর ২৩২টি সূচকের মধ্যে ডাটা সোর্স হিসেবে সরাসরি ১.৫.১, ১.৫.২, ১১.৫.১, ১১.৫.২ ১৩.১.১ সূচকসমূহের এবং আংশিক/ পরোক্ষভাবে ১১টি সূচকের তথ্য-উপাত্তের সংশ্লিষ্টতা রয়েছে;
২) পঞ্চ-বার্ষিকী পরিকল্পনার সংশ্লিষ্ট সূচকসমূহ অর্জন এবং এসডিজি সংশ্লিষ্ট সেন্দাই ফ্রেমওয়ার্ক ফর ডিজাস্টার রিস্ক রিডাকশন (SFDRR) এর ০৫টি টার্গেটের ডাটা সোর্স হিসেবে তথ্য-উপাত্ত সরবরাহে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।
৩) এছাড়াও অত্র প্রকল্পের মাধ্যমে প্রাপ্ত সকল তথ্য-উপাত্ত (সেকেন্ডারি সোর্সসহ) জাতীয় উপাত্ত সমন্বয় কমিটির (এনডিসিসি) পরিবেশগত ৪৩টি ক্ষেত্রের চাহিদাসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের নীতি-নির্ধারণ, গবেষণা ও উন্নয়ন পরিকল্পনায় সহায়তাকরণে ভূমিকা রাখবে।




গত ১১ ডিসেম্বর ২০২১ খ্রি. তারিখে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন ইসিডিএস প্রকল্পের আওতায় Centre for Environment and Geographic Information System (CEGIS) কর্তৃক Integration of GIS Data and Information on Environment, Climate Change, Natural Resources and Disaster for the Development of Web Application প্রস্তুতকরণ বিষয়ে প্রারম্ভিক কর্মশালায় প্রধান অতিথি হিসেবে ড. **শাহনাজ আরেফিন,** সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ বক্তব্য রাখেন। কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে **জনাব মালিক ফিদা এ খান** উপস্থিত ছিলেন। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, বিবিএস, আন্তঃমন্ত্রণালয় ও আন্তঃসংস্থার কর্মকর্তাগণের সমন্বয়ে অনুষ্ঠিত কর্মশালাটি বিবিএস এর মহাপরিচালক **জনাব মোহাম্মদ তাজুল ইসলাম** এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

## ১২.৫ মাঠ পর্যায়ের কার্যক্রম:



মুন্সীগঞ্জ জেলার লৌহজং উপজেলায় চলমান কম্পিউটার অ্যাসিস্টেড পারসোনাল ইন্টারভিউয়িং (CAPI) পদ্ধতিতে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বাস্তবায়নাধীন ইসিডিএস প্রকল্পের আওতায় পরিচালিত 'Bangladesh Disaster-related Statistics (BDRS) 2020: Climate Change and Natural Disaster Perspectives' শীর্ষক জরিপের মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ কার্যক্রম যথাযথ স্বাস্থ্যবিধি প্রতিপালনপূর্বক সরেজমিনে পরিদর্শন ও পরিবীক্ষণ করেন পরিকল্পনা মন্ত্রণালয়াধীন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব জনাব মুহাম্মদ ইয়ামিন চৌধুরী। সচিব মহোদয় তাঁর সফরকালে স্থানীয় জনসাধারণের আর্থ-সামাজিক অবস্থা ও তাদের জীবন-যাত্রার খোঁজ-খবর নেন। এসময় লৌহজং ও সিরাজদিখান উপজেলার উপজেলা নির্বাহী অফিসারদ্বয়, সচিবের একান্ত সচিব, প্রকল্প ব্যবস্থাপনা টিম এবং বিবিএস এর স্থানীয় কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



২৯ জানুয়ারি, ২০২১ তারিখে রাজশাহী সিটি করপোরেশন, পবা ও মোহনপুর উপজেলায় বাংলাদেশ ডিজাস্টার রিলেটেড স্ট্যাটিসটিক্স ২০২০ শীর্ষক জরিপের খানা তালিকা প্রণয়নের লক্ষ্যে মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ কার্যক্রম পরিদর্শন করেন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব মুহাম্মদ মেজবাহুল আলম। এ সময় উপস্থিত ছিলেন জনাব এস. এম. আনিসুজ্জামান, যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, রাজশাহী ও জনাব মোঃ শিমুল আকতার, উপজেলা নির্বাহী অফিসার, পবা এবং বিবিএস এর অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীগণ।

## ১৩. জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (NSDS) ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট:

বাংলাদেশের জাতীয় পরিসংখ্যান ব্যবস্থা (এনএসএস) কে শক্তিশালী ও যুগোপযোগী করার উদ্দেশ্যে পরিকল্পনা মন্ত্রণালয়ের আওতায় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের তত্ত্বাবধানে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক National Strategy for the Development of Statistics (NSDS) বা 'জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র প্রণয়ন করা হয়। ২৮ অক্টোবর ২০১৩ তারিখে মন্ত্রিপরিষদ কর্তৃক 'National Strategy for the Development of Statistics (NSDS) অনুমোদিত হয়।

উক্ত NSDS বাস্তবায়নের লক্ষ্যে বিবিএস বিশ্বব্যাংকের আর্থিক সহায়তায় 'National Strategy for the Development of Statistics (NSDS) Implementation Support Project' নামে একটি প্রকল্প গ্রহণ করা হয়।

**এক নজরে এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট:**

| | |
|---|---|
| **ক. প্রকল্পের নাম** | : এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট, বিবিএস |
| **খ. প্রকল্পের মেয়াদ** | : মার্চ ২০১৮ হতে ফেব্রুয়ারি ২০২৩ |
| **গ. টিএপিপি অনুমোদন** | : ০৫ জুন ২০১৮ |
| **ঘ. প্রকল্পের প্রশাসনিক অনুমোদন** | : ২৫ জুন ২০১৮ |
| **ঙ. বিশ্বব্যাংক কর্তৃক ১ম অর্থ ছাড়** | : ২৭ মে ২০১৯ |

**প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য:**

**এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রকল্পটির লক্ষ্য ও উদ্দেশ্য নিম্নরূপ:**

❍ বাংলাদেশ সরকার কর্তৃক গৃহীত ও মন্ত্রিপরিষদ কর্তৃক অনুমোদিত জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (NSDS) বাস্তবায়নে সহায়তা করা। এর দ্বারা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সার্বিক সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে আন্তর্জাতিকমানসম্পন্ন পরিসংখ্যান প্রণয়নের দ্বার উন্মোচিত হবে। নীতিনির্ধারক, পরিকল্পনাবিদসহ অন্যান্য তথ্য-উপাত্ত ব্যবহারকারীগণ যথাসময়ে মানসম্পন্ন সঠিক ও নির্ভরযোগ্য পরিসংখ্যান পাবে।

❍ সীমাবদ্ধ সম্পদের সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে পরিসংখ্যান প্রস্তুতের লক্ষ্যে জরিপের পরিবর্তে 'প্রশাসনিক উৎস' থেকে নিয়মিত তথ্য সংগ্রহের জন্য তথ্য প্রস্তুতকারি বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/ অধিদপ্তরের সাথে প্রাতিষ্ঠানিক সম্পর্ক স্থাপন করা এবং এ লক্ষ্যে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর করা।

❍ দ্রুততম সময়ে তথ্য সংগ্রহ, সংকলন, প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণের মাধ্যমে যথাসময়ে প্রতিবেদন প্রকাশের লক্ষ্যে তথ্য সংগ্রহ থেকে রিপোর্ট প্রকাশ পর্যন্ত সামগ্রিক প্রক্রিয়া স্বয়ংক্রিয় করার লক্ষ্যে একটি Comprehensive ICT পরিকল্পনা প্রণয়ন করা;

❍ দাপ্তরিক পরিসংখ্যান প্রণয়ন একটি টেকনিক্যাল বিষয়। একাজ সঠিকভাবে সম্পাদনের জন্য দক্ষ জনবল অপরিহার্য। তাই বিবিএস-এ কর্মরত সকল ধরনের জনবলকে দেশে-বিদেশে নিয়মিত প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনবল হিসেবে গড়ে তোলা;

❍ সঠিক, নির্ভরযোগ্য, আন্তর্জাতিকমানসম্পন্ন পরিসংখ্যান প্রণয়নের লক্ষ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক পরিচালিত প্রধান প্রধান (core) জরিপসহ অন্যান্য পরিসংখ্যানগত কার্যক্রমের পরিচালনা পদ্ধতি (Methodology) পরীক্ষা-নিরীক্ষাপূর্বক যুগোপযোগী করা;

❍ বিবিএস কর্তৃক প্রস্তুতকৃত পরিসংখ্যান দ্রুত ও সহজে জনগণের দোরগোড়ায় পৌঁছানোর লক্ষ্যে তথ্য প্রকাশনা পদ্ধতি আধুনিকায়ন।

প্রকল্পের আওতায় সম্পাদিত কার্যক্রম: (২০২১ সালে উল্লেখযোগ্য কর্মকাণ্ডের তথ্য)

❍ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর নিয়মিত ও অন্যতম গুরুত্বপূর্ণ কাজ হলো কৃষি পরিসংখ্যান সংগ্রহ, সংকলন ও প্রকাশ করা। এ বিষয়ে বিবিএস এর সদর দপ্তর ও মাঠ পর্যায়ের কর্মকর্তা কর্মচারীগণকে মৌলিক প্রশিক্ষণ প্রদানের গুরুত্ব অপরিসীম। বিশেষ করে নবনিযুক্ত পরিসংখ্যান কর্মকর্তা, পরিসংখ্যান তদন্তকারী, পরিসংখ্যান সহকারি ও জুনিয়র পরিসংখ্যান সহকারিগণের জন্য কৃষি পরিসংখ্যান সংক্রান্ত প্রশিক্ষণ গ্রহণ অত্যন্ত জরুরি। সেলক্ষ্যে মৌলিক কৃষি পরিসংখ্যানের উপর মোট ৪৫ জন ৯ম গ্রেড ও তদূর্ধ্ব কর্মকর্তাকে মাস্টার ট্রেইনার হিসেবে ১৩-১৬ জুন ২০২১ তারিখে বিবিএস এর প্রধান কার্যালয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। অতঃপর মাঠ পর্যায়ে বিভাগীয়/ জেলা পরিসংখ্যান কার্যালয়ে ২ ধাপে (০৪ দিন + ০৪ দিন+ ০৪ দিন) মোট ১২ দিনব্যাপী ৯৫৫ জন কর্মকর্তা/ কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়। ১ম পর্বে ১৯-২২ জুন ২০২১ তারিখে ৪৬৪ জন, ২য় পর্বে ২৩-২৬ জুন ২০২১ তারিখে ৪০৭ জন এবং ৩য় পর্বে ১৬-১৯ সেপ্টেম্বর ২০২১ তারিখে ৮৪ জন কর্মকর্তা ও কর্মচারী এ প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।



১৩ জুন ২০২১ তারিখে মৌলিক কৃষি পরিসংখ্যানের উপর মোট ৪৫ জন কর্মকর্তাকে মাস্টার ট্রেইনার হিসাবে প্রশিক্ষণ প্রদানের উদ্বোধনী অনুষ্ঠানে সংক্ষিপ্ত উপস্থাপনা প্রদান করছেন 'এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট', বিবিএস এর প্রকল্প পরিচালক জনাব মোঃ দিলদার হোসেন। মঞ্চে উপবিষ্ট ছিলেন জনাব মুহাম্মদ ইয়ামিন চৌধুরী, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বিবিএস এর মহাপরিচালক জনাব মোহাম্মদ তাজুল ইসলাম।

❍ মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদনক্রমে মন্ত্রিপরিষদ বিভাগের কমিটি বিষয়ক অধিশাখার তত্ত্বাবধানে ১২ জানুয়ারি, ২০২১ তারিখে National Advisory Council on Statistics (NACS) গেজেট আকারে প্রকাশিত হয়। মাননীয় পরিকল্পনামন্ত্রী জনাব এম.এ. মান্নান, এমপি মহোদয়ের সভাপতিত্বে ২৭ জুন ২০২১ তারিখে 'জাতীয় পরিসংখ্যান উপদেষ্টা পরিষদ' এর ১ম সভা বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (বিআইসিসি) অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় অন্যান্য

সম্মানিত অতিথিবর্গের মধ্যে বাংলাদেশ ব্যাংকের গভর্নর জনাব ফজলে কবির, পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের তৎকালীন সম্মানিত সদস্য (সিনিয়র সচিব) ও বর্তমান পরিকল্পনা প্রতিমন্ত্রী জনাব মোঃ শামসুল আলম, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মানিত সচিব জনাব মুহাম্মদ ইয়ামিন চৌধুরী এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মহাপরিচালক জনাব মোহাম্মদ তাজুল ইসলাম উপস্থিত ছিলেন।


বাংলাদেশ গেজেট

National Advisory Council on Statistics-(NACS) Gazette মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অনুমোদনক্রমে ১২ জানুয়ারি, ২০২১ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় National Advisory Council on Statistics (NACS) এর প্রজ্ঞাপন প্রকাশিত হয়।




২৭ জুন ২০২১ তারিখে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত 'জাতীয় পরিসংখ্যান উপদেষ্টা পরিষদ' এর ১ম সভায় জনাব এম. এ. মান্নান এমপি, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় সভাপতিত্ব করেন।

❍ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বিভিন্ন শুমারি ও জরিপে ব্যবহৃত সংজ্ঞা (Definitions) ও ধারণা (Concepts) এসডিজি-র (SDGs) মেটাডাটার আলোকে প্রমিতকরণপূর্বক BBS Glossary (Concepts and Definitions) শিরোনামে একটি গ্রন্থ প্রকাশ করা হয়। এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট, বিবিএস এ গ্রন্থটি প্রণয়নের সার্বিক দায়িত্ব পালন করে। গ্রন্থটি চূড়ান্তকরণে সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞগণকে নিয়ে ওয়ার্কশপের পাশাপাশি অংশীজন হিসেবে বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থার লিখিত মতামত ও পরামর্শ গ্রহণ করা হয়। এছাড়া গ্রন্থটি আন্তর্জাতিক মানসম্পন্ন করার লক্ষ্যে পরিসংখ্যান সংশ্লিষ্ট আন্তর্জাতিক জার্নাল, ম্যানুয়াল ও বিভিন্ন ডকুমেন্টের সহায়তা নেয়া হয়। মাননীয় পরিকল্পনামন্ত্রী জনাব এম.এ. মান্নান, এমপি গত ১০ জুন ২০২১ তারিখে সাড়ম্বরপূর্ণ আনুষ্ঠানিকতায় গ্রন্থটির মোড়ক উম্মোচন করেন। অনুষ্ঠানটিতে সভাপতিত্ব করেন পরিসংখ্যান ওতথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব জনাব মুহাম্মদ ইয়ামিন চৌধুরী।




১০ জুন ২০২১ তারিখে BBS Glossary (Concepts and Definitions) শীর্ষক গ্রন্থের মোড়ক উম্মোচন করেন জনাব এম. এ. মান্নান, এমপি, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, জনাব মুহাম্মদ ইয়ামিন চৌধুরী, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, জনাব মোহাম্মদ তাজুল ইসলাম, মহাপরিচালক, বিবিএস এবং 'এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট, বিবিএস এর প্রকল্প পরিচালক জনাব মোঃ দিলদার হোসেন।




BBS Glossary (Concepts and Definitions) শীর্ষক গ্রন্থের কভার পৃষ্ঠা।

❍ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক পরিচালিত বিভিন্ন শুমারি ও জরিপের তথ্য-উপাত্ত বিশ্লেষণ ও প্রক্রিয়াকরণে কর্মকর্তাগণের দক্ষতা বৃদ্ধির জন্য STATA সফটওয়্যার এর ওপর মাঠ পর্যায় ও সদর দপ্তরের মোট ৬৬ জন ৯ম গ্রেড ও তদূর্ধ্ব কর্মকর্তাকে ০৩ পর্বে প্রশিক্ষণ প্রদান করা হয়। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সদর দপ্তরে ১ম পর্ব ০৮ নভেম্বর হতে ১৯ নভেম্বর ২০২০ তারিখ পর্যন্ত ১০ (দশ) কর্মদিবসব্যাপী, ২য় পর্ব ২৮ ফেব্রুয়ারি হতে ১১ মার্চ ২০২১ তারিখ পর্যন্ত ১০ (দশ) কর্মদিবসব্যাপী এবং **হোটেল রয়েল টিউলিপ, কক্সবাজার** এ ৩য় পর্ব ২১ মার্চ হতে ১ এপ্রিল ২০২১ তারিখ পর্যন্ত এ প্রশিক্ষণগুলো অনুষ্ঠিত হয়।



১৯ নভেম্বর ২০২১ তারিখে বিভিন্ন শুমারি ও জরিপের তথ্য-উপাত্ত বিশ্লেষণ ও প্রক্রিয়াকরণে বিবিএস এর কর্মকর্তাগণের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে STATA সফটওয়্যার এর ওপর প্রশিক্ষণের সমাপনী ও সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠানে সংক্ষিপ্ত উপস্থাপনা প্রদান করছেন 'এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট, বিবিএস এর প্রকল্প পরিচালক জনাব মোঃ দিলদার হোসেন।



শুমারি ও জরিপের তথ্য-উপাত্ত বিশ্লেষণ ও প্রক্রিয়াকরণে বিবিএস এর কর্মকর্তাগণের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে STATA সফটওয়্যার এর ওপর প্রশিক্ষণ গ্রহণকারী কর্মকর্তাগণের মাঝে সার্টিফিকেট প্রদান করছেন জনাব মুহাম্মদ ইয়ামিন চৌধুরী, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।



১ এপ্রিল ২০২১ তারিখে শুমারি ও জরিপের তথ্য-উপাত্ত বিশ্লেষণ ও প্রক্রিয়াকরণে বিবিএস এর কর্মকর্তাগণের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে **হোটেল রয়েল টিউলিপ, কক্সবাজার** এ STATA সফটওয়্যার এর ওপর আবাসিক প্রশিক্ষণের সমাপনী ও সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনাব মোহাম্মদ তাজুল ইসলাম, মহাপরিচালক, বিবিএস এবং জনাব মোঃ দিলদার হোসেন, প্রকল্প পরিচালক, 'এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট, বিবিএস।

○ এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট' এর আওতায় নিয়োগকৃত আন্তর্জাতিক পরামর্শক প্রতিষ্ঠান DevStat কর্তৃক প্রণীত মোট ১০টি ডেলিভারেবল এর ওপর বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র সদর দপ্তরে ৩টি ভ্যালিডেশন কর্মশালা অনুষ্ঠিত হয়। ১ম ওয়ার্কশপটি ২৫ নভেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত হয় যেখানে 'Training Policy' 'Training Plan' এবং 'Baseline Review of the Core Statistics' সংক্রান্ত ০৩ টি ডেলিভারেবল ভ্যালিডেট করা হয়; ৩১ মার্চ ২০২১ তারিখে অনুষ্ঠিত ২য় ভ্যালিডেশন ওয়ার্কশপের মাধ্যমে 'Training Inventory', 'Report on the Use of Administrative Data for Official Statistics' এবং 'Report on Existing Memoranda of Understanding with Suggestions for Improvement' সংক্রান্ত তিনটি ডেলিভারেবল ভ্যালিডেট করা হয় এবং ১৭ জুন ২০২১ তারিখে 'Training Materials, Report on Functional Review of BBS', 'Advance Release Calendar' এবং 'Prtotocol for Advance Release Calendar' এর ওপর ভ্যালিডেশন কর্মশালা অনুষ্ঠিত হয়। বিবিএস এর মহাপরিচালক জনাব মোহাম্মদ তাজুল ইসলাম এর সভাপতিত্বে প্রত্যেকটি কর্মশালায় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব জনাব মুহাম্মদ ইয়ামিন চৌধুরী প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়াও ভ্যালিডেশন ওয়ার্কশপগুলোতে অংশীজন হিসেবে বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থা এবং স্বনামধন্য প্রশিক্ষণ একাডেমীর প্রতিনিধিগণ উপস্থিত থেকে ডেলিভারেবল বিষয়ে মতামত ও পরামর্শ প্রদান করেন যা পরবর্তীতে ডেলিভারেবলগুলোতে সন্নিবেশন করা হয়।



১৭ জুন ২০২১ তারিখে আন্তর্জাতিক পরামর্শক প্রতিষ্ঠান DevStat কর্তৃক প্রণয় Deliverables Validation Workshop এর উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন জনাব মুহাম্মদ ইয়ামিন চৌধুরী, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। মঞ্চে উপবিষ্ট ছিলেন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র মহাপরিচালক জনাব মোহাম্মদ তাজুল ইসলাম।

○ 'এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট' এর Twinning Partner আন্তর্জাতিক পরামর্শক প্রতিষ্ঠান DevStat, Spain কর্তৃক শুমারি ও জরিপের তথ্য-উপাত্ত বিশ্লেষণ ও প্রক্রিয়াকরণে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) কর্মকর্তাগণের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে R সফটওয়্যারের ওপর ১০ দিনব্যাপী (০৫ সেপ্টেম্বর ২০২১ হতে ১৪ সেপ্টেম্বর ২০২১) ২০ (বিশ) জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

○ 'এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট' এর আওতায় 'Quantum Index of Industrial Production (QIIP) ও Producer Price Index (PPI) এর ওপর বিবিএস সদর দপ্তর ও মাঠ পর্যায়ে ২০ সেপ্টেম্বর ২০২১ হতে ২২ সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত ০৩ (তিন) দিনব্যাপী ৬৮ জন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তাছাড়াও 'এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্টএর আওতায় Price Statistics সংক্রান্ত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ১৩ জন কর্মকর্তাকে ২৩-২৪ অক্টোবর ২০২১ প্রশিক্ষন প্রদান করা হয়েছে।




১০ সেপ্টেম্বর ২০২১ তারিখে Quantum Index of Industrial Production (QIIP) ও Producer Price Index (PPI) বিষয়ক প্রশিক্ষণ এর উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন জনাব মোহাম্মদ তাজুল ইসলাম, মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। মঞ্চে উপবিষ্ট ছিলেন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব জনাব মুহাম্মদ ইয়ামিন চৌধুরী।

❍ 'এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট' এর আওতায় ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং এর চাহিদার ভিত্তিতে 'Fundamentals of Labour Statistics and QLFS Questionnaire' এর ওপর বিবিএস সদরদপ্তরের ১১ জন কর্মকর্তাকে নিয়ে ২৪ ও ২৫ নভেম্বর ২০২১ একটি প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।




২৫ নভেম্বর ২০২১ তারিখে 'Fundamentals of Labour Statistics and QLFS Questionnaire' বিষয়ক প্রশিক্ষণ কর্মশালার সমাপনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন জনাব মোঃ দিলদার হোসেন, প্রকল্প পরিচালক, 'এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট' বিবিএস। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র মহাপরিচালক জনাব মোহাম্মদ তাজুল ইসলাম।

❍ 'এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট' এর Twinning Partner (devstat-IOE-ibf) কর্তৃক বিবিএস এর কর্মকর্তাগণের Sampling বিষয়ক দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে 'Sampling Techniques and Practice' এর ওপর দুই দফায় মাঠ পর্যায় ও সদর দপ্তরের মোট ৭০ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়। ১ম পর্ব ০৪ অক্টোবর হতে ১৪ অক্টোবর ২০২১ তারিখ পর্যন্ত ১০ (দশ) কর্মদিবসব্যাপী পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া-তে এবং ২য় পর্ব বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সদর দপ্তরে ২৭ ডিসেম্বর ২০২১ হতে ৬ জানুয়ারি ২০২২ তারিখ পর্যন্ত ১০ (দশ) কর্মদিবসব্যাপী অনুষ্ঠিত হয়।



Sampling বিষয়ক দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে 'Sampling Techniques and Practice' এর ওপর প্রশিক্ষণ গ্রহণকারী কর্মকর্তাগণের মাঝে সার্টিফিকেট প্রদান করছেন ড. শাহনাজ আরেফিন, এনডিসি, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র মহাপরিচালক জনাব মোহাম্মদ তাজুল ইসলাম।

❍ 'এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট' এর International Twinning Partner (devstat-IOE-ibf) এর Experts Team ও সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ১৯ সেপ্টেম্বর ২০২১ সচিব মহোদয়ের কনফারেন্স রুমে একটি মত বিনিময় সভা করেন এবং একই দিনে Experts Team বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র মহাপরিচালক এর সাথে ও একটি মতবিনিময় সভা করেন।

❍ 'এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট' থেকে 'Household Income and Expenditure Survey (HIES) 2020-2021 এর ৮৪ জন তথ্যসংগ্রহকারীকে ২০ (বিশ) দিনব্যাপী নিবিড় আবাসিক প্রশিক্ষণে আর্থিক ও কারিগরি সহযোগিতা প্রদান করা হয়েছে। প্রশিক্ষণটি গত ০৪ ডিসেম্বর ২০২১ হতে ২৩ ডিসেম্বর ২০২২ পর্যন্ত গাজীপুরের রাজেন্দ্রপুরের BRAC-CDM এ অনুষ্ঠিত হয়। এছাড়াও উক্ত জরিপের ৭২ জন বিভাগীয় ও জেলা সমন্বয়কারী এবং সুপারভাইজারকে BRAC-CDM রাজেন্দ্রপুরে গত ২৭-২৯ ডিসেম্বর পর্যন্ত তিনদিনব্যাপী আবাসিক প্রশিক্ষণ প্রদান করা হয়।

## ❋ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর আওতাধীন সেল সমুহের বিবরন:

### ১. এসডিজি সেল:

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)-এর এসডিজি সেল জাতিসংঘ কর্তৃক গৃহীত টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে মানসম্পন্ন ডাটা নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন থাকে। এসডিজি সেল, বিবিএস টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) বাস্তবায়নের অংশ হিসেবে এটুআই-এর তথ্য-প্রযুক্তিগত সহায়তায় এসডিজি ট্র্যাকার ব্যবস্থাপনা করে থাকে। তাছাড়া বিবিএস বিভিন্ন মন্ত্রণালয়/সংস্থা/বিভাগের এসডিজি সংশ্লিষ্ট মনোনীত ডাটা অনুমোদনকারী ও ডাটা প্রদানকারী কর্মকর্তাদের নিয়মিত প্রশিক্ষণ প্রদান ও কর্মশালা আয়োজন করে থাকে। পাশাপাশি, এসডিজি সেল বিভিন্ন মন্ত্রণালয়/সংস্থা/বিভাগের এসডিজি সংশ্লিষ্ট কারিগরি সহযোগিতা প্রদান এবং এসডিজি স্থানীয়করণ বিষয়ে কাজ করে থাকে।

**এসডিজি সেল, বিবিএস-এর ০১ জানুয়ারি ২০২১ হতে ৩১ ডিসেম্বর ২০২১ সালের উল্লেখযোগ্য কার্যক্রম:**

- এসডিজি সূচক সংশ্লিষ্ট তথ্য-উপাত্ত প্রস্তুতকারী মন্ত্রণালয়/বিভাগসহ এর অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থা এবং বিবিএস-এর উইং/প্রকল্পসমূহ হতে SDG সংক্রান্ত তথ্য-উপাত্ত সংগ্রহ, প্রক্রিয়াকরণ, বিশ্লেষণ, সংকলন, প্রকাশসহ সত্যকরণ ও সমন্বয়ের নিমিত্ত গঠিত 'এসডিজি বিষয়ক টেকনিক্যাল ওয়ার্কিং কমিটি'র ০১ জানুয়ারি ২০২১ হতে ৩১ ডিসেম্বর ২০২১ পর্যন্ত সময়ে মোট ৫টি সভার মাধ্যমে সর্বমোট ৪৪টি সিরিজের ডাটা সত্যকরণ করা হয়েছে।
- United Nations Statistics Division (UNSD)'র UNSD-FCDO প্রকল্পের আওতায় গত ৩-৬ মে ২০২১ 'এসডিজি ডাটা মডেলিং' বিষয়ক একটি অনলাইন প্রশিক্ষণ আয়োজন করা হয়। এতে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থায় ডাটা ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।
- এসডিজি সেল, বিবিএস কর্তৃক UNICEF, বাংলাদেশ-এর আর্থিক সহযোগিতায় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বিবিএস-এর ৫০ জন কর্মকর্তার সমন্বয়ে গত ০৫-০৬ সেপ্টেম্বর, ২০২১ National Quality Assurance Framework (NQAF)-এর প্রস্তুতকৃত খসড়ার ওপর একটি Validation Workshop-এর আয়োজন করা হয়।
- এসডিজি সেল কর্তৃক UNSD-এর কারিগরি সহায়তায় বিবিএসসহ বিভিন্ন সংস্থা/প্রতিষ্ঠানের ২৮জন কর্মকর্তার সমন্বয়ে গত ০৯-১৩ অক্টোবর ২০২১ 'Data Modelling for Big Data' শীর্ষক একটি প্রশিক্ষণ কর্মশালা ব্র্যাক সিডিএম, রাজেন্দ্রপুর, গাজীপুর-এ আয়োজন করা হয়।



গত ০৩-০৬ মে ২০২১ তারিখে জাতিসংঘের পরিসংখ্যান বিভাগ (UNSD)'র কারিগরি সহযোগিতায় এসডিজি সেল, বিবিএস কর্তৃক আয়োজিত 'এসডিজি ডাটা মডেলিং' শীর্ষক ৩ দিনব্যাপী কর্মশালার একাংশ।



গত ১৬-১৭ জুন ২০২১ তারিখে জাতিসংঘের পরিসংখ্যান বিভাগ (UNSD)'র কারিগরি সহযোগিতায় এসডিজি সেল, বিবিএস কর্তৃক আয়োজিত 'এসডিজি অ্যান্ড স্ট্যাটিসটিক্যাল ডাটা অ্যান্ড মেটাডাটা একচেঞ্জ' শীর্ষক ২ দিনব্যাপী কর্মশালা উদ্বোধন করেন মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সমন্বয়ক (এসডিজি) মিজ জুয়েনা আজিজ।



উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মানিত সচিব জনাব মুহাম্মদ ইয়ামিন চৌধুরী। অনুষ্ঠানটি সভাপতিত্ব করেন বিবিএস-এর সম্মানিত মহাপরিচালক জনাব মোহাম্মদ তাজুল ইসলাম।



কর্মশালায় গ্রুপ ওয়ার্করত অংশগ্রহণকারীদের একাংশ।



অনুষ্ঠানটি সভাপতিত্ব করেন বিবিএস-এর সম্মানিত মহাপরিচালক জনাব মোহাম্মদ তাজুল ইসলাম। উক্ত অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মিত্র পুত্রা ভট্টাচার্য, স্ট্র্যাটেজিক প্ল্যানার এবং আরসিও টীম লিডার, ইউএন রেসিডেন্ট কোঅর্ডিনেটর অফিস, বাংলাদেশ।

১ম পর্বের ধারাবাহিকতায় গত ০৭-১০ ডিসেম্বর ২০২১ 'Data Modelling for Big Data-Piloting of Poverty Estimation (২য় পর্যায়)' শীর্ষক একটি কর্মশালা সারাহ্ রিসোর্ট, গাজীপুর-এ আয়োজন করা হয়।



গত ০৭-১০ ডিসেম্বর ২০২১ তারিখে ০৪ দিনব্যাপী কর্মশালার সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সমন্বয়ক (এসডিজি) মিজ জুয়েনা আজিজ। উক্ত কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মানিত সচিব ড. শাহনাজ আরেফিন, এনডিসি। অনুষ্ঠানটি সভাপতিত্ব করেন বিবিএস-এর সম্মানিত মহাপরিচালক জনাব মোহাম্মদ তাজুল ইসলাম।

- ২৫ অক্টোবর ২০২১ তারিখে বরিশালে বিভাগীয় পর্যায়ে 'SDG Data Literacy' বিষয়ে বিবিএসসহ স্থানীয় পর্যায়ের বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানের ৮৫ জন কর্মকর্তার সমন্বয়ে দিনব্যাপী একটি কর্মশালা অনুষ্ঠিত হয়।




উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিবিএস-এর সম্মানিত মহাপরিচালক জনাব মোহাম্মদ তাজুল ইসলাম, সভাপতিত্ব করেন সম্মানিত জেলা প্রশাসক, বরিশাল।

- এসডিজি সেল কর্তৃক UNSD-এর কারিগরি সহায়তায় SDG Tracker-এ বিভিন্ন মন্ত্রণালয়/সংস্থা/বিভাগের উপাত্ত প্রদানকারী ও অনুমোদনকারী সর্বমোট ১২২ জন কর্মকর্তাকে গত ২১/১২/২০২১ খ্রি. তারিখ 'SDG Tracker and Official Statistics' বিষয়ে বিবিএস অডিটোরিয়ামে প্রশিক্ষণ প্রদান করা হয়। তাছাড়া, গত ২২/১২/২০২১ খ্রি. তারিখ SDG Tracker-এ উপাত্ত প্রদানকারী ও অনুমোদনকারী সর্বমোট ১১৯ জন কর্মকর্তার সমন্বয়ে 'SDG Data Calendar Updating' বিষয়ে এবং গত ২৩-২৪ নভেম্বর ২০২১ মোট ৮২ জন কর্মকর্তার সমন্বয়ে 'SDMX Metadata Template' বিষয়ে বিবিএস অডিটোরিয়ামে পরামর্শ কর্মশালা আয়োজন করা হয়।



গত ২১-২৪ ডিসেম্বর ২০২১ তারিখে জাতিসংঘের ০৪ দিনব্যাপী কর্মশালার উদ্বোধন করেন মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সমন্বয়ক (এসডিজি) মিজ জুয়েনা আজিজ। উক্ত কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মানিত সচিব ড. শাহনাজ আরেফিন, এনডিসি অনুষ্ঠানটি সভাপতিত্ব করেন বিবিএস-এর সম্মানিত মহাপরিচালক জনাব মোহাম্মদ তাজুল ইসলাম।



গত ২২/১২/২০২১ খ্রি. তারিখ 'SDG Data Calendar Updating' বিষয়ক কর্মশালায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করছেন পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ড. শামসুল আলম।

## ২. প্ল্যানিং এন্ড ডেভেলপমেন্ট সেল:

### প্ল্যানিং সেলের কর্মপরিধি :

- প্রাপ্ত উন্নয়ন প্রকল্প প্রক্রিয়াকরণ কার্যক্রম তদারকি;
- বিভিন্ন উইং কর্তৃক দাখিলকৃত প্রকল্প দলিলের যথার্থতা/সঠিকতা যাচাই;
- পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা কমিশন, আইএমইডি ও ইআরডি এর সাথে যোগাযোগ রক্ষা ও সমন্বয় সাধন;
- প্রকল্পের মাসিক, ত্রৈমাসিক, ষাণ্মাসিক ও বাৎসরিক, আইএমইডি সংক্রান্ত প্রতিবেদন ও অন্যান্য প্রতিবেদন প্রণয়ন ও বিভাগে প্রেরণ;

| | | | |
|---|---|---|---|
| ১৫ | জরিপ সামগ্রী প্যাকেজিং এবং মাঠ পর্যায়ে প্রেরণ | ৫ জানুয়ারি ২০২২ | ১৪ জানুয়ারি ২০২২ |
| ১৫ | বিভাগ/জেলা সমন্বয়কারী/মাস্টার ট্রেনারগণের প্রশিক্ষণ ও জরিপ সামগ্রী মাঠ পর্যায়ে প্রেরণ | ৯ জানুয়ারি ২০২২ | ১২ জানুয়ারি ২০২২ |
| ১৬ | মাঠ পর্যায়ে গণনাকারী এবং সুপারভাইজারগণের প্রশিক্ষণ | ১৫ জানুয়ারি ২০২২ | ১৮ জানুয়ারি ২০২২ |
| ১৭ | মাঠ পর্যায়ে মূল জরিপের তথ্য সংগ্রহ কার্যক্রম | ২০ জানুয়ারি ২০২২ | ২৪ ফেব্রুয়ারি ২০২২ |
| ১৮ | ডাটা এডিটিং/এন্ট্রি/রিকোডিং ও এরর মিনিমাইজিং | ১ মার্চ ২০২২ | ২০ মার্চ ২০২২ |
| ১৯ | ডাটা প্রসেসিং এন্ড এনালাইসিস | ২১ মার্চ ২০২২ | ৩০ মে ২০২২ |
| ২০ | টেবিল প্রস্তুতকরণ/টেবুলেশন | ০১ জুন ২০২২ | ৩০ জুন ২০২২ |
| গ) ক্যাপাসিটি বিল্ডিং প্রশিক্ষণ/কর্মশালা | | | |
| ২১ | এনভাইরনমেন্টাল প্রোটেকশন এক্সপেন্ডিচার, রিসোর্স ও ওয়েস্ট ম্যানেজমেন্ট সার্ভে এর উপর ক্যাপাসিটি বিল্ডিং প্রশিক্ষণ/কর্মশালা | ১৫ সেপ্টেম্বর ২০২১ | ১৫ অক্টোবর ২০২১ |
| ২২ | পরিবেশগত পরিসংখ্যানের তথ্য উপাত্ত সংগ্রহ বিষয়ক ক্যাপাসিটি বিল্ডিং প্রশিক্ষণ/কর্মশালা | ১৫ মার্চ ২০২২ | ১৫ এপ্রিল ২০২২ |

**প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি 2020-21 (৩০ জুন ২০২১ পর্যন্ত):**

| প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় | ২০২১-২২ অর্থ বছরের সংশোধিত বরাদ্দ (আরএডিপি) | ২০২১-২২ অর্থবছরে অবমুক্ত | ২০২০-২১ অর্থবছরের প্রকৃত ব্যয় (জুলাই/২০২০ হতে জুন/২০২১) | ২০২১-২২ অর্থ বছরের আরএডিপি বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার | ৩০ ডিসেম্বর ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জীভূত ব্যয় | ক্রমপুঞ্জীভূত আর্থিক অগ্রগতি (%) | ক্রমপুঞ্জীভূত বাস্তব অগ্রগতি (%) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৩৬০৬.৭৪ | ৬৩৪.০০ | ৩২২.৫০ | ১৩০২.৬৬ | ৯.৪৪% | ২৩৮১.৮৬ | ৬৬.০৪% | ৬৮.০০% |

**১২.৪** প্রকল্পের প্রধান ফলাফল **(Output):**

বাংলাদেশের পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও প্রাকৃতিক দুর্যোগ বিষয়ক অ্যাসেসমেন্ট পরিমাপের প্রাতিষ্ঠানিকীকরণের লক্ষ্যে নিম্নোক্ত পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ করা প্রকল্পের প্রধান ফলাফল।

১) বাংলাদেশ ডিজাস্টার রিলেটেড স্ট্যাটিসটিক্স ২০২০: ক্লাইমেট চেঞ্জ এন্ড ন্যাচারাল ডিজাস্টার পারসপেকটিভস।
২) কম্পাইলেশন অব দ্যা বাংলাদেশ এনভায়রনমেন্টাল স্ট্যাটিসটিক্স ২০২০।
৩) বাংলাদেশ এনভায়রনমেন্টাল প্রটেকশন এক্সপেন্ডিচার, রিসোর্স এন্ড ওয়াস্ট ম্যানেজমেন্ট সার্ভে ২০২১।
৪) বাংলাদেশ ন্যাচারাল রিসোর্স (এক্সপেরিমেন্টাল ল্যান্ড, ফরেস্ট এন্ড ইকো-সিস্টেম) অ্যাকাউন্টস্/ স্ট্যাটিসটিক্স।
৫) জলবায়ু পরিবর্তনের কারণে সৃষ্ট বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে আক্রান্ত এলাকার আয়তন ও জনসংখ্যা, বিভিন্ন দুর্যোগে অসুস্থ, আহত, ডেথ এন্ড মিসিং, লস এন্ড ড্যামেজসহ সেক্টোরাল তথ্য-উপাত্ত জিআইএস সাথে সমন্বয়।
৬) কম্পাইলেশন অব দ্যা বাংলাদেশ এনভায়রনমেন্টাল স্ট্যাটিসটিক্স ২০২৩।

**এছাড়াও নিম্নোক্ত বিষয়সমূহে তথ্য-উপাত্ত দ্বারা সহায়তা করা এ প্রকল্পের অন্যতম লক্ষ্য:**

১) টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)-এর ২৩২টি সূচকের মধ্যে ডাটা সোর্স হিসেবে সরাসরি ১.৫.১, ১.৫.২, ১১.৫.১, ১১.৫.২ ১৩.১.১ সূচকসমূহের এবং আংশিক/ পরোক্ষভাবে ১১টি সূচকের তথ্য-উপাত্তের সংশ্লিষ্টতা রয়েছে;
২) পঞ্চ-বার্ষিকী পরিকল্পনার সংশ্লিষ্ট সূচকসমূহ অর্জন এবং এসডিজি সংশ্লিষ্ট সেন্দাই ফ্রেমওয়ার্ক ফর ডিজাস্টার রিস্ক রিডাকশন (SFDRR) এর ০৫টি টার্গেটের ডাটা সোর্স হিসেবে তথ্য-উপাত্ত সরবরাহে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।
৩) এছাড়াও অত্র প্রকল্পের মাধ্যমে প্রাপ্ত সকল তথ্য-উপাত্ত (সেকেন্ডারি সোর্সসহ) জাতীয় উপাত্ত সমন্বয় কমিটির (এনডিসিসি) পরিবেশগত ৪৩টি ক্ষেত্রের চাহিদাসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের নীতি-নির্ধারণ, গবেষণা ও উন্নয়ন পরিকল্পনায় সহায়তাকরণে ভূমিকা রাখবে।




গত ১১ ডিসেম্বর ২০২১ খ্রি. তারিখে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন ইসিডিএস প্রকল্পের আওতায় Centre for Environment and Geographic Information System (CEGIS) কর্তৃক Integration of GIS Data and Information on Environment, Climate Change, Natural Resources and Disaster for the Development of Web Application প্রস্তুতকরণ বিষয়ে প্রারম্ভিক কর্মশালায় প্রধান অতিথি হিসেবে **ড. শাহনাজ আরেফিন,** সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ বক্তব্য রাখছেন। কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে **জনাব মালিক ফিদা এ খান** উপস্থিত ছিলেন। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, বিবিএস, আন্তঃমন্ত্রণালয় ও আন্তঃসংস্থার কর্মকর্তাগণের সমন্বয়ে অনুষ্ঠিত কর্মশালাটি বিবিএস এর মহাপরিচালক **জনাব মোহাম্মদ তাজুল ইসলাম** এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

১২.৫ মাঠ পর্যায়ের কার্যক্রম:



মুন্সীগঞ্জ জেলার লৌহজং উপজেলায় চলমান কম্পিউটার অ্যাসিসটেড পারসোনাল ইন্টারভিউয়িং (CAPI) পদ্ধতিতে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বাস্তবায়নাধীন ইসিডিএস প্রকল্পের আওতায় পরিচালিত 'Bangladesh Disaster-related Statistics (BDRS) 2020: Climate Change and Natural Disaster Perspectives' শীর্ষক জরিপের মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ কার্যক্রম যথাযথ স্বাস্থ্যবিধি প্রতিপালনপূর্বক সরেজমিনে পরিদর্শন ও পরিবীক্ষণ করেন পরিকল্পনা মন্ত্রণালয়াধীন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব জনাব মুহাম্মদ ইয়ামিন চৌধুরী। সচিব মহোদয় তাঁর সফরকালে স্থানীয় জনসাধারণের আর্থ-সামাজিক অবস্থা ও তাদের জীবন-যাত্রার খোঁজ-খবর নেন। এসময় লৌহজং ও সিরাজদিখান উপজেলার উপজেলা নির্বাহী অফিসারদ্বয়, সচিবের একান্ত সচিব, প্রকল্প ব্যবস্থাপনা টিম এবং বিবিএস এর স্থানীয় কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



২৯ জানুয়ারি, ২০২১ তারিখে রাজশাহী সিটি করপোরেশন, পবা ও মোহনপুর উপজেলায় বাংলাদেশ ডিজাস্টার রিলেটেড স্ট্যাটিসটিক্স ২০২০ শীর্ষক জরিপের খানা তালিকা প্রণয়নের লক্ষ্যে মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ কার্যক্রম পরিদর্শন করেন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব মুহাম্মদ মেসবাহুল আলম। এ সময় উপস্থিত ছিলেন জনাব এস. এম. আনিসুজ্জামান, যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, রাজশাহী ও জনাব মোঃ শিবুল আকতার, উপজেলা নির্বাহী অফিসার, পবা এবং বিবিএস এর অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীগণ।

## ১৩. জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (NSDS) ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট:

বাংলাদেশের জাতীয় পরিসংখ্যান ব্যবস্থা (এনএসএস) কে শক্তিশালী ও যুগোপযোগী করার উদ্দেশ্যে পরিকল্পনা মন্ত্রণালয়ের আওতায় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের তত্ত্বাবধানে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক National Strategy for the Development of Statistics (NSDS) বা 'জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র প্রণয়ন করা হয়। ২৮ অক্টোবর ২০১৩ তারিখে মন্ত্রিপরিষদ কর্তৃক 'National Strategy for the Development of Statistics (NSDS) অনুমোদিত হয়।

উক্ত NSDS বাস্তবায়নের লক্ষ্যে বিবিএস বিশ্বব্যাংকের আর্থিক সহায়তায় 'National Strategy for the Development of Statistics (NSDS) Implementation Support Project' নামে একটি প্রকল্প গ্রহণ করা হয়।

**এক নজরে এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট:**

| | |
|---|---|
| **ক. প্রকল্পের নাম** | : এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট, বিবিএস |
| **খ. প্রকল্পের মেয়াদ** | : মার্চ ২০১৮ হতে ফেব্রুয়ারি ২০২৩ |
| **গ. টিএপিপি অনুমোদন** | : ০৫ জুন ২০১৮ |
| **ঘ. প্রকল্পের প্রশাসনিক অনুমোদন** | : ২৫ জুন ২০১৮ |
| **ঙ. বিশ্বব্যাংক কর্তৃক ১ম অর্থ ছাড়** | : ২৭ মে ২০১৯ |

**প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য:**

**এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রকল্পটির লক্ষ্য ও উদ্দেশ্য নিম্নরূপ:**

❍ বাংলাদেশ সরকার কর্তৃক গৃহীত ও মন্ত্রিপরিষদ কর্তৃক অনুমোদিত জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (NSDS) বাস্তবায়নে সহায়তা করা। এর দ্বারা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সার্বিক সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে আন্তর্জাতিকমানসম্পন্ন পরিসংখ্যান প্রণয়নের দ্বার উন্মোচিত হবে। নীতিনির্ধারক, পরিকল্পনাবিদসহ অন্যান্য তথ্য-উপাত্ত ব্যবহারকারীগণ যথাসময়ে মানসম্পন্ন সঠিক ও নির্ভরযোগ্য পরিসংখ্যান পাবে।

❍ সীমাবদ্ধ সম্পদের সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে পরিসংখ্যান প্রস্তুতের লক্ষ্যে জরিপের পরিবর্তে 'প্রশাসনিক উৎস' থেকে নিয়মিত তথ্য সংগ্রহের জন্য তথ্য প্রস্তুতকারি বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/ অধিদপ্তরের সাথে প্রাতিষ্ঠানিক সম্পর্ক স্থাপন করা এবং এ লক্ষ্যে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর করা।

❍ দ্রুততম সময়ে তথ্য সংগ্রহ, সংকলন, প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণের মাধ্যমে যথাসময়ে প্রতিবেদন প্রকাশের লক্ষ্যে তথ্য সংগ্রহ থেকে রিপোর্ট প্রকাশ পর্যন্ত সামগ্রিক প্রক্রিয়া স্বয়ংক্রিয় করার লক্ষ্যে একটি Comprehensive ICT পরিকল্পনা প্রণয়ন করা;

❍ দাপ্তরিক পরিসংখ্যান প্রণয়ন একটি টেকনিক্যাল বিষয়। একাজ সঠিকভাবে সম্পাদনের জন্য দক্ষ জনবল অপরিহার্য। তাই বিবিএস-এ কর্মরত সকল ধরনের জনবলকে দেশে-বিদেশে নিয়মিত প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনবল হিসেবে গড়ে তোলা;

❍ সঠিক, নির্ভরযোগ্য, আন্তর্জাতিকমানসম্পন্ন পরিসংখ্যান প্রণয়নের লক্ষ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক পরিচালিত প্রধান প্রধান (core) জরিপসহ অন্যান্য পরিসংখ্যানগত কার্যক্রমের পরিচালনা পদ্ধতি (Methodology) পরীক্ষা-নিরীক্ষাপূর্বক যুগোপযোগী করা;

❍ বিবিএস কর্তৃক প্রস্তুতকৃত পরিসংখ্যান দ্রুত ও সহজে জনগণের দোরগোড়ায় পৌঁছানোর লক্ষ্যে তথ্য প্রকাশনা পদ্ধতি আধুনিকায়ন।

**প্রকল্পের আওতায় সম্পাদিত কার্যক্রম: (২০২১ সালে উল্লেখযোগ্য কর্মকাণ্ডের তথ্য)**

❍ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর নিয়মিত ও অন্যতম গুরুত্বপূর্ণ কাজ হলো কৃষি পরিসংখ্যান সংগ্রহ, সংকলন ও প্রকাশ করা। এ বিষয়ে বিবিএস এর সদর দপ্তর ও মাঠ পর্যায়ের কর্মকর্তা কর্মচারীগণকে মৌলিক প্রশিক্ষণ প্রদানের গুরুত্ব অপরিসীম। বিশেষ করে নবনিযুক্ত পরিসংখ্যান কর্মকর্তা, পরিসংখ্যান তদন্তকারী, পরিসংখ্যান সহকারি ও জুনিয়র পরিসংখ্যান সহকারিগণের জন্য কৃষি পরিসংখ্যান সংক্রান্ত প্রশিক্ষন গ্রহণ অত্যন্ত জরুরি। সেলক্ষ্যে মৌলিক কৃষি পরিসংখ্যানের উপর মোট ৪৫ জন ৯ম গ্রেড ও তদূর্ধ্ব কর্মকর্তাকে মাস্টার ট্রেইনার হিসেবে ১৩-১৬ জুন ২০২১ তারিখে বিবিএস এর প্রধান কার্যালয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। অতঃপর মাঠ পর্যায়ে বিভাগীয়/ জেলা পরিসংখ্যান কার্যালয়ে ২ ধাপে (০৪ দিন + ০৪ দিন+ ০৪ দিন) মোট ১২ দিনব্যাপী ৯৫৫ জন কর্মকর্তা/ কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়। ১ম পর্বে ১৯-২২ জুন ২০২১ তারিখে ৪৬৪ জন, ২য় পর্বে ২৩-২৬ জুন ২০২১ তারিখে ৪০৭ জন এবং ৩য় পর্বে ১৬-১৯ সেপ্টেম্বর ২০২১ তারিখে ৮৪ জন কর্মকর্তা ও কর্মচারী এ প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।



১৩ জুন ২০২১ তারিখে মৌলিক কৃষি পরিসংখ্যানের উপর মোট ৪৫ জন কর্মকর্তাকে মাস্টার ট্রেইনার হিসাবে প্রশিক্ষণ প্রদানের উদ্বোধনী অনুষ্ঠানে সংক্ষিপ্ত উপস্থাপনা প্রদান করছেন 'এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট', বিবিএস এর প্রকল্প পরিচালক জনাব মোঃ দিলদার হোসেন। মঞ্চে উপবিষ্ট ছিলেন জনাব মুহাম্মদ ইয়ামিন চৌধুরী, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বিবিএস এর মহাপরিচালক জনাব মোহাম্মদ তাজুল ইসলাম।

❍ মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদনক্রমে মন্ত্রিপরিষদ বিভাগের কমিটি বিষয়ক অধিশাখার তত্ত্বাবধানে ১২ জানুয়ারি, ২০২১ তারিখে National Advisory Council on Statistics (NACS) গেজেট আকারে প্রকাশিত হয়। মাননীয় পরিকল্পনামন্ত্রী জনাব এম.এ. মান্নান, এমপি মহোদয়ের সভাপতিত্বে ২৭ জুন ২০২১ তারিখে 'জাতীয় পরিসংখ্যান উপদেষ্টা পরিষদ' এর ১ম সভা বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (বিআইসিসি) অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় অন্যান্য

সম্মানিত অতিথিবর্গের মধ্যে বাংলাদেশ ব্যাংকের গভর্নর জনাব ফজলে কবির, পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের তৎকালীন সম্মানিত সদস্য (সিনিয়র সচিব) ও বর্তমান পরিকল্পনা প্রতিমন্ত্রী জনাব মোঃ শামসুল আলম, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মানিত সচিব জনাব মুহাম্মদ ইয়ামিন চৌধুরী এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মহাপরিচালক জনাব মোহাম্মদ তাজুল ইসলাম উপস্থিত ছিলেন।


বাংলাদেশ গেজেট

National Advisory Council on Statistics-(NACS) Gazette মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অনুমোদনক্রমে ১২ জানুয়ারি, ২০২১ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় National Advisory Council on Statistics (NACS) এর প্রজ্ঞাপন প্রকাশিত হয়।



২৭ জুন ২০২১ তারিখে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত 'জাতীয় পরিসংখ্যান উপদেষ্টা পরিষদ' এর ১ম সভায় জনাব এম. এ. মান্নান এমপি, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় সভাপতিত্ব করেন।

❍ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বিভিন্ন শুমারি ও জরিপে ব্যবহৃত সংজ্ঞা (Definitions) ও ধারণা (Concepts) এসডিজি-র (SDGs) মেটাডাটার আলোকে প্রমিতকরণপূর্বক BBS Glossary (Concepts and Definitions) শিরোনামে একটি গ্রন্থ প্রকাশ করা হয়। এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট, বিবিএস এ গ্রন্থটি প্রণয়নের সার্বিক দায়িত্ব পালন করে। গ্রন্থটি চূড়ান্তকরণে সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞগণকে নিয়ে ওয়ার্কশপের পাশাপাশি অংশীজন হিসেবে বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থার লিখিত মতামত ও পরামর্শ গ্রহণ করা হয়। এছাড়া গ্রন্থটি আন্তর্জাতিক মানসম্পন্ন করার লক্ষ্যে পরিসংখ্যান সংশ্লিষ্ট আন্তর্জাতিক জার্নাল, ম্যানুয়াল ও বিভিন্ন ডকুমেন্টের সহায়তা নেয়া হয়। মাননীয় পরিকল্পনামন্ত্রী জনাব এম.এ. মান্নান, এমপি গত ১০ জুন ২০২১ তারিখে সাড়ম্বরপূর্ণ আনুষ্ঠানিকতায় গ্রন্থটির মোড়ক উন্মোচন করেন। অনুষ্ঠানটিতে সভাপতিত্ব করেন পরিসংখ্যান ওতথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব জনাব মুহাম্মদ ইয়ামিন চৌধুরী।




১০ জুন ২০২১ তারিখে BBS Glossary (Concepts  and Definitions) শীর্ষক গ্রন্থের মোড়ক উন্মোচন করেন জনাব এম. এ. মান্নান, এমপি, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, জনাব মুহাম্মদ ইয়ামিন চৌধুরী, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, জনাব মোহাম্মদ তাজুল ইসলাম, মহাপরিচালক, বিবিএস এবং 'এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট, বিবিএস এর প্রকল্প পরিচালক জনাব মোঃ দিলদার হোসেন।




BBS Glossary (Concepts  and Definitions) শীর্ষক গ্রন্থের কভার পৃষ্ঠা।

❍ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক পরিচালিত বিভিন্ন শুমারি ও জরিপের তথ্য-উপাত্ত বিশ্লেষণ ও প্রক্রিয়াকরণে কর্মকর্তাগণের দক্ষতা বৃদ্ধির জন্য STATA সফটওয়্যার এর ওপর মাঠ পর্যায় ও সদর দপ্তরের মোট ৬৬ জন ৯ম গ্রেড ও তদূর্ধ্ব কর্মকর্তাকে ০৩ পর্বে প্রশিক্ষণ প্রদান করা হয়। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সদর দপ্তরে  ১ম পর্ব ০৮ নভেম্বর হতে ১৯ নভেম্বর ২০২০ তারিখ পর্যন্ত ১০ (দশ) কর্মদিবসব্যাপী, ২য় পর্ব ২৮ ফেব্রুয়ারি হতে ১১ মার্চ ২০২১ তারিখ পর্যন্ত ১০ (দশ) কর্মদিবসব্যাপী এবং **হোটেল রয়েল টিউলিপ, কক্সবাজার** এ ৩য় পর্ব ২১ মার্চ হতে  ১ এপ্রিল ২০২১ তারিখ পর্যন্ত এ প্রশিক্ষণগুলো অনুষ্ঠিত হয়।



১৯ নভেম্বর  ২০২১ তারিখে বিভিন্ন শুমারি ও জরিপের তথ্য-উপাত্ত বিশ্লেষণ ও প্রক্রিয়াকরণে বিবিএস এর কর্মকর্তাগণের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে STATA সফটওয়্যার এর ওপর প্রশিক্ষণের সমাপনী ও সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠানে সংক্ষিপ্ত উপস্থাপনা প্রদান করছেন 'এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট, বিবিএস এর প্রকল্প পরিচালক    জনাব মোঃ দিলদার হোসেন।



শুমারি ও জরিপের তথ্য-উপাত্ত বিশ্লেষণ ও প্রক্রিয়াকরণে বিবিএস এর কর্মকর্তাগণের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে STATA সফটওয়্যার এর ওপর প্রশিক্ষণ গ্রহণকারী কর্মকর্তাগণের মাঝে সার্টিফিকেট প্রদান করছেন জনাব মুহাম্মদ ইয়ামিন চৌধুরী, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।



১ এপ্রিল ২০২১ তারিখে শুমারি ও জরিপের তথ্য-উপাত্ত বিশ্লেষণ ও প্রক্রিয়াকরণে বিবিএস এর কর্মকর্তাগণের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে **হোটেল রয়েল টিউলিপ, কক্সবাজার** এ STATA সফটওয়্যার এর ওপর আবাসিক প্রশিক্ষণের সমাপনী ও সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনাব মোহাম্মদ তাজুল ইসলাম, মহাপরিচালক, বিবিএস এবং জনাব মোঃ দিলদার হোসেন, প্রকল্প পরিচালক, 'এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট, বিবিএস।

❍ এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট' এর আওতায় নিয়োগকৃত আন্তর্জাতিক পরামর্শক প্রতিষ্ঠান DevStat কর্তৃক প্রণীত মোট ১০টি ডেলিভারেবল এর ওপর বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র সদর দপ্তরে ৩টি ভ্যালিডেশন কর্মশালা অনুষ্ঠিত হয়। ১ম ওয়ার্কশপটি ২৫ নভেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত হয় যেখানে 'Training Policy' 'Training Plan' এবং 'Baseline Review of the Core Statistics' সংক্রান্ত ০৩ টি ডেলিভারেবল ভ্যালিডেট করা হয়; ৩১ মার্চ ২০২১ তারিখে অনুষ্ঠিত ২য় ভ্যালিডেশন ওয়ার্কশপের মাধ্যমে 'Training Inventory', 'Report on the Use of Administrative Data for Official Statistics' এবং 'Report on Existing Memoranda of Understanding with Suggestions for Improvement' সংক্রান্ত তিনটি ডেলিভারেবল ভ্যালিডেট করা হয় এবং ১৭ জুন ২০২১ তারিখে 'Training Materials, Report on Functional Review of BBS', 'Advance Release Calendar' এবং 'Prtotocol for Advance Release Calendar' এর ওপর ভ্যালিডেশন কর্মশালা অনুষ্ঠিত হয়। বিবিএস এর মহাপরিচালক জনাব মোহাম্মদ তাজুল ইসলাম এর সভাপতিত্বে প্রত্যেকটি কর্মশালায় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব জনাব মুহাম্মদ ইয়ামিন চৌধুরী প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়াও ভ্যালিডেশন ওয়ার্কশপগুলোতে অংশীজন হিসেবে বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থা এবং স্বনামধন্য প্রশিক্ষণ একাডেমীর প্রতিনিধিগণ উপস্থিত থেকে ডেলিভারেবল বিষয়ে মতামত ও পরামর্শ প্রদান করেন যা পরবর্তীতে ডেলিভারেবলগুলোতে সন্নিবেশন করা হয়।



১৭ জুন ২০২১ তারিখে আন্তর্জাতিক পরামর্শক প্রতিষ্ঠান DevStat কর্তৃক প্রদত্ত Deliverables Validation Workshop এর উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন জনাব মুহাম্মদ ইয়ামিন চৌধুরী, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। মঞ্চে উপবিষ্ট ছিলেন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র মহাপরিচালক জনাব মোহাম্মদ তাজুল ইসলাম।

❍ 'এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট' এর Twinning Partner আন্তর্জাতিক পরামর্শক প্রতিষ্ঠান DevStat, Spain কর্তৃক শুমারি ও জরিপের তথ্য-উপাত্ত বিশ্লেষণ ও প্রক্রিয়াকরণে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) কর্মকর্তাগণের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে R সফটওয়্যারের ওপর ১০ দিনব্যাপী (০৫ সেপ্টেম্বর ২০২১ হতে ১৪ সেপ্টেম্বর ২০২১) ২০ (বিশ) জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

❍ 'এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট' এর আওতায় 'Quantum Index of Industrial Production (QIIP) ও Producer Price Index (PPI) এর ওপর বিবিএস সদর দপ্তর ও মাঠ পর্যায়ে ২০ সেপ্টেম্বর ২০২১ হতে ২২ সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত ০৩ (তিন) দিনব্যাপী ৬৮ জন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তাছাড়াও 'এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্টএর আওতায় Price Statistics সংক্রান্ত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ১৩ জন কর্মকর্তাকে ২৩-২৪ অক্টোবর ২০২১ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।




২০ সেপ্টেম্বর ২০২১ তারিখে Quantum Index of Industrial Production (QIIP) ও Producer Price Index (PPI) বিষয়ক প্রশিক্ষন এর উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন জনাব মোহাম্মদ তাজুল ইসলাম, মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। মঞ্চে উপবিষ্ট ছিলেন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব জনাব মুহাম্মদ ইয়ামিন চৌধুরী।

❍ 'এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট' এর আওতায় ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং এর চাহিদার ভিত্তিতে 'Fundamentals of Labour Statistics and QLFS Questionnaire' এর ওপর বিবিএস সদরদপ্তরের ১১ জন কর্মকর্তাকে নিয়ে ২৪ ও ২৫ নভেম্বর ২০২১ একটি প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।




২৫ নভেম্বর ২০২১ তারিখে 'Fundamentals of Labour Statistics and QLFS Questionnaire' বিষয়ক প্রশিক্ষণ কর্মশালার সমাপনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন জনাব মোঃ দিলদার হোসেন, প্রকল্প পরিচালক, 'এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট' বিবিএস। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র মহাপরিচালক জনাব মোহাম্মদ তাজুল ইসলাম।

❍ 'এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট' এর Twinning Partner (devstat-IOE-ibf) কর্তৃক বিবিএস এর কর্মকর্তাগণের Sampling বিষয়ক দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে 'Sampling Techniques and Practice' এর ওপর দুই দফায় মাঠ পর্যায় ও সদর দপ্তরের মোট ৭০ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়। ১ম পর্ব ০৪ অক্টোবর হতে ১৪ অক্টোবর ২০২১ তারিখ পর্যন্ত ১০ (দশ) কর্মদিবসব্যাপী পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া-তে এবং ২য় পর্ব বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সদর দপ্তরে ২৭ ডিসেম্বর ২০২১ হতে ৬ জানুয়ারি ২০২২ তারিখ পর্যন্ত ১০ (দশ) কর্মদিবসব্যাপী অনুষ্ঠিত হয়।



Sampling বিষয়ক দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে 'Sampling Techniques and Practice' এর ওপর প্রশিক্ষণ গ্রহণকারী কর্মকর্তাগণের মাঝে সার্টিফিকেট প্রদান করছেন ড. শাহনাজ আরেফিন, এনডিসি, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র মহাপরিচালক জনাব মোহাম্মদ তাজুল ইসলাম।

- 'এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট' এর International Twinning Partner (devstat-IOE-ibf) এর Experts Team ও সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ১৯ সেপ্টেম্বর ২০২১ সচিব মহোদয়ের কনফারেন্স রুমে একটি মত বিনিময় সভা করেন এবং একই দিনে Experts Team বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র মহাপরিচালক এর সাথে ও একটি মতবিনিময় সভা করেন।
- 'এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট' থেকে 'Household Income and Expenditure Survey (HIES) 2020-2021 এর ৮৪ জন তথ্যসংগ্রহকারীকে ২০ (বিশ) দিনব্যাপী নিবিড় আবাসিক প্রশিক্ষণে আর্থিক ও কারিগরি সহযোগিতা প্রদান করা হয়েছে। প্রশিক্ষণটি গত ০৪ ডিসেম্বর ২০২১ হতে ২৩ ডিসেম্বর ২০২২ পর্যন্ত গাজীপুরের রাজেন্দ্রপুরের BRAC-CDM এ অনুষ্ঠিত হয়। এছাড়াও উক্ত জরিপের ৭২ জন বিভাগীয় ও জেলা সমন্বয়কারী এবং সুপারভাইজারকে BRAC-CDM রাজেন্দ্রপুরে গত ২৭-২৯ ডিসেম্বর পর্যন্ত তিনদিনব্যাপী আবাসিক প্রশিক্ষণ প্রদান করা হয়।

## ❋ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর আওতাধীন সেল সমূহের বিবরন:

### ১. এসডিজি সেল:

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)-এর এসডিজি সেল জাতিসংঘ কর্তৃক গৃহীত টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে মানসম্পন্ন ডাটা নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন থাকে। এসডিজি সেল, বিবিএস টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) বাস্তবায়নের অংশ হিসেবে এটুআই-এর তথ্য-প্রযুক্তিগত সহায়তায় এসডিজি ট্র্যাকার ব্যবস্থাপনা করে থাকে। তাছাড়া বিবিএস বিভিন্ন মন্ত্রণালয়/সংস্থা/বিভাগের এসডিজি সংশ্লিষ্ট মনোনীত ডাটা অনুমোদনকারী ও ডাটা প্রদানকারী কর্মকর্তাদের নিয়মিত প্রশিক্ষণ প্রদান ও কর্মশালা আয়োজন করে থাকে। পাশাপাশি, এসডিজি সেল বিভিন্ন মন্ত্রণালয়/সংস্থা/বিভাগের এসডিজি সংশ্লিষ্ট কারিগরি সহযোগিতা প্রদান এবং এসডিজি স্থানীয়করণ বিষয়ে কাজ করে থাকে।

**এসডিজি সেল, বিবিএস-এর ০১ জানুয়ারি ২০২১ হতে ৩১ ডিসেম্বর ২০২১ সালের উল্লেখযোগ্য কার্যক্রম:**

- এসডিজি সূচক সংশ্লিষ্ট তথ্য-উপাত্ত প্রস্তুতকারী মন্ত্রণালয়/বিভাগসহ এর অধীনস্ত অধিদপ্তর/দপ্তর/সংস্থা এবং বিবিএস-এর উইং/প্রকল্পসমূহ হতে SDG সংক্রান্ত তথ্য-উপাত্ত সংগ্রহ, প্রক্রিয়াকরণ, বিশ্লেষণ, সংকলন, প্রকাশসহ সত্যকরণ ও সমন্বয়ের নিমিত্ত গঠিত 'এসডিজি বিষয়ক টেকনিক্যাল ওয়ার্কিং কমিটি'র ০১ জানুয়ারি ২০২১ হতে ৩১ ডিসেম্বর ২০২১ পর্যন্ত সময়ে মোট ৫টি সভার মাধ্যমে সর্বমোট ৪৪টি সিরিজের ডাটা সত্যকরণ করা হয়েছে।
- United Nations Statistics Division (UNSD)'র UNSD-FCDO প্রকল্পের আওতায় গত ৩-৬ মে ২০২১ 'এসডিজি ডাটা মডেলিং' বিষয়ক একটি অনলাইন প্রশিক্ষণ আয়োজন করা হয়। এতে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থায় ডাটা ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।
- এসডিজি সেল, বিবিএস কর্তৃক UNICEF, বাংলাদেশ-এর আর্থিক সহযোগিতায় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বিবিএস-এর ৫০ জন কর্মকর্তার সমন্বয়ে গত ০৫-০৬ সেপ্টেম্বর, ২০২১ National Quality Assurance Framework (NQAF)-এর প্রস্তুতকৃত খসড়ার ওপর একটি Validation Workshop-এর আয়োজন করা হয়।
- এসডিজি সেল কর্তৃক UNSD-এর কারিগরি সহায়তায় বিবিএসসহ বিভিন্ন সংস্থা/প্রতিষ্ঠানের ২৮জন কর্মকর্তার সমন্বয়ে গত ০৯-১৩ অক্টোবর ২০২১ 'Data Modelling for Big Data' শীর্ষক একটি প্রশিক্ষণ কর্মশালা ব্র্যাক সিডিএম, রাজেন্দ্রপুর, গাজীপুর-এ আয়োজন করা হয়।



গত ০৩-০৬ মে ২০২১ তারিখে জাতিসংঘের পরিসংখ্যান বিভাগ (UNSD)'র কারিগরি সহযোগিতায় এসডিজি সেল, বিবিএস কর্তৃক আয়োজিত 'এসডিজি ডাটা মডেলিং' শীর্ষক ৩ দিনব্যাপী কর্মশালার একাংশ।



গত ১৬-১৭ জুন ২০২১ তারিখে জাতিসংঘের পরিসংখ্যান বিভাগ (UNSD)'র কারিগরি সহযোগিতায় এসডিজি সেল, বিবিএস কর্তৃক আয়োজিত 'এসডিজি অ্যান্ড স্ট্যাটিসটিক্যাল ডাটা অ্যান্ড মেটাডাটা একচেঞ্জ' শীর্ষক ২ দিনব্যাপী কর্মশালা উদ্বোধন করেন মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সমন্বয়ক (এসডিজি) মিজ জুয়েনা আজিজ।




উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মানিত সচিব জনাব মুহাম্মদ ইয়ামিন চৌধুরী। অনুষ্ঠানটি সভাপতিত্ব করেন বিবিএস-এর সম্মানিত মহাপরিচালক জনাব মোহাম্মদ তাজুল ইসলাম।



কর্মশালায় গ্রুপ ওয়ার্করত অংশগ্রহণকারীদের একাংশ।



অনুষ্ঠানটি সভাপতিত্ব করেন বিবিএস-এর সম্মানিত মহাপরিচালক জনাব মোহাম্মদ তাজুল ইসলাম। উক্ত অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মিস্ পুত্রা ভট্টাচার্য, স্ট্র্যাটেজিক প্ল্যানার এবং আরসিও টিম লিডার, ইউএন রেসিডেন্ট কোঅর্ডিনেটর অফিস, বাংলাদেশ।

১ম পর্বের ধারাবাহিকতায় গত ০৭-১০ ডিসেম্বর ২০২১ 'Data Modelling for Big Data-Piloting of Poverty Estimation (২য় পর্যায়)' শীর্ষক একটি কর্মশালা সারাহ্ রিসোর্ট, গাজীপুর-এ আয়োজন করা হয়।



গত ০৭-১০ ডিসেম্বর ২০২১ তারিখে ০৪ দিনব্যাপী কর্মশালার সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সমন্বয়ক (এসডিজি) মিজ জুয়েনা আজিজ। উক্ত কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মানিত সচিব ড. শাহনাজ আরেফিন, এনডিসি অনুষ্ঠানটি সভাপতিত্ব করেন বিবিএস-এর সম্মানিত মহাপরিচালক জনাব মোহাম্মদ তাজুল ইসলাম।

- ২৫ অক্টোবর ২০২১ তারিখে বরিশালে বিভাগীয় পর্যায়ে 'SDG Data Literacy' বিষয়ে বিবিএসসহ স্থানীয় পর্যায়ের বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানের ৮৫ জন কর্মকর্তার সমন্বয়ে দিনব্যাপী একটি কর্মশালা অনুষ্ঠিত হয়।




উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিবিএস-এর সম্মানিত মহাপরিচালক জনাব মোহাম্মদ তাজুল ইসলাম, সভাপতিত্ব করেন সম্মানিত জেলা প্রশাসক, বরিশাল।

- এসডিজি সেল কর্তৃক UNSD-এর কারিগরি সহায়তায় SDG Tracker-এ বিভিন্ন মন্ত্রণালয়/সংস্থা/বিভাগের উপাত্ত প্রদানকারী ও অনুমোদনকারী সর্বমোট ১২২ জন কর্মকর্তাকে গত ২১/১২/২০২১ খ্রি. তারিখ 'SDG Tracker and Official Statistics' বিষয়ে বিবিএস অডিটোরিয়ামে প্রশিক্ষণ প্রদান করা হয়। তাছাড়া, গত ২২/১২/২০২১ খ্রি. তারিখ SDG Tracker-এ উপাত্ত প্রদানকারী ও অনুমোদনকারী সর্বমোট ১১৯ জন কর্মকর্তার সমন্বয়ে 'SDG Data Calendar Updating' বিষয়ে এবং গত ২৩-২৪ নভেম্বর ২০২১ মোট ৮২ জন কর্মকর্তার সমন্বয়ে 'SDMX Metadata Template' বিষয়ে বিবিএস অডিটোরিয়ামে পরামর্শ কর্মশালা আয়োজন করা হয়।




গত ২১-২৪ ডিসেম্বর ২০২১ তারিখে জাতিসংঘের ০৪ দিনব্যাপী কর্মশালার উদ্বোধন করেন মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সমন্বয়ক (এসডিজি) মিজ জুয়েনা আজিজ। উক্ত কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মানিত সচিব ড. শাহনাজ আরেফিন, এনডিসি অনুষ্ঠানটি সভাপতিত্ব করেন বিবিএস-এর সম্মানিত মহাপরিচালক জনাব মোহাম্মদ তাজুল ইসলাম।



গত ২২/১২/২০২১ খ্রি. তারিখ 'SDG Data Calendar Updating' বিষয়ক কর্মশালায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করছেন পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ড. শামসুল আলম।

## ২. প্ল্যানিং এন্ড ডেভেলপমেন্ট সেল:

### প্লানিং সেলের কর্মপরিধি :

- প্রাপ্ত উন্নয়ন প্রকল্প প্রক্রিয়াকরণ কার্যক্রম তদারকি;
- বিভিন্ন উইং কর্তৃক দাখিলকৃত প্রকল্প দলিলের যথার্থতা/সঠিকতা যাচাই;
- পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা কমিশন, আইএমইডি ও ইআরডি এর সাথে যোগাযোগ রক্ষা ও সমন্বয় সাধন;
- প্রকল্পের মাসিক, ত্রৈমাসিক, ষান্মাসিক ও বাৎসরিক, আইএমইডি সংক্রান্ত প্রতিবেদন ও অন্যান্য প্রতিবেদন প্রণয়ন ও বিভাগে প্রেরণ;

- ❖ উন্নয়ন প্রকল্প/কর্মসূচিসমূহের অগ্রগতি সংক্রান্ত কার্যক্রম পরিবীক্ষণ করা এবং প্রয়োজনীয় সুপারিশসহ প্রতিবেদন যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণ;
- ❖ বিবিএস এর প্রকল্প/কর্মসূচি সংক্রান্ত সভাসমূহে (মাসিক পর্যালোচনা সভা, স্টিয়ারিং কমিটির সভা, পিইসি সভা, পিআইসি সভা, ডিপিইসি/ডিএসপিইসি সভা) অংশগ্রহণ এবং প্রয়োজনীয় মতামত প্রদান;
- ❖ চলমান প্রকল্পসমূহের অন্তর্বর্তীকালীন (Midterm) মূল্যায়নের ব্যবস্থা গ্রহণ ও মূল্যায়ন রিপোর্ট কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগকে অবহিতকরণ ;
- ❖ মাঠ পর্যায়ে বিভিন্ন স্তরের অফিসসমূহ পরিদর্শনপূর্বক চলমান প্রকল্প/কার্যক্রমের উপর প্রতিবেদন প্রেরণ এবং
- ❖ পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত অন্যান্য কার্যক্রম পরিচালনা করা।

## ৩. পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান (ইসিডিএস) সেল:

জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক চাহিদার কথা বিবেচনা করে পরিবেশ, জলবায়ু পরিবর্তন এবং দুর্যোগ বিষয়ে পঞ্চবার্ষিক পরিকল্পনা, প্রেক্ষিত পরিকল্পনা, রূপকল্প ২০২১ ও ২০৪১, ব-দ্বীপ পরিকল্পনা ২১০০ প্রভৃতির জন্য তথ্য উপাত্তের ভিত্তি মজবুতকরণ, জাতিসংঘ কর্তৃক প্রস্তুতকৃত বৈশ্বিক নীতিমালা হিসেবে Sustainable Development Goals (SDGs) এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ইন্ডিকেটর চিহ্নিতকরণ, Sendai Framework for Disaster Risk Reduction (SFDRR), The Paris Agreement, Bangladesh Climate Change Strategy and Action Plan (BCCSAP) প্রভৃতির জন্য উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়নকল্পে পরিবেশ সংক্রান্ত পরিসংখ্যান সংগ্রহ, প্রক্রিয়াকরণ, সংকলন, বিশ্লেষণ ও প্রকাশের গুরুত্ব উত্তরোত্তর বৃদ্ধি পাওয়ায় "পরিবেশ, জলবায়ু পরিবর্তন এবং দুর্যোগ পরিসংখ্যান (ইসিডিএস) সেলের আওতায় পরিসংখ্যান উন্নয়নে জাতীয় কৌশলপত্রে (NSDS) ০৪ টি গোলের আওতায় ১৩টি উন্নয়নমূলক ইন্ডিকেটর, পঞ্চবার্ষিক পরিকল্পনার অগ্রাধিকারমূলক সংশ্লিষ্ট পারফরম্যান্স ইন্ডিকেটর, সেন্দাই ফ্রেমওয়ার্ক ফর ডিজাস্টার রিস্ক রিডাকসন (SFDRR) এর ০৪টি অগ্রাধিকারমূলক পরিকল্পনার (Priorities for Action) ০৭ টি টার্গেট, টেকসই উন্নয়ন অভীষ্ট (SDGs) এর ক্রস কাটিং ইস্যু হিসেবে ৯৩টি ইন্ডিকেটরস্ প্রভৃতি অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়ন করার দায়বদ্ধতা রয়েছে।

**ক. কর্মপরিধি:**

- ➢ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ পরিদপ্তর/ সংস্থার সাথে এ সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় যোগাযোগ ও সমন্বয়পূর্বক দলিল দস্তাবেজ এবং তথ্য-উপাত্ত সংগ্রহ, সংকলন, প্রক্রিয়াকরণ ও প্রকাশে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;
- ➢ পরিকল্পনা কমিশন, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, পরিবেশ অধিদপ্তর, বন অধিদপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইন্সটিটিউট, জরিপ অধিদপ্তর, আবহাওয়া অধিদপ্তর, স্পারসো প্রভৃতির সাথে যোগাযোগ ও সমন্বয়পূর্বক এ সংক্রান্ত তথ্য-উপাত্ত সংগ্রহ, সংকলন, প্রকাশ ও সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করা;
- ➢ আন্তর্জাতিক/ আঞ্চলিক উন্নয়ন সহযোগী সংস্থা, বেসরকারী সংস্থা (এনজিও), বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট গবেষক, পরিবেশবিদ প্রভৃতির সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় সমন্বয় ও সংশ্লিষ্ট বিষয়ে পরামর্শ গ্রহণ করা;
- ➢ পরিবেশ, জলবায়ু পরিবর্তন এবং দুর্যোগ বিষয়ক পরিসংখ্যান প্রণয়ন নিয়ে উন্নয়ন সহযোগী সংস্থাসহ অংশিজনদের (Stakeholder) সমন্বয়ে সুবিধাজনক সময়ে কর্মশালা/ সেমিনার/ সভা প্রভৃতির আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা; এবং
- ➢ জাতীয়/ আঞ্চলিক/ আন্তর্জাতিক দলিল দস্তাবেজের উপর ভিত্তি করে যথাযথ কর্তৃপক্ষের সঙ্গে আলোচনাপূর্বক উন্নয়ন সহযোগী সংস্থা ও অংশিজনদের সাথে পরামর্শক্রমে এ সংক্রান্ত পরিসংখ্যানের ভিত্তি-উপাত্ত স্থির করাসহ প্রকল্প দলিল প্রস্তুতপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং বাস্তবায়ন করা।

খ.   কার্যক্রমসমূহ:

## ■ পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান (ইসিডিএস) সেল এর আওতাধীন চলমান কার্যক্রম:

### Sex, Age and Disability Disaggregated Data (SADDD) for Disaster Risk Reduction and Climate Change Adaptation কার্যক্রম:

অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা, প্রেক্ষিত পরিকল্পনা, টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি), সেন্দাই ফ্রেমওয়ার্ক ফর ডিজাস্টার রিস্ক রিডাকসন (এসএফডিআরআর), প্যারিস অ্যাগ্রিমেন্ট প্রভৃতির আলোকে দুর্যোগ ঝুঁকি প্রশমন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক যথাক্রমে ক) ন্যাশনাল রেজিলিয়েন্ট প্রোগ্রাম (NRP) এবং খ) এমপাওয়ার এ রিজিওনাল ক্লাইমেট চেঞ্জ নামক দুটি প্রকল্প বাংলাদেশ সরকারের আন্ত:মন্ত্রণালয় ও আন্ত:সংস্থা কর্তৃক বাস্তবায়ন করা হচ্ছে। সরকারের বাস্তবায়নাধীন প্রকল্প দুটিতে দুর্যোগ ঝুঁকি প্রশমন ও জলবায়ু পরিবর্তন জনিত প্রভাব মোকাবেলায় অত্যন্ত গুরুত্বপূর্ণ Sex, Age and Disability Disaggregated Data (SADDD) বিষয়গুলো নিয়ে কাজ করার লক্ষ্যকে সামনে রেখে বিবিএস এবং UN Women এর মধ্যে গত ০৩ সেপ্টেম্বর ২০১৯ খ্রি. তারিখে Letter of Agreement (LoA) স্বাক্ষরিত হয়। উল্লেখ্য যে, কভিড ১৯ জনিত উদ্ভুত পরিস্থিতির কারণে সার্বিক কার্যক্রম পিছিয়ে যাওয়ায় টেকনিক্যাল কমিটির সিদ্ধান্ত মোতাবেক গত ২১ অক্টোবর ২০২০ খ্রি. তারিখে Letter of Agreement (LoA) সংশোধনপূর্বক ডিসেম্বর ২০২২ খ্রি. পর্যন্ত বর্ধিত করা হয়। উক্ত LoA মোতাবেক ২০১৯-২০২২ সময়কালে পাইলট প্রোগ্রামের আওতায় নিম্নোক্ত ০৩ (তিন) টি প্রধান কার্যক্রম বাস্তবায়ন করা হবে:

ক) পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ বিষয়ক পরিসংখ্যানে জেন্ডার ও সামাজিক অন্তর্ভুক্তি: তথ্য-উপাত্ত প্রস্তুতকারী ও ব্যবহারকারীদের জন্য পদ্ধতিগত নির্দেশনা ও নিয়ম-কানুন শীর্ষক প্রকাশনা প্রস্তুত করা;

খ) আন্ত:মন্ত্রণালয়/আন্ত:সংস্থার কর্মকর্তাদের সক্ষমতা ও দক্ষতা বৃদ্ধিকল্পে জেন্ডার রেসপনসিভ এসডিজি সংশ্লিষ্ট পরিবেশগত বিষয়সমূহ বাস্তবতার প্রেক্ষিতে অনুধাবন করার জন্য প্রশিক্ষণ প্রদান; এবং

গ) মাঠ পর্যায় হতে ডিজিটাল পদ্ধতিতে নির্ধারিত দুর্যোগ প্রবণ উপজেলা হতে মানসম্মত ও গ্রহণযোগ্য নমুনায়ন পদ্ধতি অনুসরণপূর্বক Sex, Age and Disability Disaggregated Data (SADDD) সংগ্রহপূর্বক প্রক্রিয়াকরণ, বিশ্লেষণসহ পাইলট প্রতিবেদন প্রস্তুত ও প্রকাশ করা।




২৭ সেপ্টেম্বর ২০২১ খ্রি. তারিখে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) 'পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান শক্তিশালীকরন (ইসিডিএস) প্রকল্প এবং UN Women কর্তৃক যৌথভাবে Capacity Building for Generating Gender Responsive Environmental Data in focusing to SDGs শীর্ষক ০৩ (তিন) দিনব্যাপি প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠান বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র (BICC), শের-ই-বাংলা নগর, ঢাকায়

আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে জনাব এম. এ. মান্নান এমপি, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় উপস্থিত থেকে ০৩ দিনব্যাপি প্রশিক্ষণ কর্মশালার শুভ উদ্বোধন ঘোষণা করেন। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে জনাব মো: আতিকুল হক, মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও জনাব রাম চন্দ্র দাস, মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর এবং সম্মানিত অতিথি হিসেবে মিসেস গীতাঞ্জলি সিংহ, প্রতিনিধি UN Women উপস্থিত ছিলেন। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মুহাম্মদ ইয়ামিন চৌধুরী, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। এসময় অতিরিক্ত সচিবগণ, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সংশ্লিষ্ট ৪৫টি মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা থেকে মনোনীত ৬৫ জন কর্মকর্তা, এসআইডি ও বিবিএস সদরদপ্তরের কর্মকর্তাবৃন্দ এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন। বিবিএস কর্তৃক আন্ত:মন্ত্রণালয়/আন্ত:সংস্থার কর্মকর্তাদের সক্ষমতা ও দক্ষতা বৃদ্ধিকল্পে জেন্ডার রেসপনসিভ এসডিজি সংশ্লিষ্ট পরিবেশগত বিষয়সমূহ বাস্তবতার প্রেক্ষিতে অনুধাবন করার জন্য এ প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়েছে। তাছাড়াও, এ প্রশিক্ষণ কর্মশালার মাধ্যমে অত্যন্ত গুরুত্বপূর্ণ 'পরিবেশ সংরক্ষণ, সম্পদ এবং বর্জ্য ব্যবস্থাপনা সম্পর্কিত ব্যয় নিরূপণ (প্রতিষ্ঠান) জরিপ ২০২১ এবং কঠিন বর্জ্য ব্যবস্থাপনা (সিটি কর্পোরেশন ও পৌরসভা) ২০২১ শীর্ষক জরিপের খসড়া প্রশ্নপত্র চূড়ান্ত করা হয়।




২৯ সেপ্টেম্বর ২০২১ খ্রি. তারিখে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) 'পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান শক্তিশালীকরণ (ইসিডিএস) প্রকল্প এবং UN Women কর্তৃক যৌথভাবে Capacity Building for Generating Gender Responsive Environmental Data in focusing to SDGs শীর্ষক ০৩ (তিন) দিনব্যাপি প্রশিক্ষণ কর্মশালার সমাপনী অনুষ্ঠান বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র (BICC), শের-ই-বাংলা নগর, ঢাকায় অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে **অধ্যাপক ড. শামসুল আলম**, মাননীয় প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে **জনাব মো: আশরাফ উদ্দিন**, মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর এবং সম্মানিত অতিথি হিসেবে মিস. দিলরুবা হায়দার, প্রতিনিধি UN Women উপস্থিত ছিলেন। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন **জনাব মুহাম্মদ ইয়ামিন চৌধুরী**, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। **জনাব মোহাম্মদ তাজুল ইসলাম,** মহাপরিচালক, বিবিএস উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।



গত ১৪ নভেম্বর ২০২১ খ্রি. তারিখে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন UN Women এর আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত Sex, Age and  Disability Disaggregated Data for Disaster Risk Reduction and Climate Change Adaptation এর আওতায় Capacity Building Training for Generating Gender Responsive Environmental Data in Focasing to Sustainable Development Goals (SDFs) শীর্ষক আন্তঃমন্ত্রণালয় ও আন্তঃসংস্থার কর্মকর্তাগণের প্রশিক্ষণ কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানটি **জনাব মোহাম্মদ তাজুল ইসলাম,** মহাপরিচালক, বিবিএস এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে **ড. শাহনাজ আরেফিন,** সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, বিশেষ

অতিথি হিসেবে **জনাব শেখ মোঃ কাবেদুল ইসলাম**, অতিরিক্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং গেস্ট অব অনার হিসেবে **মিজ দিলরুবা হায়দার**, প্রতিনিধি, UN Women বাংলাদেশ উপস্থিত ছিলেন।

**মাঠ পর্যায়ের কার্যক্রম:**



কক্সবাজার জেলার টেকনাফ উপজেলায় চলমান কম্পিউটার অ্যাসিসটেড পারসোনাল ইন্টারভিউয়িং (CAPI) পদ্ধতিতে পরিচালিত 'Pilot Survey on Sex, Age and Disabilty Disagregated Data (SADDD) for Disaster Risk Riduction (DRR) and Climate Change Adaptation (CCA)' শীর্ষক জরিপের মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ কার্যক্রম সরেজমিনে পরিদর্শন ও পরিবীক্ষণ করেন পরিকল্পনা মন্ত্রণালয়াধীন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মানিত সচিব জনাব মুহাম্মদ ইয়ামিন চৌধুরী। এসময় বিবিএসসহ স্থানীয় প্রশাসনের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



কুড়িগ্রাম জেলার চিলমারি উপজেলায় কম্পিউটার অ্যাসিসটেড পারসোনাল ইন্টারভিউয়িং (CAPI) পদ্ধতিতে পরিচালিত 'Pilot Survey on Sex, Age and Disability Disagregated Data (SADDD) for Disaster Risk Riduction (DRR) and Climate Change Adaptation (CCA)' শীর্ষক জরিপের মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ কার্যক্রম সরেজমিনে পরিদর্শন ও পরিবীক্ষণ করেন জনাব মোহাম্মদ তাজুল ইসলাম, মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব মোহাম্মদ মেসবাহুল আলম। এসময় বিবিএস সদরদপ্তরসহ স্থানীয় মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ ও তথ্যসংগ্রহকারীবৃন্দ উপস্থিত ছিলেন।




বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান (ইসিডিএস) সেল কর্তৃক বাস্তবায়নাধীন, UN Women এর আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত "Sex, Age and Disability Disaggregated Data for Disaster Risk Reduction and Climate Change Adaptation" শীর্ষক পাইলট জরিপের তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজারদের ০৩ (তিন) দিনব্যাপি প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ শওকত আলী সরকার বীরবিক্রম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চিলমারী, কুড়িগ্রাম। এসময় বিবিএস সদরদপ্তরসহ স্থানীয় মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ ও তথ্যসংগ্রহকারীবৃন্দ উপস্থিত ছিলেন।

**<u>ন্যাশনাল একাউন্টিং উইং এর আওতাধীন কার্যক্রম:</u>**

**কার্যক্রমের নাম: দারিদ্র্য পরিস্থিতি পরিমাপে র‍্যাপিড জরিপ (RSPA)-২০২১**

**পটভূমি:**

Covid-19 পরিস্থিতি সৃষ্টির কারণে এক বৈশ্বিক মহামারি সৃষ্টি হয়। তৎপ্রেক্ষিতে বাংলাদেশের দারিদ্রতা, কর্মস্থানের অবস্থা ও অর্থনৈতিক পরিস্থিতি জানার জন্য সরকার বিশেষ প্রয়োজন অনুভব করেন। সেই প্রেক্ষিতে সরকার কর্তৃক Rapid Survey: Poverty Assessment (RSPA)-2021 শীর্ষক জরিপটি পরিচালনার জন্য উদ্যোগ গ্রহণ করা হয়। বর্ণিত জরিপটি ০৮ (আট) টি মডিউল সম্বলিত প্রশ্নপত্রের মাধ্যমে ১১-১৫ সেপ্টেম্বর ২০২১ সময়ে সমগ্র দেশের ১০০৬ টি নমুনা এলাকা হতে তথ্য-উপাত্ত সংগ্রহ করা হয়।

**কার্যক্রমটির সংক্ষিপ্ত বিবরণী:**

| | | | |
|---|---|---|---|
| ১ | কার্যক্রমের নাম | : | "দারিদ্র্য পরিস্থিতি পরিমাপে র‍্যাপিড জরিপ (RSPA)-২০২১ [Rapid Survey: Poverty Assessment (RSPA)-2021]" |
| ২ | কার্যক্রমের মেয়াকাল | : | ২৫ জুলাই ২০২১ হতে ২৮ ফেব্রুয়ারি ২০২২ |
| ৩ | কার্যক্রমের প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | : | ২১০.০০ লক্ষ টাকা |
| ৪ | কার্যক্রমের অর্থায়ন | : | সম্পূর্ণ জিওবি অর্থায়নে পরিচালিত |
| ৫ | কার্যক্রমের এলাকা | : | দেশের সকল জেলা, সকল সিটি করপোরেশন |
| ৬ | বাস্তবায়নকারী সংস্থা | : | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) |

**কার্যক্রমটির উদ্দেশ্য ও লক্ষ্য:**

১) চলমান কোভিড-১৯ কালীন বাংলাদেশের দারিদ্র্য পরিস্থিতি (জাতীয়, পল্লী ও শহর) পরিমাপ করা;
২) চলমান কোভিড-১৯ কালীন বাংলাদেশের খানাসমূহের গড় আয় ও ব্যয় নিরূপণ করা; ও
৩) চলমান কোভিড-১৯ কালীন বাংলাদেশের মানুষের জীবন-জীবিকা পরিস্থিতি নিরূপণ করা।

**জরিপটির সম্পাদিত প্রধান প্রধান কার্যক্রমসমূহ:**

- RSPA-2021 জরিপ কাজটি সুচারুভাবে পরিচালনার নিমিত্ত MSVSB'র নমুনা এলাকা হতে ১০০৬ টি নমুনা এলাকা বিশিষ্ট একটি Sampling Frame প্রণয়ন করা;
- RSPA-2021 জরিপ পরিচালনার লক্ষ্যে MSVSB'র লিস্টিংকৃত খানা তালিকা হতে SRS পদ্ধতি বিবেচনায় নির্ধারিত প্রতিটি নমুনা এলাকা (PSU) হতে তথ্য-উপাত্ত সংগ্রহের জন্য 15 টি করে খানা ও রিজার্ভ ৫ টি খানা নির্বাচন করা;
- সমগ্র দেশে ১১-১৫ সেপ্টেম্বর ২০২১ মেয়াদে তথ্য-উপাত্ত সংগ্রহ কাজের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রতি নমুনা এলাকার জন্য একজন করে মোট ১০০৬ টি নমুনা এলাকার জন্য ১০০৬ জন Enumerator নিয়োগ ও তাদের CAPI পদ্ধতি অনুসরণপূর্বক প্রশিক্ষণ প্রদান করা;
- বর্ণিত কাজ সুপারভিশন/তদারকির নিমিত্ত ০৮ বিভাগের জন্য ০৮ জন বিভাগীয় সমন্বয়কারী ৬৪ টি জেলার জন্য ৬৮ জন জেলা সমন্বয়কারী/সুপারভাইজিং কর্মকর্তা ও ১৯৭ জন উপজেলা সমন্বয়কারী/সুপারভাইজার নিয়োগ ও তাদের CAPI পদ্ধতি অনুসরণপূর্বক প্রশিক্ষণ প্রদান করা;
- বর্ণিত জরিপ কার্যক্রমে তথ্য-উপাত্ত সংগ্রহের নিমিত্ত CAPI Application Software প্রস্তুত ও সার্ভারের সঙ্গে সংযোগ স্থাপন করা;
- CAPI সফটওয়ারের মাধ্যমে সার্ভারে আসা তথ্য-উপাত্ত অ্যানালাইসিস ও ট্যাবুলেশন প্লান প্রস্তুত করা।

**জরিপটির অবশিষ্ট কার্যক্রমসমূহ:**

- জরিপটি তথ্য-উপাত্ত অ্যানালাইসস ও ট্যাবুলেশন প্লান হতে ফলাফল প্রস্তুত করা;
- বর্ণিত ফলাফলটি যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনের পর রিপোর্ট রাইটিং করে Dissemination নিমিত্ত সভা আহ্বানের মাধ্যমে তা প্রকাশ করা;

**RSPA-2021 কার্যক্রমটি চলাকালীন কিছু স্থিরচিত্র:**



**মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের বাসায় RSPA-2021 জরিপের তথ্য-উপাত্ত সংগ্রহের সময়**



সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ মহোদয় কর্তৃক RSPA-2021 জরিপের পঞ্চগড় জেলায় তথ্য-উপাত্ত সংগ্রহ কাজ পরিদর্শনের সময়



সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ মহোদয় কর্তৃক RSPA-2021 জরিপের তথ্য-উপাত্ত সংগ্রহ কাজের পঞ্চগড় জেলায় শুভ উদ্বোধন

**কম্পিউটার উইং আওতায় সম্পাদিত কর্মসূচি:**

## BBS Survey, Data Service and Certificate Management শীর্ষক কার্যক্রম:

০১) ০৩ (তিন) টি সিস্টেম সফ্টওয়ার প্রস্তুতের লক্ষ্যে টেন্ডার কার্যক্রম সম্পন্ন হয়েছে।

০২) কৃতকার্য পরামর্শক প্রতিষ্ঠান এর সাথে ০৩/০৬/২০২১ খ্রি. তারিখে চুক্তি স্বাক্ষর হয়েছে।

০৩) চুক্তি মোতাবেক কোম্পানী কর্তৃক Inception Report দাখিল করেছে।

০৪) System Requirement Specification (SRS-1) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক চূড়ান্তকরণ করা হয়েছে।

০৫) মাঠ পর্যায় হতে তথ্য সংগ্রহের জন্য SRS-2 প্রণয়নের কাজ চলমান রয়েছে, এবং BBS এর Server Room এ Server স্থাপন করা হয়েছে।

০৬) SRS-1 অর্থাৎ Data Sale ও প্রত্যয়ন পত্র প্রদানের Software Development এর কাজ চলমান।

পরিশিষ্ট-১




পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের মাননীয় সচিব প্রকল্পের
প্রিজারভেশন ইউনিট পরিদর্শন করেন



পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের মাননীয় সচিব মহোদয় নির্বাচিত প্রতিষ্ঠান কর্তৃক প্রকল্পে সম্পাদিত কাজ পরিদর্শন



১৯৭৪ সাল হতে ১৯৯০ সাল পর্যন্ত বিবিএস এর সংগৃহিত ডাটা টেপসমূহ



টেপ বেকিং মাইক্রোওভেন




যশোর ডাটা প্রিজারভেশন সেন্টার



পরিসংখ্যান ভবনের সামনে *LED* ডিসপ্লে প্রদর্শন



মাইক্রোডাটা ও মেটাডাটা সম্পর্কিত স্থানীয় প্রশিক্ষণ



মুদ্রণে : প্রকাশনা শাখা
এফএ অ্যান্ড এমআইএস উইং
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭